



রাষ্ট্রীয়ান্ত প্রতিষ্ঠানসমূহের  
২০২১-২২ অর্থবছরের  
বাজেট-সংক্ষিপ্তসার

মনিটরিং সেল  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহের  
২০২১-২২ অর্থবছরের  
বাজেট-সংক্ষিপ্তসার

মনিটরিং সেল  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)



আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি  
মন্ত্রী  
অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



A H M Mustafa Kamal, FCA, MP  
Minister  
Ministry of Finance  
Government of the People's  
Republic of Bangladesh

## মুখবন্ধ

বৈশ্বিক অর্থনীতির সাথে সামঞ্জস্য রেখে যুগোপযোগী পরিকল্পনা গ্রহণের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে বাংলাদেশ বন্ধপরিকর। বর্তমান পেভামিক অবস্থাকে শক্তহাতে সামাল দিয়ে টেকসই এবং দ্রুত অর্থনৈতিক উন্নয়নে সরকারি ও বেসরকারি খাতের পাশাপাশি রাষ্ট্রায়ত্ত্ব খাতও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। জাতীয় উৎপাদন, রাজস্ব আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃজনে রাষ্ট্রীয় সংস্থাসমূহ কার্যকর ভূমিকা পালন করে যাচ্ছে। তাছাড়া, বিভিন্ন জনকল্যাণমূলক সরবরাহ ও সেবা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নে রাষ্ট্রায়ত্ত্ব খাত গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

এ প্রকাশনায় ৪৯ (উনপঞ্চাশ) টি অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানের ২০২১-২২ অর্থবছরের বাজেট প্রাক্কলনসহ ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট অন্তর্ভুক্ত করা হয়েছে। রাষ্ট্রায়ত্ত্ব খাতের এ সকল সংস্থাসমূহকে ১. শিল্প; ২. বিদ্যুৎ, গ্যাস ও পানি; ৩. পরিবহন ও যোগাযোগ; ৪. বাণিজ্য; ৫. কৃষি ও মৎস্য; ৬. নির্মাণ এবং ৭. সার্ভিস সেক্টর হিসাবে শ্রেণিবিন্যাস করা হয়েছে।

অর্থনৈতিক উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে বর্তমান সরকার বিদ্যুৎ ও জ্বালানি খাতের উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করেছে। দ্রুত শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে এবং বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে বিভিন্ন মেয়াদি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। দেশের দীর্ঘমেয়াদি জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে এবং ২০২১ সালের মধ্যে দেশের সকল নাগরিককে বিদ্যুৎ সুবিধার আওতায় আনার লক্ষ্যে সরকার বিদ্যুৎ ও জ্বালানি খাতের উন্নয়ন ও পুনর্গঠন কার্যক্রম অব্যাহত রেখেছে। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে ভাড়াভিত্তিক ও তরল জ্বালানি নির্ভর বিদ্যুৎ, নবায়নযোগ্য সৌর বিদ্যুৎ, কয়লাভিত্তিক বিদ্যুৎ ও পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া, ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা মেটাতে নতুন গ্যাসকূপ খনন এবং এলএনজি আমদানিসহ জ্বালানি উৎসের বহুমুখীকরণের উপরও বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

রাষ্ট্রায়ত্ত্ব খাতের উৎপাদন ও সেবার মান যুগোপযোগীকরণের পাশাপাশি সেবার পরিসর বৃদ্ধির লক্ষ্যে নানামুখী সংস্কার কর্মসূচি চালু এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণের মাধ্যমে বেসরকারি খাতকেও উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত করা হয়েছে। পদ্মা সেতু দৃশ্যমানসহ কর্ণফুলি টানেলের কার্যক্রম এগিয়ে চলছে। দেশের বিভিন্ন অঞ্চলে বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের মাধ্যমে রপ্তানি ও অভ্যন্তরীণ বাজার সম্প্রসারণসহ শিল্পায়নের গতিকে ত্বরান্বিত করার লক্ষ্যে মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

আমি আশা করি রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানের এ বাজেট জাতীয় অর্থনীতিতে অবদান রাখাসহ টেকসই অর্থনৈতিক উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হবে।

(আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি)  
মন্ত্রী  
অর্থ মন্ত্রণালয়



<b>৭. কৃষি ও মৎস্য সেক্টরের কর্পোরেশনসমূহ</b>							
৭.১.	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন ...	...	...	...	...	...	৩৯
৭.২.	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন	...	...	...	...	...	৪০
<b>৮. নির্মাণ সেক্টরের কর্পোরেশনসমূহ</b>							
৮.১.	রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ ...	...	...	...	...	...	৪২
৮.২.	চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ ...	...	...	...	...	...	৪৩
৮.৩.	খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ ...	...	...	...	...	...	৪৪
৮.৪.	রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ...	...	...	...	...	...	৪৫
৮.৫.	জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ ...	...	...	...	...	...	৪৬
৮.৬.	কক্স বাজার উন্নয়ন কর্তৃপক্ষ	...	...	...	...	...	৪৭
<b>৯. সার্ভিস সেক্টরের কর্পোরেশনসমূহ</b>							
৯.১.	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ...	...	...	...	...	...	৪৮
৯.২.	বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন	...	...	...	...	...	৪৯
৯.৩.	বাংলাদেশ পর্যটন কর্পোরেশন	...	...	...	...	...	৫০
৯.৪.	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ	...	...	...	...	...	৫১
৯.৫.	বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ ...	...	...	...	...	...	৫২
৯.৬.	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন	...	...	...	...	...	৫৩
৯.৭.	বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ	...	...	...	...	...	৫৪
৯.৮.	পল্লি বিদ্যুতায়ন বোর্ড	...	...	...	...	...	৫৫
৯.৯.	বাংলাদেশ চা বোর্ড	...	...	...	...	...	৫৭
৯.১০.	বাংলাদেশ তীত বোর্ড (বস্ত্র প্রক্রিয়াকরণ কেন্দ্র)	...	...	...	...	...	৫৮
৯.১১.	বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড	...	...	...	...	...	৫৯
৯.১২.	রপ্তানী উন্নয়ন ব্যুরো	...	...	...	...	...	৬০
৯.১৩.	বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ	...	...	...	...	...	৬১
৯.১৪.	বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন	...	...	...	...	...	৬২
৯.১৫.	বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন	...	...	...	...	...	৬৩
৯.১৬.	বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, রাজশাহী...	...	...	...	...	...	৬৪
৯.১৭.	বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন	...	...	...	...	...	৬৫
৯.১৮.	বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ	...	...	...	...	...	৬৬
৯.১৯.	বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)	...	...	...	...	...	৬৭
৯.২০.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার	...	...	...	...	...	৬৮

## রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের সম্মিলিত আর্থিক তথ্য-উপাত্ত

এ বাজেট প্রকাশনায় রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার অ-আর্থিক (Non financial) শ্রেণিভুক্ত মোট ৪৯ (উনপঞ্চাশ) টি রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ২০২১-২২ অর্থবছরের বাজেট প্রাক্কলনসহ ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত ৪৯ টি রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বাজেট বাংলাদেশ স্ট্যান্ডার্ড ইন্ডাস্ট্রিয়াল ক্লাসিফিকেশন (BSIC) অনুযায়ী নিম্নলিখিত ৭টি সেক্টরে বিভক্ত করা হয়েছে:

১. শিল্প সেক্টরে ৬ টি সংস্থা : বাংলাদেশ বস্ত্রশিল্প কর্পোরেশন, বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, বাংলাদেশ রসায়ন শিল্প কর্পোরেশন, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এবং বাংলাদেশ পাটকল কর্পোরেশন।
২. বিদ্যুৎ, গ্যাস ও পানি সেক্টরে ৬ টি সংস্থা : বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ, খুলনা পানি সরবারহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ, চট্টগ্রাম পানি সরবারহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ এবং রাজশাহী পানি সরবারহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ।
৩. পরিবহন ও যোগাযোগ সেক্টরে ৭ টি সংস্থা : বাংলাদেশ সমুদ্র পরিবহন কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৪. বাণিজ্য সেক্টরে ৩ টি সংস্থা : বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত) এবং বাংলাদেশ বাণিজ্য কর্পোরেশন।
৫. কৃষি ও মৎস্য সেক্টরে ২ টি সংস্থা : বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন এবং বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।
৬. নির্মাণ সেক্টরে ৬ টি সংস্থা : চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ এবং কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
৭. সার্ভিস ( সেবামূলক) সেক্টরে ১৯ টি সংস্থা : বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ- পরিবহন কর্তৃপক্ষ, পল্লি বিদ্যুতায়ন বোর্ড, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বাংলাদেশ তীত বোর্ড, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড , বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বাংলাদেশ চা বোর্ড, এনার্জি রেগুলেটরি কমিশন, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন, বাংলাদেশে অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার।

এ বাজেটে ৪৯ টি রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের আয়, ব্যয়, মূল্যসংযোগ, উৎপাদনে শ্রম, মূলধন ইত্যাদির অবদান, উৎপাদনশীলতা, সঞ্চয় ও বিনিয়োগ ইত্যাদির সম্মিলিত আর্থিক তথ্য-উপাত্ত তুলে ধরা হয়েছে।

## রাষ্ট্রীয়ত্ত প্রতিষ্ঠানসমূহের আয় ও ব্যয়

সারণি-১ এ ৪৯টি সংস্থার ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেট এবং ২০১৯-২০ অর্থবছরের সাময়িক হিসাবের ভিত্তিতে ২০১৯-২০ হতে ২০২১-২২ পর্যন্ত মোট পরিচালন রাজস্ব, মূল্যসংযোগ, শ্রমিক প্রতি মূল্যসংযোগ এবং প্রবৃদ্ধির হার দেখানো হয়েছে।

### সারণি-১

(কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০১৯-২০ হতে ২০২১-২২ বাৎসরিক প্রবৃদ্ধির হার	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. পরিচালন রাজস্ব	২০৮,০৭৬.৮২	১১.৭২	১৮২,৯৮৮.৪৯	১৬৬,৭২২.২০
২. ক্রীত পণ্য ও সেবা	১৮৯,৫৩৩.০৬	১৫.৩৩	১৬২,৮৬১.৭৩	১৪২,৪৮৭.১১
৩. উৎপাদন ব্যয় ভিত্তিক মূল্যসংযোগ	১৮,৫৪৩.৭৬	(১২.৫৩)	২০,১২৬.৭৬	২৪,২৩৫.০৯
৪. বেতন ও ভাতাদি	৭,৫৭৬.৮৩	৫.১৬	৯,০০৪.৩২	৬,৮৫১.৬৪
৫. অবচয়	১০,৯১৬.১২	(৩.৪০)	১০,৪২২.৩৮	১১,৬৯৬.৮৮
৬. পরিচালন উদ্বৃত্ত/লোকসান	৫০.৮১	(৯০.৫৫)	৭০০.০৫	৫,৬৮৬.৫৭
৭. উৎপাদনের উপাদান ভিত্তিক মূল্যসংযোগ	১৮,৫৪৩.৭৬	(১২.৫৩)	২০,১২৬.৭৬	২৪,২৩৫.০৯
৯. কর উত্তর নীট লাভ/ (লোকসান)	৮৮৬৪.২৫	(৯.০৩)	৮৪৯৯.৬	১০৭১০.৯৬

২০১৯-২০ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী মোট পরিচালন রাজস্ব ১৬৬,৭২২.২০ কোটি টাকা যা ২০২১-২২ প্রাক্কলিত বাজেটে বৃদ্ধি পেয়ে ২০৮,০৭৬.৮২ কোটি টাকায় দাঁড়াবে। বার্ষিক প্রবৃদ্ধির হার (exponential growth rate) ১১.৭২ শতাংশ। উপরোক্ত সময়ে ক্রীত পণ্য ও সেবার মূল্য ১৫.৩৩ শতাংশ বৃদ্ধি পাবে। কর্পোরেশনসমূহের মূল্যসংযোগ ২০১৯-২০ অর্থবছরে ২৪,২৩৫.০৯ কোটি টাকা ছিল যা হ্রাস পেয়ে ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে ২০,১২৬.৭৬ কোটি টাকা এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ১৮,৫৪৩.৭৬ কোটি টাকা দাঁড়াবে বলে অভিক্ষেপণ করা হয়েছে। মূল্যসংযোগ হ্রাসের হার ১২.৫৩ শতাংশ।

সারণি-১ হতে দেখা যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থবছরের তুলনায় ২০২০-২১ সংশোধিত এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরের বাজেটে বেতন-ভাতাদির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ২০১৯-২০ অর্থবছরে পরিচালন মুনাফা ছিল ৫,৬৮৬.৫৭ কোটি টাকা। ২০২০-২১ সংশোধিত বাজেট এবং ২০২১-২২ প্রাক্কলিত বাজেট পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ৭০০.০৫ কোটি টাকা এবং ৫০.৮১ কোটি টাকা।

২০১৯-২০ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী নীট মুনাফার পরিমাণ প্রায় ১০৭১১.৭৭ কোটি টাকা। তন্মধ্যে ৩৭টি প্রতিষ্ঠান লাভজনকভাবে পরিচালিত হচ্ছে এবং ১২ টি প্রতিষ্ঠান লোকসানের সন্মুখীন হয়েছে। ১২টি প্রতিষ্ঠানের মোট লোকসানের পরিমাণ প্রায় ৩১৪০.৩২ কোটি টাকা। তন্মধ্যে বিদ্যুৎ খাতের লোকসান ৯৩১০ কোটি যা ১০টি প্রতিষ্ঠানের মোট লোকসানের প্রায় ৮১%।

২০১৯-২০ অর্থবছরে ৪৯টি সংস্থায় কর্মরত জনবল ছিল ১,৫৫,৬১৫ জন। ২০২০-২১ সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ প্রাক্কলিত বাজেটে জনবল দাঁড়াবে যথাক্রমে ১,৫৩,০০৬ জনে এবং ১,২৮,৭৪৬ জনে। ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে মোট উৎপাদিত পণ্যে শ্রমের অংশ (বেতন ও ভাতাদি) ২০১৯-২০ অর্থবছরের তুলনায় বাড়বে। জনবল প্রতি গড় বেতন ও ভাতাদি ২০১৯-২০ অর্থবছরের ৪,৪০,২৯৪.৩২ টাকা হতে ২০২১-২২ প্রাক্কলিত বাজেটে ৫,৮৮,৫০৯.৯৩ টাকায় দাঁড়াবে। উপরোক্ত সময়ে কর্মচারীর সংখ্যা প্রায় ১.০৪% হ্রাস পাবে। উল্লেখ্য ২০২০-২১ সংশোধিত বাজেটে জনবল প্রতি গড় বার্ষিক বেতন ও ভাতাদি ৫,৮৮,৪৯৪.৫৭ টাকায় দাঁড়াবে।

সারণি-২ এ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ হতে ২০২১-২২ পর্যন্ত সেক্টর ভিত্তিক মূল্যসংযোগের প্রবৃদ্ধির হার এবং মোট জাতীয় উৎপাদনের অংশ দেখানো হয়েছে।

সারণি-২

(কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০১৯-২০ হতে ২০২১-২২ বাৎসরিক প্রবৃদ্ধির হার	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ অর্থবছরের দেশজ উৎপাদন	২০১৯-২০ সাময়িক
১. শিল্প	১,০৯১.৫৯	২৫.২০	৬১৬.৮৮	৫,২৫,২৬৯	৬৯৬.৩৭
২. বিদ্যুৎ, গ্যাস এবং পানি	১,৫১৩.৮৬	(৩১.২৪)	(২,৮৬১.৩২)	৩৪,৩১৮	৩৯৯.৭৯
৩. পরিবহন ও যোগাযোগ	২,৭১৪.২৮	(১.৬৪)	২,৪৮০.৭২	২,৪৮,৭৬৮	২,৮০৫.৭৫
৪. বাণিজ্য	৫৪.৭৭	(৬৩.৬৮)	৫,৯৮৮.১৩	৩৬,০২৮	৬,১৫৪.৫২
৫. কৃষি	২৮৪.৪৮	৭.১৯	২৬০.৯১	২,৬৫,১৮২	২৪৭.৬১
৬. নির্মাণ	৯০১.৯৩	৫২.৯৪	৪৯৮.৭৪	২২,৪১৬	৩৮৫.৫৮
৭. সার্ভিস সেক্টর	১১৯৮২.৮৩	(৫.৯৪)	১৩,১৪২.৭০	১৮,৮৮,৩৯৭	১৩,৫৪৫.৪৭
৮. মোট	১৮৫৪৩.৭৪	(১২.৫৩)	২০,১২৬.৭৬	২৭,৯৬,৩৭৮	২৪,২৩৫.০৯

২০১৯-২০ অর্থবছরে কর্পোরেশনসমূহের উৎপাদিত পণ্য মূল্যসংযোগের ভিত্তিতে মোট দেশজ উৎপাদনের (GDP) ০.৮৬ শতাংশ। কৃষি, বাণিজ্য, নির্মাণ এবং সার্ভিস সেক্টরসমূহ মূলত ব্যক্তি মালিকানাধীন বিধায় এ সকল সেক্টরে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের অবদান কম। অপরদিকে শিল্প সেক্টরে রাষ্ট্রীয় সংস্থার অবদান ০.১৩ শতাংশ।

সারণি-৩ এ শিল্প সেক্টরের ৬ টি কর্পোরেশনের মূল্যসংযোগ, পরিচালন উদ্বৃত্ত, সংরক্ষিত আয়, কর উত্তর নীট মুনাফা এবং লভ্যাংশের তথ্য বর্ণিত রয়েছে।

সারণি-৩

(কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. মূল্যসংযোগ	১,০৯১.৫৯	৬১৬.৮৮	৬৯৬.৩৭
২. পরিচালন উদ্বৃত্ত/ (লোকসান)	(৮০৯.৫১)	(১,৩৫৬.১৩)	(১,৮১৭.৭০)
৩. নীট মুনাফা	(১,৪৮৯.২৩)	(১,৯৯৫.৪১)	(২,৪২৭.৭৪)
৪. সংরক্ষিত আয়	(১,৫১৬.০২)	(২,০১৫.৯৫)	(২,৪৫২.১৩)
৫. লভ্যাংশ ( ডিভিডেন্ট)	১৬.০০	১৬.০০	১২.০০

শিল্প সেক্টরসমূহের মূল্যসংযোগ ২০১৯-২০ অর্থবছরে ছিল ৬৯৬.৩৭ কোটি টাকা। ২০২০-২১ সংশোধিত অর্থবছরে তা বৃদ্ধি পেয়ে ৬১৬.৮৮ কোটি টাকায় এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে তা বৃদ্ধি পেয়ে ১,০৯১.৫৯ কোটি টাকায় দাঁড়াবে। ক্রীত পণ্য ও সেবা, বেতন ও ভাতাদি এবং অবচয় খাতে ব্যয় বৃদ্ধি পাওয়ায় উল্লিখিত বছরসমূহে সংস্থাগুলো পরিচালন লোকসানের সম্মুখীন হবে। ২০১৯-২০ অর্থবছরে পরিচালন লোকসানের পরিমাণ ছিল ১,৮১৭.৭০ কোটি টাকা যা ২০২০-২১ সংশোধিত অর্থবছরে হ্রাস পেয়ে ১,৩৫৬.১৩ কোটি টাকায় এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ৮০৯.৫১ কোটি টাকায় দাঁড়াবে। ২০১৯-২০ অর্থবছরে শিল্প সেক্টরসমূহ সরকারি কোষাগারে ১২.০০ কোটি টাকা লভ্যাংশ জমা প্রদান করেছে। ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে শিল্প সেক্টরসমূহ কর্তৃক সরকারি কোষাগারে ১৬.০০ কোটি টাকা লভ্যাংশ জমা প্রদান করবে বলে প্রাক্কলন করা হয়েছে।



## উৎপাদনশীলতা

সারণি- ৪ এ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ হতে ২০২১-২২ পর্যন্ত কর্মী প্রতি মূল্যসংযোগ ও উৎপাদনশীলতা দেখানো হয়েছে।

### সারণি- ৪

বিবরণ	২০২১-২২ প্রাক্কলিত	২০১৯-২০ হতে ২০২১-২২ বাৎসরিক প্রবৃদ্ধির হার	২০২০-২১ সংশোধিত	২০১৯-২০ সাময়িক
১. মূল্যসংযোগ (কোটি টাকা)	১৮,৫৪৩.৭৬	(১২.৫৩)	২০,১২৬.৭৬	২৪,২৩৫.০৯
২. কর্মচারী সংখ্যা (হাজারে)	১,২৮৭.৪৬	(৯.০৪)	১,৫৩০.০৬	১,৫৫৬.১৫
৩. শ্রমিক প্রতি মূল্যসংযোগ টাকায় (১/২)	১৪,৪০৩.৩৭	(৩.৮৩)	১৩,১৫৪.২৩	১৫,৫৭৩.৭৫

শ্রমিক প্রতি মূল্যসংযোগ ২০১৯-২০ অর্থবছরের ১৫,৫৭৩.৭৫ টাকা হতে ২০২০-২১ সংশোধিত অর্থবছরে হ্রাস পেয়ে ১৩,১৫৪.২৩ টাকায় দাঁড়াবে। প্রবৃদ্ধির হার ঋণাত্মক ৩.৮৩ শতাংশ অনুমান করা হয়েছে। উপরোক্ত সময়ে কর্মচারী সংখ্যা ৯.০৪ শতাংশ হ্রাস পাবে। শ্রমিক প্রতি মূল্যসংযোগ ২০১৯-২০ অর্থবছরের তুলনায় ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থ বছরে হ্রাস পাবে। এখানে উল্লেখ্য যে শ্রমিক প্রতি উৎপাদনশীলতা সত্যিকার অর্থে শ্রমের উৎপাদনশীলতা বোঝায় না। কারণ এ থেকে মূলধনের উৎপাদনশীলতা পৃথক করা হয়নি। অতএব এ পরিমাপক সতর্কতার সাথে গ্রহণ করা বাঞ্ছনীয়।

সারণি -৫ এ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ অর্থবছরের সেক্টর ভিত্তিক কর্মী প্রতি মূল্যসংযোগ/ উৎপাদনশীলতা দেখানো হয়েছে।

### সারণি -৫

বিবরণ	সর্বমোট	শিল্প	বিদ্যুৎ, গ্যাস এবং পানি	পরিবহন ও যোগাযোগ	বাণিজ্য	কৃষি	নির্মাণ	সার্ভিস সেক্টর
১. মূল্যসংযোগ (কোটি টাকায়)	২৪,২৩৫.০৯	৬৯৬.৩৭	৩৯৯.৭৯	২,৮০৫.৭৫	৬,১৫৪.৫২	২৪৭.৬১	৩৮৫.৫৮	১৩,৫৪৫.৪৭
২. শ্রমিক সংখ্যা (হাজারে)	১,৫৫৬.১৫	৫৯১.৮২	২০৫.৬৪	১৪২.৩৮	৩৪.৪২	৩৯.৯৩	২৩.৪৬	৫১৮.৫০
৩. শ্রমিক প্রতি মূল্যসংযোগ	১৫,৫৭৩.৭৫	১,১৭৬.৬৬	১,৯৪৪.১৩	১৯,৭০৬.০৭	১৭৮,৮০৬.৫১	৬,২০১.১০	১৬,৪৩৫.৬৪	২৬,১২৪.৩৪

সারণি-৫ হতে দেখা যাচ্ছে যে, বাণিজ্য খাতের কর্পোরেশনসমূহের শ্রমিক প্রতি মূল্যসংযোগ ১৭৮,৮০৬.৫১ টাকা যা অন্যান্য খাতের তুলনায় বেশি। অন্যদিকে শিল্প, বিদ্যুৎ, গ্যাস এবং পানি, কৃষি ও মৎস্য সেক্টরের শ্রমিক উৎপাদনশীলতা তুলনামূলক ভাবে কম। ২০১৯-২০ অর্থবছরে ৪৯টি সংস্থার মোট মূল্যসংযোগ ছিল ২৪,২৩৫.০৯ কোটি টাকা।

সারণি-৬ এ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ হতে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত মূলধনের (স্থায়ী সম্পদ) উৎপাদনশীলতা দেখান হয়েছে।

### সারণি-৬

(কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	প্রবৃদ্ধির হার	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. মূল্যসংযোগ (কোটি টাকায়)	১৮,৫৪৩.৭৬	(১২.৫৩)	২০,১২৬.৭৬	২৪,২৩৫.০৯
২. নীট স্থায়ী সম্পদ ( কোটি টাকায়)	১৭৪,৬২৮.৩১	৩.৩১	১৬৫,৭৪১.৯৪	১৬৩,৬২০.১৬
৩. মূলধনের উৎপাদনশীলতা (১/২)	০.১১	(১৫.৩৩)	০.১২	০.১৫

সারণি-৬ হতে দেখা যায় যে, ২০১৯-২০ অর্থবছরের তুলনায় ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে মূল্যসংযোগ হ্রাস পাওয়ায় প্রবৃদ্ধির হার ঋণাত্মক হয়েছে এবং মূলধনের (নীট স্থায়ী সম্পদ) পরিমাণ বৃদ্ধি পাওয়ায় প্রবৃদ্ধির হার বৃদ্ধি পেয়েছে। এখানে উল্লেখ্য যে, বর্ণিত উৎপাদনশীলতার পরিমাণ শুধুমাত্র মূলধনের অবদান প্রদর্শন করে না। যেহেতু অন্যান্য উৎপাদনকে পৃথক করা হয়নি, অতএব এ পরিমাপকে সতর্কতা সাথে গ্রহণ করা বাঞ্ছনীয়।

সারণি -৭ এ কর্পোরেশনসমূহের উৎপাদিত পণ্যে ২০১৯-২০ হতে ২০২১-২২ সাল পর্যন্ত উপাদান আয় হিসাব করা হয়েছে।

**সারণি -৭**

(কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০১৯-২০ হতে ২০২১-২২ বাৎসরিক প্রবৃদ্ধির হার	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. কর্মীর অংশ	৪০.৮৬	২০.২২	৪৪.৭৪	২৮.২৭
২. মূলধনের অংশ	৫৮.৮৭	১০.৪৪	৫১.৭৮	৪৮.২৬
৩. পরিচালন আয়ের অংশ	০.২৭	(৮৯.১৯)	৩.৪৮	২৩.৪৬

২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে শ্রমের অংশ যথাক্রমে ৪৪.৭৪ কোটি টাকা এবং ৪০.৮৬ কোটি টাকা। ২০১৯-২০ সাময়িক অর্থবছরে শ্রমের অংশ ছিল ২৮.২৭ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের তুলনায় ২০২০-২১ সংশোধিত অর্থবছরে মূলধনের অংশ বৃদ্ধি পেয়ে ৫১.৭৮ দাঁড়াতে বলে হিসাব করা হয়েছে। ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে মূলধনের অংশ ২০২০-২১ সংশোধিত অর্থবছর হতে পুনরায় বৃদ্ধি পেয়ে ৫৮.৮৭ দাঁড়াতে বলে হিসাব করা হয়েছে। উপরোক্ত সময়কালে পরিচালন আয়ের অংশ প্রায় ৮৯.১৯ শতাংশ হ্রাস পাবে।


সারণি -৮ এ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ হতে ২০২১-২২ পর্যন্ত বিনিয়োগ ও সঞ্চয় (চলতি মূল্য) দেখানো হয়েছে।

**সারণি -৮**

(কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ প্রাক্কলিত বাজেট	২০১৯-২০ হতে ২০২১-২২ বাৎসরিক প্রবৃদ্ধির হার	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. বিনিয়োগ	৪৯,৭৪৪.৮৯	৭২.৫৪	৩৩,৭৬৬.৮৮	১৬,৭০৯.১৭
২. সংরক্ষিত আয়	৭,৪৭৫.৩৪	(১০.২৮)	৭,১৬৩.৩৫	৯,২৮৬.৭৬
৩. অবচয়	১০,৯১৬.১২	(৩.৪০)	১০,৪২২.৩৮	১১,৬৯৬.৮৮
৪. মোট সঞ্চয় (২+৩)	১৮,৩৯১.৪৬	(৬.৩৮)	১৭,৫৮৫.৭৩	২০,৯৮৩.৬৪
৫. অর্থের প্রয়োজনীয়তা (১-৪)	৩১,৩৫৩.৪৩	১৮৬.৪০	১৬,১৮১.১৫	(৪,২৭৪.৪৭)

বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং নিজস্ব তহবিল হতে কর্পোরেশনসমূহ ২০১৯-২০ অর্থবছরে মোট ১৬,৭০৯.১৭ কোটি টাকা বিনিয়োগ করেছে।



২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে বিনিয়োগের পরিমাণ যথাক্রমে ৩৩,৭৬৬.৮৮ কোটি টাকা ও ৪৯,৭৪৪.৮৯ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছর হতে ২০২১-২২ অর্থবছরের বিনিয়োগের প্রবৃদ্ধির হার ৭২.৫৪ শতাংশ এবং সঞ্চয় প্রবৃদ্ধির হার ঋণাত্মক ৬.৩৮ শতাংশ।

২০২০-২১ ও ২০২১-২২ উভয় অর্থবছরে কর্পোরেশনসমূহের সঞ্চয় ২০১৯-২২০ অর্থবছর হতে হ্রাস পেয়েছে। ২০১৯-২২০ অর্থবছরে সঞ্চয়ের পরিমাণ ছিল ২০,৯৮৩.৬৪ কোটি টাকা। ২০২০-২১ অর্থবছরে সঞ্চয়ের পরিমাণ ২০১৯-২২০ অর্থবছরের চেয়ে হ্রাস পেয়ে ১৭,৫৮৫.৭৩ কোটি এবং ২০২১-২২ অর্থবছরে পূর্ববর্তী অর্থবছরের চেয়ে বৃদ্ধি পেয়ে ১৮,৩৯১.৪৬ কোটি টাকায় দাঁড়াতে।

২০২০-২১ অর্থবছরে সঞ্চয় হ্রাস পেলেও বিনিয়োগ বৃদ্ধি পাওয়ায় অর্থের প্রয়োজনীয়তা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে ১৬,১৮১.১৫ কোটি এবং ২০২১-২২ অর্থবছরে সঞ্চয় পূর্ববর্তী অর্থবছরের চেয়ে বৃদ্ধি পেলেও বিনিয়োগ বৃদ্ধি পাওয়ায় অর্থের প্রয়োজনীয়তা দাঁড়াবে ৩১,৩৫৩.৪৩ কোটি টাকা। ক্রমপুঞ্জিত সঞ্চয় ও ঋণ গ্রহণের মাধ্যমে অর্থের প্রয়োজনীয়তা মিটানো হবে।

সারণি -৯ এ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ হতে ২০২১-২২ পর্যন্ত সেক্টর ভিত্তিক বিনিয়োগ (চলতি মূল্য) দেখানো হয়েছে

**সারণি -৯**


(কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০১৯-২০ হতে ২০২১-২২ বাৎসরিক প্রবৃদ্ধির হার	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. শিল্প	৩,৮৮৭.১৭	২০.৮৩	১,১৪৭.৮৯	২,৬৬২.৪৬
২. বিদ্যুৎ, গ্যাস এবং পানি	১২,১৭৯.২৫	৩৮.৫০	১০,২৫২.২০	৬,৩৪৯.৩৩
৩. পরিবহন ও যোগাযোগ	১০,৩৪৩.১৫	১৩০.৬৯	৫,৭৬৯.৯৭	১,৯৪৩.৬০
৪. বাণিজ্য	৪,০৮৬.৮২	১৮৯.৩৫	১,৫৫০.৯৮	৪৮৮.১২
৫. কৃষি	২৩.২৪	১১০.৪০	১৫.৩৯	৫.২৫
৬. নির্মাণ	৩,০৩১.৭৭	৮৪.৪৬	১,৩৬৬.৯০	৮৯১.০৫
৭. সার্ভিস সেক্টর	১৬,১৯৩.৪৯	৯২.৫১	১৩,৬৬৩.৫৬	৪,৩৬৯.৩৬
৮. সকল সেক্টর	৪৯,৭৪৪.৮৯	৭২.৫৪	৩৩,৭৬৬.৮৯	১৬,৭০৯.১৭

উপরোক্ত সারণি হতে দেখা যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থবছরের তুলনায় ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে শিল্প, বিদ্যুৎ, গ্যাস এবং পানি, পরিবহন ও যোগাযোগ, বাণিজ্য, কৃষি, নির্মাণ এবং সার্ভিস সেক্টর সহ সব সেক্টরে উচ্চতর বিনিয়োগের পরিকল্পনা করা হয়েছে। শিল্প সেক্টরে বিনিয়োগের প্রবৃদ্ধির হার ২০.৮৩ শতাংশ। ২০১৯-২০ অর্থবছরে বিদ্যুৎ, গ্যাস ও পানি সেক্টরে বিনিয়োগের পরিমাণ ছিল ৬,৩৪৯.৩৩ কোটি টাকা যা বৃদ্ধি পেয়ে ২০২০-২১ সংশোধিত অর্থবছরে ১০,২৫২.২০ কোটি ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ১২,১৭৯.২৫ কোটি টাকা হবে বলে হিসাব করা হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে সার্ভিস সেক্টরে বিনিয়োগের পরিমাণ ছিল ৪,৩৬৯.৩৬ কোটি টাকা যা বৃদ্ধি পেয়ে ২০২০-২১ সংশোধিত অর্থবছরে ১৩,৬৬৩.৫৬ কোটি ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ১৬,১৯৩.৪৯ কোটি টাকা হবে বলে হিসাব করা হয়েছে।


২০১৯-২০ অর্থবছরে অ-আর্থিক কর্পোরেশনসমূহ সরকারি কোষাগারে শুল্ক, ভ্যাট, লভ্যাংশ ও আয়কর ইত্যাদি বাবদ ২৬,৩৩৩.৪৩ কোটি টাকা জমা প্রদান করে।

সরকারি কোষাগারে দেয় অবদান (২০১৯-২০)	(কোটি টাকায়)
১. শিল্প	৩২৬.৬৭
২. বিদ্যুৎ, গ্যাস ও পানি	৪,৭১৭.২৯
৩. পরিবহন ও যোগাযোগ	৬২৩.৬২
৪. বাণিজ্যিক	১৪,১২২.৮৬
৫. কৃষি ও মৎস্য	০.৭৫
৬. নির্মাণ	২৪৬.৭৭
৭. সার্ভিস ও অন্যান্য	৬২৯৫.৪৭
মোট	২৬,৩৩৩.৪৩



২০১৯-২০ অর্থবছরে অ-আর্থিক কর্পোরেশনসমূহ সরকারি কোষাগারে ১,৪২৪.২০ কোটি টাকা লভ্যাংশ হিসেবে জমা প্রদান করে। ২০২১-২২ অর্থবছরে প্রাক্কলিত এবং ২০২০-২১ সংশোধিত অর্থবছরে কর্পোরেশনসমূহ লভ্যাংশ হিসেবে যথাক্রমে ১,৩৮৮.৯১ কোটি টাকা এবং ১,৩৩৬.২৫ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করবে প্রাক্কলন করা হয়েছে।

লভ্যাংশ (২০১৯-২০)	(কোটি টাকায়)
১. শিল্প	১২.০০
২. বিদ্যুৎ, গ্যাস ও পানি	৮৫৪.৮৬
৩. পরিবহন ও যোগাযোগ	৯৬.৯০
৪. বাণিজ্যিক	৩০০.০০
৫. কৃষি ও মৎস্য	০.১০
৬. নির্মাণ	২১.৬৯
৭. সার্ভিস ও অন্যান্য	১৩৮.৭৫
মোট	১,৪২৪.২০



তহবিল প্রবাহ বিশ্লেষণ করলে সঞ্চয় এবং বিনিয়োগের ঘাটতি কিভাবে পূরণ করা হবে তা উপলব্ধি করা যাবে। সারণি-১০ হতে দেখা যাচ্ছে যে, ২০২১-২২ প্রাক্কলিত অর্থ বছরে আর্থিক ঘাটতির পরিমাণ ২০১৯-২০ অর্থবছর অপেক্ষা বেশি। সারণি-১০ কর্পোরেশনসমূহের ২০১৯-২০ হতে ২০২১-২২ তহবিলের উৎস ও প্রয়োগ দেখানো হয়েছে।

#### সারণি-১০

(কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ (সাময়িক)
১. আর্থিক প্রয়োজনীয়তা ( বিনিয়োগ- সঞ্চয়)	৩১,৭৬৫.৯৬	১৬,৫৮৪.০৮	(৩,৮২২.৩০)
২. বাদ: ইকুটির প্রয়োগ	১৫৬.৯৯	১২,৭৯২.১০	১১,৪১০.৭৭
৩. দীর্ঘমেয়াদি ঋণ	২৬,৫৮৩.৪৫	২৭,১৩৮.৩৯	১৮,৯৬৪.৫৭
৪. যোগ: দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ	৬,৯৩৭.০৩	৬,৩৮২.৬৬	৪,২৩৫.০৪
৫. আর্থিক ঘাটতি	(৩,৫৭৯.৪৬)	(১৬,৯৬৩.৭৬)	(২৯,৯৬২.৬১)
৬. চলতি সম্পদের আনুমানিক বৃদ্ধি	৪৪,৫৩১.২২	৪০,১৬০.৬৩	-
৭. স্বল্প মেয়াদি ঋণের আনুমানিক বৃদ্ধি	৪০,৯৫১.৭৫	২৩,১৯৬.৮৭	-

২০১৯-২০ প্রকৃত অর্থবছরের মূলধন প্রয়োগ (Equity Injection) ১১,৪১০.৭৭ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০২০-২১ সংশোধিত অর্থবছরে ১২,৭৯২.১০ কোটি টাকা ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে হ্রাস পেয়ে ১৫৬.৯৯ কোটি টাকায় দাঁড়াবে। উপরোক্ত সময়কালে দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ ১৮,৯৬৪.৫৭ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ২০২০-২১ সংশোধিত অর্থবছরে ২৭,১৩৮.৩৯ কোটি টাকা ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ২৬,৫৮৩.৪৫ কোটি টাকায় দাঁড়াবে। ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে রাষ্ট্রায়ত্ত্ব সংস্থাসমূহ ৬,৯৩৭.০৩ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ করতে সক্ষম হবে যা ২০২০-২১ সংশোধিত অর্থবছরের ৬,৩৮২.৬৬ কোটি টাকা হতে বেশি। ২০১৯-২০ সাময়িক অর্থবছরে রাষ্ট্রায়ত্ত্ব সংস্থাসমূহ ৪,২৩৫.০৪ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ করেছে। ২০২০-২১ সংশোধিত অর্থবছরে কর্পোরেশনসমূহের আর্থিক ঘাটতি ১৬,৯৬৩.৭৬ এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ৩,৫৭৯.৪৬ কোটি টাকা আর্থিক ঘাটতি হবে বলে প্রাক্কলন করা হয়েছে। অবশ্য ১০ % হারে চলতি সম্পদের আনুমানিক বৃদ্ধি ধরে ২০২১-২২ প্রাক্কলিত অর্থ বছরে সম্পদ দাঁড়াবে ৪৪,৫৩১.২২ কোটি টাকা।

সারণি- ১১ এ কর্পোরেশনসমূহের ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরের সেক্টর ভিত্তিক তহবিল প্রবাহ হিসাব করা হয়েছে।

#### সারণি- ১১

(কোটি টাকায়)

বিবরণ	শিল্প	বিদ্যুৎ, গ্যাস ও পানি	পরিবহন ও যোগাযোগ	বাণিজ্য	কৃষি ও মৎস্য	নির্মাণ	সার্ভিস	মোট
১. আর্থিক প্রয়োজনীয়তা	৪,৮৬৯.০২	৩,৫৯৯.৬০	৮,৭৬৮.৩৯	৪,১০৮.৭৬	(৭.৯০)	২,৩১৫.৫০	৮,১২.৫৮	৩১,৭৬৫.৯৬
২. বাদ: মূলধন প্রয়োগ	৫.৭১	১,৯৮৫.৯০	২,০৮৭.২৫	-	-	১,২৫৩.৯১	১০,৩৬৬.২৩	১৫,৬৯৯.০০
৩. দীর্ঘমেয়াদি ঋণ	২৩৬.২৯	৪,৮০০.৮৯	৭.২০	২,৪৪২.৮৯	-	৮৫০.০০	১৮,২৪৬.১৮	২৬,৫৮৩.৪৫
৪. যোগ: দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ	১১৩.৫২	২,৪০৮.৭০	১৩৯.১১	২,৪৪২.৮৯	০.২৫	৫০.০০	১,৭৮২.৫৬	৬,৯৩৭.০৩
৫. আর্থিক ঘাটতি	৪,৭৪০.৫৩	(৭৭৮.৪৮)	৬,৬১৩.০৫	৪,১০৮.৭৬	(৭.৬৫)	২৬১.৫৯	(১৮,৭১৭.২৬)	(৩,৫৭৯.৪৬)
৬. চলতি সম্পদের আনুমানিক বৃদ্ধি	১,৫৯৫.৯২	৩,২৪৩.৭৮	৫৯৬.৬৭	৫,৮২৪.৩৭	৫৮.৫০	২,৬৯৪.৭৬	৩০,৫১৭.২১	৪৪,৫৩১.২১
৭. স্বল্পমেয়াদি ঋণের আনুমানিক বৃদ্ধি	৬,৩৩৬.৪৫	২,৪৬৫.৩০	৭,৪০৯.৭১	৯,৯৩৩.১৪	৫০.৮৬	২,৯৫৬.৩৫	১১,৭৯৯.৯৪	৪০,৯৫১.৭৫

সারণি-১১ এ সেক্টর ভিত্তিক তহবিল প্রবাহ বিশ্লেষণ হতে দেখা যায় যে, বিদ্যুৎ, গ্যাস ও পানি, কৃষি ও মৎস্য এবং সার্ভিস সেক্টরের অন্তর্ভুক্ত পাবলিক কর্পোরেশনসমূহে আর্থিক ঘাটতি থাকবে না। কিন্তু অন্যান্য সেক্টর যেমন বাণিজ্য, শিল্প, বাণিজ্য, নির্মাণ এবং পরিবহণ ও যোগাযোগ সেক্টরে কর্পোরেশনের আর্থিক ঘাটতি পরিলক্ষিত হয়। পরিবহণ ও যোগাযোগ সেক্টরে আর্থিক ঘাটতির পরিমাণ সবচেয়ে বেশি অর্থাৎ ৬,৮১৩.০৫ কোটি টাকা হবে বলে প্রাক্কলন করা হয়েছে। তবে আলোচ্য অর্থবছরে সংস্থাসমূহে সর্বমোট ৩,৫৭৯.৪৬ কোটি টাকার তহবিল উদ্ধৃত থাকবে বলে প্রাক্কলন করা হয়েছে। আলোচ্য অর্থবছরে বাণিজ্য সেক্টর সর্বোচ্চ ২,৪৪২.৮৯ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ সহ সংস্থাসমূহ মোট ৬,৯৩৭.০৩ কোটি টাকা ঋণ পরিশোধ করবে বলে প্রাক্কলন করা হয়েছে। আলোচ্য অর্থবছরে চলতি সম্পদের মোট আনুমানিক বৃদ্ধি হবে ৪৪,৫৩১.২১ কোটি টাকা। আলোচ্য অর্থবছরে সংস্থাসমূহে আর্থিক প্রয়োজনীয়তার পরিমাণ ৩১,৭৬৫.৯৫ কোটি টাকা এবং এর বিপরীতে ১৫,৬৯৯.০০ কোটি টাকার মূলধন প্রয়োগ হবে।

### আর্থিক বিশ্লেষণ

লাভ/লোকসান পরিস্থিতি যে কোন কর্পোরেশনের আর্থিক বিশ্লেষণের একটি গুরুত্বপূর্ণ দিক। বাংলাদেশে রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানের প্রায় সমস্ত সম্পদ ও ঋণ সরকার অথবা রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক কর্তৃক যোগান দেয়া হয়ে থাকে। সুতরাং এ সমস্ত প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা বিশ্লেষণের ক্ষেত্রে সম্পদের উপর মুনাফার হার একটি গুরুত্বপূর্ণ মাপকাঠি।

সারণি- ১২ এ প্রতিষ্ঠানসমূহের ২০১৯-২০ অর্থবছর হতে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত অর্জিত মুনাফার হিসাব দেখানো হয়েছে।

### সারণি- ১২

(কোটি টাকায়)

বিবরণ	২০২১-২২ বাজেট প্রাক্কলন	২০২০-২১ সংশোধিত বাজেট	২০১৯-২০ সাময়িক
১. পরিচালন রাজস্ব	২০৮,০৭৬.৮২	১৮২,৯৮৮.৪৯	১৬৬,৭২২.২০
২. পরিচালন উদ্বৃত্ত	৫০.৮১	৭০০.০০	৫,৬৮৬.৫৭
৩. পরিচালন বহির্ভূত রাজস্ব	৪,৪২০.৭০	৪,৪৬৩.১৮	৫,২৩৪.৬০
৪. কর্মচারী অংশীদারি তহবিল	৯১.৪৩	৬৭.৩৫	৭৫.৫১
৫. ভর্তুকি	১০,৫৩৫.৭৪	১১,১৮৫.৮৫	৭,৪৫৪.৪০
৬. সুদ	৪,২৪৫.৫৯	৪,১২২.০৪	৩,৯৫৬.৬৯
৭. কর পূর্ব নীট লাভ/ (লোকসান)	৭,১৭২.৫৩	৪,৯৪৪.১১	৭,১২৮.৮২
৮. কর	১,৬৯১.৭২	৩,৫৫৫.৪৯	৩,৫৮২.১৪
৯. কর উত্তর নীট লাভ/ (লোকসান)	৮,৮৬৪.২৫	৮,৪৯৯.৬০	১০,৭১০.৯৬
১০. লভ্যাংশ (ডিভিডেন্ড)	১,৩৮৮.৯১	১,৩৩৬.২৫	১,৪২৪.২০
১১. সংরক্ষিত আয়	৭,৪৭৫.৩৪	৭,১৬৩.৩৫	৯,২৮৬.৭৬
১২. মোট বিনিয়োগ/ ফান্ড	৬৯২,২৫৪.২৭	৬১৫,২৮৮.৬৫	৫৫৫,৭৮০.২৭
১৩. ইকুইটি	২২২,০৪১.৫৮	১৯৮,৪৩৮.৮১	১৭৮,০৯২.৬২
১৪. বিনিয়োগের উপর পরিচালন মুনাফার হার (২/১২)	০.০১	০.১১	১.০২
১৫. পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার (৯/১১)	৪.২৬	৪.৬৪	৬.৪২
১৬. ইকুইটির উপর লভ্যাংশের হার (১০/১৩)	০.৬৩	০.৬৭	০.৮০
১৭. মোট সম্পদের টার্নওভার (১/১২)	০.৩০	০.৩০	০.৩০

সারণি- ১২ এ সংস্থাসমূহ কর্তৃক পরিচালন আয়ের উপর নীট মুনাফার হার (Margin on operational revenue), সম্পদের টার্নওভার (Asset Turn Over) এবং কর উত্তর নীট লাভ (Net profit after tax) ও ইকুইটির উপর লভ্যাংশের হার (Return on equity) ইত্যাদি দেখানো হয়েছে।

২০২১-২২ প্রাক্কলিত অর্থ বছরে মোট বিনিয়োগের উপর ০.০১ শতাংশ পরিচালন মুনাফার হার প্রাক্কলন করা হয়েছে। ২০২০-২১ সংশোধিত অর্থবছরে বিনিয়োগের উপর পরিচালন মুনাফা ০.১১ শতাংশ এবং ২০১৯-২০ অর্থবছরে বিনিয়োগের উপর পরিচালন মুনাফা ছিল ১.০২ শতাংশ। পরিচালন রাজস্বের উপর মুনাফার হার ২০২১-২২ প্রাক্কলিত ও ২০২০-২১ সংশোধিত অর্থবছরে যথাক্রমে ৪.২৬ শতাংশ এবং ৪.৬৪ শতাংশে দাঁড়াবে। ২০১৯-২০ সাময়িক অর্থবছরে পরিচালন রাজস্বের উপর মুনাফার হার ছিল ৬.৪২ শতাংশ।

সম্পদের টার্নওভার পর্যালোচনা করলে দেখা যায় যে, ২০২০-২১ সংশোধিত অর্থবছরে এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে সম্পদ ব্যবহারের ক্ষমতা ২০১৯-২০ সাময়িক অর্থবছরের ন্যায় একই থাকবে।

২০১৯-২০ সাময়িক অর্থবছরে অ-আর্থিক পাবলিক কর্পোরেশনসমূহের কর উত্তর নীট মুনাফা ছিল ১০,৭১০.৯৬ কোটি টাকা। ২০২০-২১ সংশোধিত অর্থবছরে এবং ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে কর উত্তর নীট লোকসান দাঁড়াবে যথাক্রমে ৮,৪৯৯.৬০ কোটি টাকা ও ৮,৮৬৪.২৫ কোটি টাকা।

২০১৯-২০ সাময়িক অর্থবছরে সংস্থাসমূহ সরকারি কোষাগারে ১,৪২৪.২০ কোটি টাকা লভ্যাংশ হিসাবে জমা প্রদান করে। ২০২১-২২ প্রাক্কলিত এবং ২০২০-২১ সংশোধিত অর্থবছরে কর্পোরেশনসমূহ লভ্যাংশ হিসাবে যথাক্রমে ১,৩৮৮.৯১ কোটি টাকা এবং ১,৩৩৬.২৫ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করবে বলে প্রাক্কলন করা হয়েছে।

২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে কর্পোরেশনসমূহ গৃহীত ঋণের উপর ৪,২৪৫.৫৯ কোটি টাকা ও ২০২০-২১ অর্থবছরে ৪,১২২.০৪ কোটি টাকা সুদ প্রদান করবে যা ২০১৯-২০ অর্থবছরে ছিল ৩,৯৫৬.৬৯ কোটি টাকা। ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে ১,৬৯১.৭২ কোটি টাকা কর প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যা ২০২০-২১ সংশোধিত অর্থবছরের সংশোধিত লক্ষ্যমাত্রা ৩,৫৫৫.৪৯ কোটি টাকা হতে কম। ২০১৯-২০ অর্থবছরে কর প্রদানের পরিমাণ ছিল ৩,৫৮২.১৪ কোটি টাকা।

#### **মুনাফা ভারতম্যের কারণ**

মোট বিনিয়োগের উপর মুনাফার হার মূলত দুটি বিষয়ের উপর নির্ভরশীল ১. পরিচালন রাজস্বের উপর মুনাফা এবং ২. রাজস্ব অর্জনে মোট সম্পদ ব্যবহারের টার্নওভার। সারণি- ১২ হতে দেখা যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থ বছরে পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার ছিল ৬.৪২। ২০২১-২২ প্রাক্কলিত ও ২০২০-২১ সংশোধিত উভয় অর্থবছরে পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার ২০১৯-২০ অর্থবছরের তুলনায় হ্রাস পেয়ে যথাক্রমে ৪.২৬ ও ৪.৬৪ হবে। রাজস্ব অর্জনে মোট সম্পদের টার্নওভার অনুপাত ২০১৯-২০ অর্থবছরের ৩০% যা ২০২১-২২ প্রাক্কলিত ও ২০২০-২১ সংশোধিত অর্থবছরে একই থাকবে বলে প্রাক্কলন করা হয়েছে।

## আর্থিক তারল্য ও স্থিতি

সারণি- ১৩ এ কর্পোরেশনসমূহের জুন ২০২২, জুন ২০২১ ও জুন ২০২০ সনে সমাপ্ত আর্থিক বৎসরের প্রাক্কলিত, সংশোধিত এবং প্রকৃত স্থিতিপত্র দেখানো হয়েছে। এখান উল্লেখ্য যে, ২০২১-২২ অর্থবছরের ব্যালেন্স শীট ২০২০-২১ অর্থবছরের ব্যালেন্স শীটের সাথে প্রাক্কলিত বিনিয়োগ, মূলধন, ঋণ প্রাপ্তি এবং মুদ্রাস্ফীতির কারণে চলতি সম্পদের ১০% বার্ষিক প্রবৃদ্ধি ধরে প্রস্তুত করা হয়েছে। একইভাবে ২০২০-২১ অর্থবছরের ব্যালেন্স শীট ২০১৯-২০ এর ভিত্তিতে তৈরি করা হয়েছে।

সারণি- ১৩ কর্পোরেশনসমূহের ব্যালেন্স শীট জুন ২০২০ জুন ২০২১

### সারণি- ১৩

(কোটি টাকায়)

বিবরণ	জুন ২০২২	মোট সম্পদের অংশ(%)	বার্ষিক প্রবৃদ্ধির হার	জুন ২০২১	মোট সম্পদের অংশ(%)	জুন ২০২০	মোট সম্পদের অংশ (%)
১. মূলধন	২২২,০৪১.৫৮	৩২.০৮	১১.৬৬	১৯৮,৪৩৮.৮১	৩২.২৫	১৭৮,০৯২.৬২	৩২.০৪
২. দীর্ঘমেয়াদি দায়	২৭৯,৯৫৭.৩২	৪০.৪৪	৯.০৯	২৫৭,৪৯৫.০৭	৪১.৮৫	২৩৫,২৪১.৬৬	৪২.৩৩
৩. চলতি দায়	১৯০,২৫৫.৩৬	২৭.৪৮	১৫.৫৭	১৫৯,৩৫৪.৭৭	২৫.৯০	১৪২,৪৪৫.৯৯	২৫.৬৩
৪. মোট দায়	৪৭০,২১২.৬৮	৬৭.৯২	১১.৫৮	৪১৬,৮৪৯.৮৪	৬৭.৭৫	৩৭৬,৬৮৭.৬৫	৬৭.৯৬
৫. মোট পুঞ্জি	৬৯২,২৫৪.২৭	১০০.০০	১১.৬০	৬১৫,২৮৮.৬৫	১০০.০০	৫৫৫,৭৮০.২৭	১০০.০০
৬. স্থায়ী সম্পদ অবচয় বাদে	১৭৪,৬২৮.৩১	২৫.২৩	৩.৩১	১৬৫,৭৪১.৯৪	২৬.৯৪	১৬৩,৬২০.১৬	২৯.৪৪
৭. অন্যান্য দীর্ঘমেয়াদি সম্পদ	২৫৮,৬৬৯.৬৪	৩৭.৩৭	১৫.৩৮	২২১,৬৮২.৭৮	৩৬.০৩	১৯৪,৩১৫.৫০	৩৪.৯৬
৮. চলতি সম্পদ মজুদ	২৯,১৪৯.৭৩	৪.২১	১০.০০	২৬,৪৯৯.৭৫	৪.৩১	২৪,০৯০.৬৯	৪.৩৩
৯. অন্যান্য	২২৯,৮০৬.৫৯	৩৩.২০	১৫.০০	২০১,৩৬৪.১৭	৩২.৭৩	১৭৩,৭৫৩.৯৩	৩১.২৬
১০. মোট চলতি সম্পদ	২৫৮,৯৫৬.৩২	৩৭.৪১	১৪.৪১	২২৭,৮৬৩.৯২	৩৭.০৩	১৯৪,৮৪৪.৬২	৩৫.৬০
১১. মোট সম্পদ	৬৯২,২৫৪.২৭	১০০.০০	১১.৬০	৬১৫,২৮৮.৬৪	১০০.০০	৫৫৫,৭৮০.২৮	১০০.০০

২০২১-২২ অর্থবছরে ৪৯টি অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থার মোট সম্পদের পরিমাণ ৬৯২,২৫৪.২৭ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছে এবং বার্ষিক প্রবৃদ্ধির হার ১১.৬০ শতাংশ। ২০১৯-২০ অর্থবছরে স্থায়ী সম্পদ মোট সম্পদের ২৯.৪৪ শতাংশ। ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে স্থায়ী সম্পদ যথাক্রমে মোট সম্পদের ২৬.৯৪ ও ২৫.২৩ শতাংশ। অতএব, দেখা যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থবছরের তুলনায় ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদে স্থায়ী সম্পদের অংশ ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। অপরদিকে অন্যান্য দীর্ঘমেয়াদি সম্পদ (মূলত বাস্তবায়নাধীন প্রকল্পে)ব্যয়সমূহ ২০১৯-২০ অর্থবছরে মোট সম্পদের ৩৪.৯৬ শতাংশ। ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে যা ২০১৯-২০ প্রকৃত অর্থবছরের তুলনায় ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৩৬.০৩ শতাংশ ও ৩৭.৩৭ শতাংশে দাঁড়াবে।

২০১৯-২০ অর্থবছরে ঋণ মূলধনের সামগ্রিক অনুপাত ৬৮:৩২। ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত উভয় অর্থবছরে ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে ৬৮:৩২। অর্থাৎ মোট বিনিয়োগে মূলধনের পরিমাণ একই থাকবে। ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে স্বল্পমেয়াদি দায় (চলতি দায়) মোট সম্পদের যথাক্রমে ২৫.৯০ এবং ২৭.৪৮ শতাংশ। তবে আলোচ্য সময়ে চলতি সম্পদ এবং চলতি দায়ের প্রবৃদ্ধি হার হবে যথাক্রমে ০.৪১ শতাংশ এবং ১১.৫৮ শতাংশ। ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে চলতি অনুপাত যথাক্রমে ১.২৬ ও ১.৩৬। চলতি অনুপাত ১.৫ এর নিচে সামগ্রিকভাবে রাষ্ট্রায়ত্ত সংস্থার নগদ অর্থ প্রবাহে প্রতিকূল অবস্থার পরিচায়ক (কাঙ্ক্ষিত অনুপাত ২)।

**বাংলাদেশ বস্ত্রশিল্প কর্পোরেশন**  
**প্রধান কার্যালয়**

১৯৭২ সালের ২৬ মার্চ বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্টারপ্রাইজেস (রাষ্ট্রীয়করণ) অর্ডার ২৭ এর মাধ্যমে বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন (বিটিএমসি) প্রতিষ্ঠিত হয়। ১৯৭২ সালের ১ জুলাই হতে ৭৪টি মিল নিয়ে বিটিএমসি'র যাত্রা শুরু হয়। পরবর্তীতে বিটিএমসি ও সরকারের উদ্যোগে আরও ১২টি মিল প্রতিষ্ঠা করা হয়। এ নিয়ে বিটিএমসি'র সর্বমোট মিলের সংখ্যা দাঁড়ায় ৮৬টি। সরকারের বিরাস্থীয়করণ শিল্পনীতির ও বেসরকারী নীতির আওতায় ১৯৭৭ সাল থেকে ২০১০ পর্যন্ত সময়ে সর্বমোট ৫৮টি মিল হস্তান্তর, বিক্রি ও অবসায়ন করা হয়। বিটিএমসি'র নিয়ন্ত্রণে বর্তমানে চালু ও বন্ধসহ মোট ২৫টি মিল রয়েছে। এছাড়াও জাতীয়করণকৃত ৩ (তিন) টি মিল বাস্তব সম্পদবিহীন অবস্থায় নামেমাত্র বিটিএমসি'র তালিকায় রয়েছে। বিটিএমসি'র প্রধান কার্যালয়ের ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেট এর সংক্ষিপ্তসার নিম্নরূপ:

**বাজেট-সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিতবাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
	<b>আয়</b>				
০১.	ইউনিটসমূহ হ'তে লেভি সংগ্রহ	০.০০	০.০০	০.০০	০.০০
০২.	সরকারি অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	২.৮৫
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য সুদ ও ভাড়া	১,৬০০.০০	১,৬০০.০০	১,৩২০.০০	১,২৯৩.৩৭
০৫.	অন্যান্য	৪৬০.২৬	৪৫৮.৫৪	৪৫২.২৭	৪৭৩.০১
<b>০৬.</b>	<b>মোট আয় (০১+.....+০৫)</b>	<b>২,০৬০.২৬</b>	<b>২,০৫৮.৫৪</b>	<b>১,৭৭২.২৭</b>	<b>১,৭৬৯.২৩</b>
	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	৭১৫.৮২	৬৯৫.৪২	৭৭.৮৫	৬১৪.১৪
০৮.	কর্মচারীদের ভবিষ্যৎ তহবিল/পেনশন	৮৯.২৬	৯০.৩৯	১,৬৩৫.৯১	১২০.৬৭
০৯.	অন্যান্য	১,৬৯৯.৯৭	১,৫৭৩.৯৭		১,১০০.৬৮
<b>১০.</b>	<b>মোট ব্যয় (০৭+.....+০৯)</b>	<b>২,৫০৫.০৫</b>	<b>২,৩৫৯.৭৮</b>	<b>২,৩১৩.৭৬</b>	<b>১,৮৩৫.৪৯</b>
<b>১১.</b>	<b>ব্যয় উদ্ধৃত আয়/(ঘাটতি): (০৬-১০)</b>	<b>-৪৪৪.৭৯</b>	<b>-৩০১.২৪</b>	<b>-৫৭১.৭২</b>	<b>-৬৬.২৬</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	১৪১.২৪	১৪১.৭৪	১৫০.২৪	২৪.৬৬
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	১,১১৩.০৯	৬৩০.৬৪	১,০৪৭.৮৮	১৪৯.৭৫
১৬.	মোট সম্পদ	৫৭৮,৯২০.৫৮	৫৭৫,০২১.৮১	৫৬৮,৭৮৮.৭৪	৫৭২,৬৬৪.৪৮
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৯৩:৭	৯২:৮	৯৩:৭	৯২:৮
১৮.	মোট জনবল (সংখ্যা)	১৫৯	১৬৬	১৩১	১৫৮

২০১৯-২০ অর্থবছরে বিটিএমসি'র প্রধান কার্যালয়ের মোট ১৭৬৯.২৩ লক্ষ টাকা আয়ের বিপরীতে মোট ব্যয় হয় ১৮৩৫.৪৯ লক্ষ টাকা। এর ফলে এর পরিচালন ঘাটতির পরিমাণ দাঁড়ায় -৬৬.২৬ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট আয় যথাক্রমে ২০৫৮.৫৪ লক্ষ ও ২০৬০.২৬ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হয় যথাক্রমে ২৩৫৯.৭৮ লক্ষ ও ২৫০৫.০৫ লক্ষ টাকা। ফলে বিটিএমসি'র প্রধান কার্যালয়ের পরিচালন ঘাটতির পরিমাণ দাঁড়াবে যথাক্রমে -৩০১.২৪ লক্ষ ও -৪৪৪.৭৯ লক্ষ টাকা।

২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ৫৭২৬৬৪.৪৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৯২ : ৮। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এ সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৫৭৫০২১.৮১ লক্ষ ও ৫৭৮৯২০.৫৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে যথাক্রমে ৯২ : ৮ ও ৯৩ : ৭। ২০১৯-২০ অর্থবছরে বিটিএমসি'র প্রধান কার্যালয়ের জনবল ছিল মোট ১৫৮ জন। এ জনবল ২০২০-২১ অর্থবছরের সংশোধিত ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১৬৬ জন ও ১৫৯ জন।



**বাংলাদেশ বস্ত্রশিল্প কর্পোরেশন**  
**ইউনিটসমূহ**

বিটিএমসি'র নিয়ন্ত্রণে বর্তমানে ৬টি চালু মিলসহ মোট ২৫টি মিল রয়েছে। চালু ৬টি মিলের ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেট এর সংক্ষিপ্তসার নিম্নরূপ:

**বাজেট-সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
০১.	আয় মোট সার্ভিস চার্জ	৪৯.৩২	২৯.৩৬	৬৪.৮০	৬২.৮৭
০২.	ব্যয় উৎপাদন ব্যয়	০.০০	০.০০	০.০০	০.০০
০৩.	প্রশাসনিক ব্যয়	৬১৯.৩৪	৬২২.৮৭	৬১১.৩৯	৪৯১.৪৬
০৪.	মোট ব্যয় (০২+০৩)	৬১৯.৩৪	৬২২.৮৭	৬১১.৩৯	৪৯১.৪৬
০৫.	পরিচালন মুনাফা/(লোকসান) (০১-০৪)	-৫৭০.০২	-৫৯৩.৫১	-৫৪৬.৫৯	-৪২৮.৫৯
০৬.	অ-পরিচালন আয়	১৪৩.২০	১৩৮.৮০	১৫৩.০০	১৬৫.৪৮
০৭.	অ-পরিচালন ব্যয়	১,০২৮.২০	৯৯৭.৭০	১,১১৩.২০	৭৭৩.৫৪
০৮.	আয়কর	০.০০	০.০০	০.০০	০.০০
০৯.	নীট মুনাফা/(লোকসান) (০৫+০৬-০৭-০৮)	-১,৪৫৫.০২	-১,৪৫২.৪১	-১,৫০৬.৭৯	-১,০৩৬.৬৫
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	১৪১.২৪	১৪১.৭৪	১৫০.২৪	২৪.৬৬
১২.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	১৪.১০	৯২.৭২	৮২.৯৬	০.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৯৪.২৫	৮০.৭২	৪৫.৩২	০.০১
১৪.	মোট সম্পদ	৬,৫৯৮.৩৫	৬,৩৩৪.৩২	৬,৫৬৫.৪৮	৬,১১৩.২০
১৫.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৮৯৫ : -৭৯৫	৯০৫ : -৮০৫	৮৮৪ : -৭৮৪	৯১০ : -৮১০
১৬.	মোট জনবল (সংখ্যা)	১২৭	১৪১	১৫৩	১৪৯

২০১৯-২০ অর্থবছরে বিটিএমসি'র ইউনিটসমূহের মোট আয় ৬২.৮৭ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় হয় ৪৯১.৪৬ লক্ষ টাকা। ফলে বিটিএমসি'র ইউনিটসমূহের পরিচালন লোকসানের পরিমাণ দাঁড়ায় -৪৮২.৫৯ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট আয় যথাক্রমে ২৯.৩৬ লক্ষ ও ৪৯.৩২ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হয় যথাক্রমে ৬২২.৮৭ লক্ষ ও ৬১৯.৩৪ লক্ষ টাকা। ফলে বিটিএমসি'র ইউনিটসমূহের পরিচালন লোকসানের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে -৫৯৩.৫১ লক্ষ ও -৫৭০.০২ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে বিটিএমসি'র ইউনিটসমূহের নীট লোকসানের পরিমাণ ছিল -১০৩৬.৬৫ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিটিএমসি'র ইউনিটসমূহের নীট লোকসান দাঁড়াবে যথাক্রমে -১৪৫২.৪১ লক্ষ ও -১৪৫৫.০২ লক্ষ টাকা।

২০১৯-২০ অর্থবছরে বিটিএমসি বিভিন্ন খাতে মোট ২৪.৬৬ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিটিএমসি বিভিন্ন খাতে যথাক্রমে মোট ১৪১.৭৪ লক্ষ ও ১৪১.২৪ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করবে। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৬১১৩.২০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৯১০ : -৮১০। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৬৩৩৪.৩২ লক্ষ ও ৬৫৯৮.৩৫ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ৯০৫ : -৮০৫ ও ৮৯৫ : -৭৯৫। ২০১৯-২০ অর্থবছরে বিটিএমসি'র ইউনিটসমূহের জনবল ছিল মোট ১৪৯ জন। এ জনবল ২০২০-২১ অর্থবছরের সংশোধিত ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে দাঁড়াবে যথাক্রমে ১৪১ জন ও ১২৭ জন।

**বাংলাদেশ পাটকল কর্পোরেশন**  
**প্রধান কার্যালয়**

ঐতিহ্যবাহী একটি রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসাবে বাংলাদেশ পাটকল কর্পোরেশন এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি পাশাপাশি এর স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদারকরণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ বাস্তবায়নের অঙ্গিকার নিয়ে কাজ করে আসছে। বিজেএমসি'র বাজেট - সংক্ষিপ্তসার নিম্নরূপ:

**বাজেট-সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
	<b>আয়</b>				
০১.	ইউনিট সমূহ হ'তে সংগৃহীত লেভি	৪৯৮৯.৮৯	৪২৫৬.৩৬	৫৯৫০.০০	৩৭৩৭.৪৯
০২.	সরকারি অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	০.০০
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ	০.০০	০.০০	০.০০	০.০০
০৫.	অন্যান্য	৩৭৯.৬৭	৫৫০.৪৭	৩৮৩.৮২	৮.১৩
০৬.	<b>মোট আয় (০১+...+০৫)</b>	<b>৫৩৬৯.৫৬</b>	<b>৪৮০৬.৮৩</b>	<b>৬৩৩৩.৮২</b>	<b>৩৭৪৫.৬২</b>
	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	২৭৫৫.৪৩	২৬২৬.২৯	৩২১১.২৫	২২৩৪.৫১
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	৫৫৮.৩৯	৫২৯.২৮	৬৪৩.৪৩	৪৪১.০৩
০৯.	অন্যান্য ব্যয়	২০০১.১৭	১৫৮৯.৮৬	২৪২৭.২২	১০০০.৪৩
১০.	<b>মোট ব্যয় (০৭+...+০৯)</b>	<b>৫৩১৪.৯৯</b>	<b>৪৭৪৫.৪৩</b>	<b>৬২৮১.৯০</b>	<b>৩৬৭৫.৯৭</b>
১১.	<b>ব্যয় উদ্ধৃত আয়/(ঘাটতি) (০৬--১০)</b>	<b>৫৪.৫৭</b>	<b>৬১.৪০</b>	<b>৫১.৯২</b>	<b>৬৯.৬৫</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	০.০০	০.০০	০.০০	০.০০
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	৩৩৩.৯২	২৯২.৩৫	০.০০	০.০০
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৬৩৩.০০	২১১৮.৫০	২৮৯৫.৬৫	৬৬৭.১৪
১৬.	মোট সম্পদ	৯০৬৭৪৪.৪৬	৯০৫৯৫৩.৯৮	৮৫৪০৭৫.১২	৯০৪৫৭২.৬০
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	১০০:০	১০০:০	১০০:০	১০০:০
১৮.	মোট জনবল (সংখ্যা)	৩২২	৩২২	৪০৫	৩০১

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৮০৬.৮৩ লক্ষ ও ৫৩৬৯.৫৬ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৭৪৫.৪৩ লক্ষ ও ৫৩১৪.৯৯ লক্ষ টাকা। ফলে এ প্রতিষ্ঠানের ব্যয় উদ্ধৃত আয় দাঁড়াবে যথাক্রমে ৬১.৪০ লক্ষ ও ৫৪.৫৭ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থ বছরে এ সংস্থার ৩৭৪৫.৬২ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৩৬৭৫.৯৭ লক্ষ টাকা এবং ব্যয় উদ্ধৃত আয়ের পরিমাণ ছিল ৬৯.৬৫ লক্ষ টাকা।

২০১৯-২০ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার প্রধান কার্যালয়ের মোট সম্পদের পরিমাণ ছিল ৯০৪৫৭২.৬০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ১০০:০। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার প্রধান কার্যালয়ের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৯০৫৯৫৩.৯৮ লক্ষ ও ৯০৬৭৪৪.৪৬ লক্ষ টাকা এবং উভয় বাজেটে ঋণ মূলধন অনুপাত দাঁড়াবে ১০০:০। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার প্রধান কার্যালয়ে কর্মরত জনবলের সংখ্যা ছিল ৩০১ জন। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থাটির প্রধান কার্যালয়ের জনবলের সংখ্যা দাঁড়াবে ৩২২ জন।

**বাংলাদেশ পাটকল কর্পোরেশন**  
**ইউনিটসমূহ**

বাংলাদেশ পাটকল কর্পোরেশন এর অধীন ৩(তিন)টি নন-জুট প্ল্যান্টসহ মোট ২৬ টি মিল ছিল। যা সরকারি সিদ্ধান্তে বর্তমানে বন্ধ রয়েছে। ইউনিট সমূহের বাজেট - সংক্ষিপ্তসার নিম্নরূপ:

**বাজেট-সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
০১.	<b>আয়</b>				
	বিক্রয় রাজস্ব	০.০০	৫১৯৭১.২৫	২১৭২৯০.১৩	৯১৫৭৭.৫০
০২.	<b>ব্যয়</b>				
	উৎপাদন ব্যয়	১৭৯৫৯.৬৭	৭৬২৭৭.০৮	২৯২৭৩৭.৭০	১৫৬০৩২.১৬
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	৫৪৬.৭০	৫৯৬০.৬৭	১১৫৭৪.১৮	৬০০১.২০
০৪.	<b>মোট ব্যয় (২+৩)</b>	<b>১৮৫০৬.৩৭</b>	<b>৮২২৩৭.৭৫</b>	<b>৩০৪৩১১.৮৮</b>	<b>১৬২০৩৩.৩৬</b>
০৫.	<b>পরিচালন মুনাফা/(লোকসান)( ১-৪)</b>	<b>-১৮৫০৬.৩৭</b>	<b>-৩০২৬৬.৫০</b>	<b>-৮৭০২১.৭৫</b>	<b>-৭০৪৫৫.৮৬</b>
০৬.	অ-পরিচালন আয়	৪০২.৪০	৩৭৬.৯০	৪৮৫.৭০	৩২৪.০৮
০৭.	অ-পরিচালন ব্যয়	৮৩১৫.২০	৮১৮৭.৬৯	৮২২৪.০৬	৭৩২০.৩৯
০৮.	আয়কর	০.০০	০.০০	০.০০	০.০০
০৯.	<b>নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)</b>	<b>-২৬৪১৯.১৭</b>	<b>-৩৮০৭৭.২৯</b>	<b>-৯৪৭৬০.১১</b>	<b>-৭৭৪৫২.১৭</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট	৫৭৭.৪৩	৯৩৪.৭৮	২৩১৪.৭১	১২৪৭.৭৪
১২.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএল সহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	২৫২.০৪	৭৭৭.০৪	৪৩৬২.৩২	২৯৬৭.০৭
১৪.	মোট সম্পদ	১৬৪৫২৪১.৮৯	১৬২২৪৮৯.৫৯	১৬৯০২১৮.১৭	১৬০১২০৭.৬৬
১৫.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity)	৯৯:১	৯৭:৩	৯২:৮	৯৫:৫
১৬.	মোট জনবল (সংখ্যা)	২৮০৪	২৭৪১৬	৩৪৭৪৬	৩২০৫২

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিজেএমসি'র উৎপাদিত পণ্যদ্রব্যের মোট বিক্রয় রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫১৯৭১.২৫ লক্ষ ও ০.০০ লক্ষ টাকা। এর বিপরীতে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮২২৩৭.৭৫ লক্ষ ও ১৮৫০৬.৩৭ লক্ষ টাকা। ফলে ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে ব্যয় পরবর্তী পরিচালন লোকসান দাঁড়াবে ৩০২৬৬.৫০ লক্ষ টাকা। অপরদিকে ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংশোধিত বাজেট হ'তে বৃদ্ধি পেয়ে পরিচালন লোকসান ১৮৫০৬.৩৭ লক্ষ টাকায় দাঁড়াবে। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে অপরিচালন আয় ও ব্যয় সমন্বয়ের ফলে নিট লোকসানের পরিমাণ দাঁড়াবে ৩৮০৭৭.২৯ লক্ষ টাকা, যা ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ২৬৪১৯.১৭ লক্ষ টাকা হবে। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ৯১৫৭৭.৫০ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ১৬২০৩৩.৩৬ লক্ষ টাকা এবং পরিচালন লোকসানের পরিমাণ ছিল ৭০৪৫৫.৮৬ লক্ষ টাকা। অপরিচালন আয় ও ব্যয় সমন্বয়ের পর নিট লোকসানের পরিমাণ ছিল ৭৭৪৫২.১৭ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ হিসাবে কোন লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের পরিমাণ ছিল ১২৪৭.৭৪ লক্ষ টাকা। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১৬০১২০৭.৬৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৯৫:৫। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১৬২২৪৮৯.৫৯ লক্ষ ও ১৬৪৫২৪১.৮৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ৯৭:৩ ও ৯৯:১। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ইউনিটসমূহের কর্মরত জনবলের সংখ্যা ছিল ৩২,০৫২ জন। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহের কর্মরত জনবলের সংখ্যা দাঁড়াবে যথাক্রমে ২৭,৪১৬ ও ২,৮০৪ জন।

## বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন

### প্রধান কার্যালয়

১৯৭২ সালে রাষ্ট্রপতির ২৭ নং আদেশে প্রতিষ্ঠিত বাংলাদেশ ইস্পাত মিল কর্পোরেশন ও বাংলাদেশ জাহাজ নির্মাণ কর্পোরেশন ১৯৭২ সালের ১ জুলাই হতে কার্যক্রম শুরু করে। ১৯৭৬ সালের জুলাই মাসে শিল্প প্রতিষ্ঠান সংক্রান্ত দ্বিতীয় সংশোধনী অনুযায়ী উল্লিখিত কর্পোরেশনদ্বয় একীভূত করে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন নামকরণ করা হয়। বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের প্রধান কার্যালয়ের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
	<b>আয়</b>				
০১.	ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি	৪০০.০০	৪০০.০০	৪০০.০০	৪০০.০০
০২.	সরকারি অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	০.০০
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ	১১০০.০০	১০৯০.০০	৯২০.০০	১০০৮.২২
০৫.	অন্যান্য	৫০১.০০	৫০১.০০	৬৯৬.৩০	৫১৮.৫৫
০৬.	<b>মোট আয় (০১+... +০৫)</b>	<b>২০০১.০০</b>	<b>১৯৯১.০০</b>	<b>২০১৬.৩০</b>	<b>১৯২৬.৭৭</b>
	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	৯৭৪.৪৫	৯৩৯.৪৫	১০৫০.৩০	৯৭৩.৬৬
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	২৬০.০০	২৬০.০০	৩০০.০০	১৫৮.২০
০৯.	অন্যান্য ব্যয়	৬২৩.০০	৬০৮.০০	৭৫৬.০০	৬৭৪.১৪
১০.	<b>মোট ব্যয় (০৭+... +০৯)</b>	<b>১৮৫৭.৪৫</b>	<b>১৮০৭.৪৫</b>	<b>২১০৬.৩০</b>	<b>১৮০৬.০০</b>
১১.	<b>ব্যয় উদ্ধৃত আয়/ঘাটতি (০৬-১০)</b>	<b>১৪৩.৫৫</b>	<b>১৮৩.৫৫</b>	<b>-৯০.০০</b>	<b>১২০.৭৭</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ√	৫০০.০০	৫০০.০০	৫০০.০০	১০০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	৩৬৯৯১.৩৬	২৫০৪৮.৯৮	৬৩৯৬৪.৩১	৩০০৮১.২৫
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৩৪৪.৫০	৩৪২.৫০	৩৪০.০০	৩৪৩.৩৬
১৬.	মোট সম্পদ	১৯১৭৫৬.৫৪	১৯১৪২১.৫৪	১৮৭৪৯৯.৯৬	১৯১২৮৬.৫৪
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৮৪:১৬	৮৪:১৬	৮৩:১৭	৮৪:১৬
১৮.	মোট জনবল (সংখ্যা)	১৯৩	১৯৩	১৯৩	১৩৮

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৯৯১.০০ লক্ষ ও ২০০১.০০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৮০৭.৪৫ লক্ষ ও ১৮৫৭.৪৫ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্ধৃত আয় দাঁড়াবে যথাক্রমে ১৮৩.৫৫ লক্ষ ও ১৪৩.৫৫ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংস্থার ১৯২৬.৭৭ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ১৮০৬.০০ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্ধৃত আয়ের পরিমাণ ছিল ১২০.৭৭ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে লভ্যাংশ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৫০০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশের পরিমাণ ছিল ১০০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১৯১২৮৬.৫৪ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৮৪:১৬। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১৯১৪২১.৫৪ লক্ষ ও ১৯১৭৫৬.৫৪ লক্ষ টাকা এবং ঋণমূলধন অনুপাত যথাক্রমে ৮৪:১৬ ও ৮৪:১৬। ২০১৯-২০ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ১৩৮ জন। ২০২০-২১ এবং ২০২১-২২ উভয় অর্থবছরে প্রধান কার্যালয়ের জনবলের সংখ্যা দাঁড়াবে ১৯৩ জন।

**বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন**  
**ইউনিটসমূহ**

প্রতিষ্ঠার শুরুতে বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন এর নিয়ন্ত্রণাধীন ৬৪টি শিল্প প্রতিষ্ঠান ছিল। পরবর্তীকালে কর্পোরেশন কর্তৃক ২টি নতুন শিল্প প্রতিষ্ঠান যথা-চিটাগাং ড্রাইডক এবং বাংলাদেশ ব্লেন্ড ফ্যাক্টরি স্থাপন করা হয়। সরকারের বর্তমান বেসরকারিকরণ নীতির আওতায় কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কিছু শিল্প প্রতিষ্ঠান হতে পুঁজি প্রত্যাহার ও কিছু অবলুপ্ত ঘোষণার কারণে বর্তমানে কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন চালু শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা ৯টি। এ সকল শিল্প প্রতিষ্ঠানে মোটরগাড়ি ও মোটর সাইকেল সংযোজনসহ বৈদ্যুতিক কেবলস, ট্রান্সফরমার, বাব্ব, সেভিং ব্লেন্ড ইত্যাদি উৎপাদন করা হয়। বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশনের ইউনিটসমূহের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

**বাজেট-সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
০১.	<b>আয়</b> বিক্রয় রাজস্ব	৯৬৬৬৩.৪৯	৭৩০৪২.৯৯	১০৫৭৯০.৫৪	৮৮১১৫.৯৯
০২.	<b>ব্যয়</b> উৎপাদন ব্যয়	৮২৫৯৪.৪৩	৬৪১২৮.২৩	৮৭৮৭৪.৩৩	৭৯৫৮১.৪৫
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	৫৯৩৭.৮৬	৬০৭৩.৯৬	৬৭৫২.৪৩	৪৯৭৪.২৮
০৪.	<b>মোট ব্যয় (২+৩)</b>	<b>৮৮৫৩২.২৯</b>	<b>৭০২০২.১৯</b>	<b>৯৪৬২৬.৭৬</b>	<b>৮৪৫৫৫.৭৩</b>
০৫.	<b>পরিচালন মুনাফা/ (লোকসান) (১-৪)</b>	<b>৮১৩১.২০</b>	<b>২৮৪০.৮০</b>	<b>১১১৬৩.৭৮</b>	<b>৩৫৬০.২৬</b>
০৬.	অ-পরিচালন আয়	৪০৮০.৬৫	৪২৭৫.৬০	৪৬৭১.৬৫	৩৩২৮.৬৪
০৭.	অ-পরিচালন ব্যয়	১৬৬৯.১১	১৩৭২.০৭	১৮৩৭.১৯	১৫৭১.৮৭
০৮.	আয়কর	৩৬৮৯.৮৮	২০২৩.৭১	৪৭৭৫.৭০	২৯৫৫.৪৯
০৯.	<b>নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)</b>	<b>৬৮৫২.৮৬</b>	<b>৩৭২০.৬২</b>	<b>৯২২২.৫৪</b>	<b>২৩৬১.৫৪</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	৩৬৯৯১.৩৬	২৫০৪৮.৯৮	৬৩৯৬৪.৩১	৩০০৮১.২৫
১২.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	০.০০	০.০০	৫০০.০০	০.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	১০৬৭৬.০০	২৫১৪.৫০	১৯১৯৪.০০	৪১৪.১৩
১৪.	মোট সম্পদ	৩৭৫২৬৬.৭৪	৩৪৭৮৪৬.৫০	৩৬৩৫৮৬.৬১	৩৩০৪৬৮.৫৩
১৫.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৪৮:৫২	৪৬:৫৪	৫৯:৪১	৪৪:৫৬
১৬.	মোট জনবল (সংখ্যা)	২২৭৯	২৪২৩	২৩০৬	১৩৪৭

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৭৩০৪২.৯৯ লক্ষ ও ৯৬৬৬৩.৪৯ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৭০২০২.১৯ লক্ষ ও ৮৮৫৩২.২৯ লক্ষ টাকা। ফলে পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ২৮৪০.৮০ লক্ষ ও ৮১৩১.২০ লক্ষ টাকা এবং নিটমুনাফার পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৩৭২০.৬২ ও ৬৮৫২.৮৬ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংস্থার ৮৮১১৫.৯৯ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৮৪৫৫৫.৭৩ লক্ষ টাকা। ফলে পরিচালন মুনাফার পরিমাণ ছিল ৩৫৬০.২৬ লক্ষ টাকা ও নিটমুনাফার পরিমাণ ছিল ২৩৬১.৫৪ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদানের পরিমাণ ধার্য করা হয়েছে যথাক্রমে ২৫০৪৮.৯৮ লক্ষ ও ৩৬৯৯১.৩৬ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সরকারি কোষাগারে প্রদানকৃত সংস্থার মোট অবদান ছিল ৩০০৮১.২৫ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী প্রতিষ্ঠানসমূহের মোট সম্পদের পরিমাণ ছিল ৩৩০৪৬৮.৫৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৪৪:৫৬। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ হবে যথাক্রমে ৩৪৭৮৪৬.৫০ লক্ষ টাকা ও ৩৭৫২৬৬.৭৪ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে যথাক্রমে ৪৬:৫৪ ও ৪৮:৫২। ২০১৯-২০ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ১৩৪৭ জন। ২০২০-২১ অর্থবছরে এবং ২০২১-২২ অর্থবছরে সংস্থায় মোট কর্মরত জনবলের সংখ্যা হবে যথাক্রমে ২৪২৩ ও ২২৭৯ জন।

**বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন**  
**প্রধান কার্যালয়**

**The Bangladesh Industrial Enterprises (Nationalisation) order 1972** (১৯৭২ সালের রাষ্ট্রপতির ২৭- নং আদেশ) বলে বাংলাদেশ সুগার মিলস্ করপোরেশন প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ১লা জুলাই ১৯৭৬খ্রি. হ'তে রাষ্ট্রপতির ২৫ নং আদেশবলে (সংশোধিত) বাংলাদেশ সুগার মিলস্ করপোরেশন এবং বাংলাদেশ ফুড অ্যান্ড এলাইড করপোরেশনকে একীভূত করে বাংলাদেশ সুগার অ্যান্ড ফুড ইন্ডাস্ট্রিজ করপোরেশন (বিএসএফআইসি) প্রতিষ্ঠিত হয়। বর্তমানে বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন ২০১৮ অনুসারে বিএসএফআইসি পরিচালিত হচ্ছে। দি জেনারেল রুজ অ্যাক্ট-১৮৯৭ এর ২৮ ধারা (দি জেনারেল রুজ অ্যামেন্ডমেন্ট অর্ডার-১৯৭২) অনুযায়ী বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) একটি স্থানীয় কর্তৃপক্ষ। প্রতিষ্ঠালগ্নে এই সংস্থার আওতায় ১৭টি চিনিকল এবং ৫৫টি ফুড এন্ড এ্যালাইড ইন্ডাস্ট্রি অর্থাৎ মোট ৭২টি শিল্প প্রতিষ্ঠান এর নিয়ন্ত্রণাধীন ছিল। পরবর্তীতে ৪টি শিল্প প্রতিষ্ঠান নতুনভাবে স্থাপনের পর মোট প্রতিষ্ঠানের সংখ্যা দাঁড়ায় ৭৬টি। এর মধ্য হতে বিভিন্ন সময়ে সরকারি সিদ্ধান্তে ৫৯টি শিল্প প্রতিষ্ঠান বিরাস্ত্রীয়করণ করা হয়। এছাড়া ১টি চিনিকলের কারখানা অতি পুরাতন হওয়ায় ক্ষয়প্রাপ্ত হিসেবে বিক্রয় করা হয়। বিরাস্ত্রীয়করণকৃত শিল্প প্রতিষ্ঠানসমূহের মধ্যে ৫টি শিল্প প্রতিষ্ঠান চালু থাকলেও অবশিষ্ট প্রতিষ্ঠানগুলো বন্ধ অবস্থায় রয়েছে। বর্তমানে ১৫টি চিনিকল, ১টি ইঞ্জিনিয়ারিং কারখানা এবং ২টি বাণিজ্যিক প্রতিষ্ঠান নিয়ে করপোরেশন এর কর্মকান্ড অব্যাহত আছে। বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর বাজেট - সংক্ষিপ্তসার নিম্নরূপ:

**বাজেট-সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
০১.	<b>আয়</b>				
০১.	ইউনিট সমূহ হ'তে সংগৃহীত লেভি	৩২৩৩.৮৫	৩২২৮.৯৬	২৬৪৫.৮৬	২৫০৬.৯৩
০২.	সরকারি অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	০.০০
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ	৪১৪.৪১	২৭৪.৮৫	৮৯৪.৩০	৪৩০.৬৩
০৫.	অন্যান্য	৩৫.৩৮	২৮.২৭	৩৮.০০	২৫৩.২০
০৬.	<b>মোট আয় (০১+...+০৫)</b>	<b>৩৬৮৩.৬৪</b>	<b>৩৫৩২.০৮</b>	<b>৩৫৭৮.১৬</b>	<b>৩১৯০.৭৬</b>
০৭.	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	২৫৬১.৭৬	২৪৭৮.২৯	২৪২০.২৭	২৩৩৫.৮৯
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	৪৭৮.৫৬	৪৫৩.২৭	৪৫৮.৯১	৩৯৪.৮১
০৯.	অন্যান্য ব্যয়	৬৪৩.৩২	৬০০.৫২	৬৯৮.৯৮	৪৬০.০৬
১০.	<b>মোট ব্যয় ( ০৭+...+০৯)</b>	<b>৩৬৮৩.৬৪</b>	<b>৩৫৩২.০৮</b>	<b>৩৫৭৮.১৬</b>	<b>৩১৯০.৭৬</b>
১১.	<b>ব্যয় উদ্ধৃত আয়/( ঘাটতি) (০৬-১০)</b>	<b>০.০০</b>	<b>০.০০</b>	<b>০.০০</b>	<b>০.০০</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	০.০০	০.০০	০.০০	০.০০
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৬৮০.৯০	৭৫৯.৬৯	৪৭৬৯.৬০	৮.২৮
১৬.	মোট সম্পদ	৪৫৩৯৯৩.৮৩	৪৫৩৩৭৭.৯৮	৪২৬৩৩৫.১৮	৪৫২৬৮১.৬৬
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৯৮:২	৯৮:২	৯৮:২	৯৮:২
১৮.	মোট জনবল (সংখ্যা)	২৫৭	২৫৭	২৫৭	২৫৭

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিএসএফআইসির প্রধান কার্যালয়ের মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৫৩২.০৮ লক্ষ ও ৩৬৮৩.৬৪ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৫৩২.০৮ লক্ষ ও ৩৬৮৩.৬৪ লক্ষ টাকা। ফলে সংস্থার প্রধান কার্যালয়ের কোন ব্যয় উদ্ধৃত আয় থাকবে না। উল্লেখ্য, ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ৩১৯০.৭৬ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৩১৯০.৭৬ লক্ষ টাকা।

২০১৯-২০ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার প্রধান কার্যালয়ের মোট সম্পদের পরিমাণ ছিল ৪৫২৬৮১.৬৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হিসাব করা হয়েছে ৯৮:২। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে প্রধান কার্যালয়ের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৪৫৩৩৭৭.৯৮ লক্ষ ও ৪৫৩৯৯৩.৮৩ লক্ষ টাকা। উভয় বাজেটে ঋণ মূলধন অনুপাত হবে ৯৮:২। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের সংস্থার প্রধান কার্যালয়ে কর্মরত জনবলের সংখ্যা ছিল ২৫৭ জন। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এ সংস্থার প্রধান কার্যালয়ের জনবলের সংখ্যা দাঁড়াবে ২৫৭ জন।

**বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন**  
**ইউনিটসমূহ**

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর অধীন বর্তমানে মোট ১৫টি মিল চালু অবস্থায় আছে। উক্ত ১৫ টি মিলের বাজেট - সংক্ষিপ্তসার নিম্নরূপ:

**বাজেট-সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
০১.	<b>আয়</b>				
	বিক্রয় রাজস্ব	৪৮১৩০.৭২	৬০৪৬৯.৮৩	৭৬২৩৮.৮৮	৬৭৪৮৬.৭৯
০২.	<b>ব্যয়</b>				
	উৎপাদন ব্যয়	৭৭৪৫৮.৯৭	১০২৩৭২.০৮	১২০৬৮৫.৩৩	১০৩৫৭৬.৮৮
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	৭,০৩৬.৮৬	৭,৪০৫.২১	৯৫২১.৯৬	৯৬৯৪.৬৭
০৪.	<b>মোট ব্যয় (২+৩)</b>	<b>৮৪৪৯৫.৮৩</b>	<b>১০৯৭৭৭.২৯</b>	<b>১৩০২০৭.২৯</b>	<b>১১৩২৭১.৫৫</b>
০৫.	<b>পরিচালন মুনাফা/ (লোকসান) (১-৪)</b>	<b>-৩৬৩৬৫.১১</b>	<b>-৪৯৩০৭.৪৬</b>	<b>-৫৩৯৬৮.৪১</b>	<b>-৪৫৪৮৭.৭৬</b>
০৬.	অ-পরিচালন আয়	৬১১৫.২৬	১১৮৭৯.১০	১০৪১৬.৯২	৭০০৩.৬২
০৭.	অ-পরিচালন ব্যয়	৬০৭৭২.৫৩	৫৯৭৬৭.২৯	৬০৯৭৭.৯২	৫৪১২৭.৫৯
০৮.	আয়কর	০.০০	০.০০	০.০০	০.০০
০৯.	<b>নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)</b>	<b>-৯১০২২.৩৮</b>	<b>-৯৭১৯৫.৬৫</b>	<b>-১০৪৫২৯.৪১</b>	<b>-৯২৯০৮.৭৩</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	১০৫৬৪.৭২	১০৬০৭.৮৬	১৩৪৭৭.০২	৮৭৫৭.৬৫
১২.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএল সহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	১২৪৮৯.৯৫	৪৩৮৪.৮৫	৬২৮৩০.৪৪	২১৭০.৩২
১৪.	মোট সম্পদ	১৭৭৮৭০.৭৩	১৫৪৩০৫.৬৭	২২০৪৬৮.৩৬	১৪০০০২.৯০
১৫.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৬৩৪:-৫৩৪	৬৫৭:-৫৫৭	৪৯৮:-৩৯৮	৬৪৪:-৫৪৪
১৬.	মোট জনবল (সংখ্যা)	১২৮৯৭	১৩১৮৯	১৩৪৫৯	১৩২০০

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিএসএফআইসি'র উৎপাদিত পণ্যদ্রব্যের মোট বিক্রয় রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৬০৪৬৯.৮৩ লক্ষ ও ৪৮১৩০.৭২ লক্ষ টাকা। এর বিপরীতে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১০৯৭৭৭.২৯ লক্ষ ও ৮৪৪৯৫.৮৩ লক্ষ টাকা। ফলে এ সংস্থার পরিচালন লোকসান দাঁড়াবে যথাক্রমে ৪৯৩০৭.৪৬ লক্ষ ও ৩৬৩৬৫.১১ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে অ-পরিচালন আয় ও ব্যয় সমন্বয়ের ফলে নিট লোকসানের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৯৭১৯৫.৬৫ লক্ষ ও ৯১০২২.৩৮ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে এ সংস্থার ৬৭৪৮৬.৭৯ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ১১৩২৭১.৫৫ লক্ষ টাকা এবং পরিচালন লোকসানের পরিমাণ ছিল ৪৫৪৮৭.৭৬ লক্ষ টাকা। অ-পরিচালন আয় ও ব্যয় সমন্বয়ের পর নিট লোকসানের পরিমাণ ছিল ৯২৯০৮.৭৩ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ হিসাবে কোন লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের পরিমাণ ছিল ৮৭৫৭.৬৫ লক্ষ টাকা। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১৪০০০২.৯০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৬০৬:-৫০৬। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১৫৪৩০৫.৬৭ লক্ষ ও ১৭৭৮৭০.৭৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৬৫৭:-৫৫৭ ও ৬৩৪:-৫৩৪। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরে সংস্থার ইউনিটসমূহে কর্মরত জনবলের সংখ্যা ছিল ১৩,২০০ জন। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহের কর্মরত জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১৩,১৮৯ জন ও ১২,৮৯৭ জন।

**বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন**  
**প্রধান কার্যালয়**

বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন, ২০১৮ এর ২৫ নং আইন বলে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) পরিচালিত হয় (পুরাতন ১৯৭২ সালের রাষ্ট্রপতির ২৭ নং আদেশ)। বিসিআইসি'র প্রধান কার্যালয়ের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

**বাজেট-সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
	<b>আয়</b>				
০১.	ইউনিট সমূহ হ'তে সংগৃহীত লেভি	১০২২৩.৫৫	১০৪৪৫.০১	১০০৫৩.৬৮	১১১৯৮.৫৬
০২.	সরকারি অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	০.০০
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ	১১৭১.২১	১২৭০.৫২	১২৫২.৭৮	১২৫৫.১৩
০৫.	অন্যান্য	৪৮১০৭৩.০৫	৪৮০৫৩৩.২৪	৫৪০৬৮৪.৬৫	৫০৬৫৪৩.৭৮
০৬.	<b>মোট আয় (০১+...+০৫)</b>	<b>৪৯২৪৬৭.৮১</b>	<b>৪৯২২৪৮.৭৭</b>	<b>৫৫১৯৯১.১১</b>	<b>৫১৮৯৯৭.৪৭</b>
	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	৪৭৩২.৮২	৪৫০৯.২০	৪৮৯০.৪১	৪২৬৫.২৭
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	১০০৩.৭৬	৯৫৮.৩৪	৯০৩.০৯	২৪৬২.২৪
০৯.	অন্যান্য ব্যয়	৪৮৬৭৩১.২৩	৪৮৬৭৮১.২৩	৫৪৬১৯৭.৬১	৫১২২৬৯.৯৬
১০.	<b>মোট ব্যয় (০৭+...+০৯)</b>	<b>৪৯২৪৬৭.৮১</b>	<b>৪৯২২৪৮.৭৭</b>	<b>৫৫১৯৯১.১১</b>	<b>৫১৮৯৯৭.৪৭</b>
১১.	<b>ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি) (০৬--১০)</b>	<b>০.০০</b>	<b>০.০০</b>	<b>০.০০</b>	<b>০.০০</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ ✓	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট	০.০০	০.০০	০.০০	০.০০
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	১৮১৫৪.৩৫	১৩৫৪০.৯৮	৩৪৮৫৫.৫১	১৭৩১৬২.১৪
১৬.	মোট সম্পদ	১৭৯৬৬২৯.৭৯	১৭৭৮৮৯৫.৪৪	১৭৫৮৮৯৩.৪৪	১৭৬৫৭৭৪.৪৬
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity)	৫৭:৪৩	৫৭:৪৩	৫৬:৪৪	৫৭:৪৩
১৮.	মোট জনবল (সংখ্যা)	৮৩৯	৮৩৯	৮৩৯	৬১২

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহ হ'তে লেভি ও অন্যান্য আয়সহ মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৯২২৪৮.৭৭ লক্ষ ও ৪৯২২৪৮.৭৭ লক্ষ টাকা এবং তার বিপরীতে উক্ত অর্থবছরে ব্যয়ের পরিমাণ একই রকম থাকবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ফলে কোন উদ্বৃত্ত থাকবে না। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ৫১৮৯৯৭.৪৭ লক্ষ টাকার আয়ের বিপরীতে সম-পরিমাণ অর্থ ব্যয় হওয়ায় কোন উদ্বৃত্ত ছিল না।

২০১৯-২০ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১৭৬৫৭৭৪.৪৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৫৭:৪৩। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার প্রধান কার্যালয়ের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১৭৭৮৮৯৫.৪৪ লক্ষ ও ১৭৯৬৬২৯.৭৯ লক্ষ টাকা। ঋণ মূলধন অনুপাত হবে যথাক্রমে ৫৭:৪৩ ও ৫৭:৪৩। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৬১২ জন। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থার প্রধান কার্যালয়ের জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে ৮৩৯ জন।



**বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন**  
**ইউনিটসমূহ**  
**বর্তমানে সংস্থার নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের**  
**বাজেট-সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
০১.	<b>আয়</b> বিক্রয় রাজস্ব	৩৬৬২৮৭.৪০	২৭০৬১৩.০৪	৩৪৯০০৬.৫৯	১৮৮৩৮২.৬৬
০২.	<b>ব্যয়</b> উৎপাদন ব্যয়	৩৪৬০৪০.৬৫	২৭৫৬৪৩.৫২	৩২০৮৬৩.৯৪	২০৬৫৩০.১৬
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	৫৩৭৪১.২৭	৫৩৮২৮.৫৩	৫০৭৬৯.০১	৪৬০৪৬.৭৫
০৪.	<b>মোট ব্যয় (২+৩)</b>	<b>৩৯৯৭৮১.৯২</b>	<b>৩২৯৪৭২.০৫</b>	<b>৩৭১৬৩২.৯৫</b>	<b>২৫২৫৭৬.৯১</b>
০৫.	<b>পরিচালন মুনাফা/(লোকসান) (১-৪)</b>	<b>-৩৩৪৯৪.৫২</b>	<b>-৫৮৮৫৯.০১</b>	<b>-২২৬২৬.৩৬</b>	<b>-৬৪১৯৪.২৫</b>
০৬.	অ-পরিচালন আয়	২৪৩২৭.৪৩	২৫০১৮.৪৫	২৪৪৭৬.৩৯	২৭৫৩৩.৩৩
০৭.	অ-পরিচালন ব্যয়	২১২৬২.৪৭	২৭৬৮২.৭২	২৮৪৫৪.৪১	২৯৬৯৩.০৩
০৮.	আয়কর	৬৭৪৬.৩২	৬০৭৬.১১	১০০৩৬.২২	৩৮৬৩.৬২
০৯.	<b>নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)</b>	<b>-৩৭১৭৫.৮৮</b>	<b>-৬৭৫৯৯.৩৯</b>	<b>-৩৬৬৪০.৬০</b>	<b>-৭০২১৭.৫৭</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ ✓	১০০০.০০	১০০০.০০	১০০০.০০	১০০০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট	৩১৩৫১.৬২	২৯৯৫৬.৫০	৩০২৪৯.৮০	২৯৮৩৩.৫২
১২.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএল সহ)	১১০০৩.৫৮	১৮০০৩.৫৮	১৩৯১৪.৩৮	২০৭০০.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৩৩৯৫৫৯.৯৮	৮৭৮৩১.৪৫	৩২৫৫৭০.৯৫	৮৫৫৭২.৪৫
১৪.	মোট সম্পদ	১৮৯৫৩০২.৭৭	১৫২৩৮৭৯.০৪	১৯৪৩৭৩৭.৩৯	১৪১১৪৮৮.৮৮
১৫.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity) Ratio)	৮৮:১২	৮২:১৮	৮৫:১৫	৭৬:২৪
১৬.	মোট জনবল (সংখ্যা)	৮০১৯	৮১২১	৮৬৬২	৬৭৬০

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিসিআইসি'র ইউনিটসমূহের উৎপাদিত পণ্যদ্রব্যের মোট বিক্রয় রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৭০৬১৩.০৪ লক্ষ ও ৩৬৬২৮৭.৪০ লক্ষ টাকা। এর বিপরীতে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩২৯৪৭২.০৫ লক্ষ ও ৩৯৯৭৮১.৯২ লক্ষ টাকা। ফলে ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ব্যয় পরবর্তী পরিচালন লোকসান দাঁড়াবে যথাক্রমে ৫৮৮৫৯.০১ লক্ষ ও ৩৩৪৯৪.৫২ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে অ-পরিচালন আয় অর্থাৎ ব্যাংকে জমাকৃত অর্থের সুদ যোগ করার ফলে এবং অ-পরিচালন ব্যয় ও আয়কর পরিশোধের পর কর উত্তর নীট লোকসান দাঁড়াবে যথাক্রমে ৬৭৫৯৯.৩৯ লক্ষ ও ৩৭১৭৫.৮৮ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ১৮৮৩৮২.৬৬ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২৫২৫৭৬.৯১ লক্ষ টাকা এবং পরিচালন লোকসানের পরিমাণ ছিল ৬৪১৯৪.২৫ লক্ষ টাকা। অ-পরিচালন আয় অর্থাৎ ব্যাংকে জমাকৃত অর্থের সুদ যোগ করার ফলে এবং অ-পরিচালন ব্যয় ও আয়কর পরিশোধের পর ২০১৯-২০ অর্থবছরে সংস্থার নীট লোকসানের পরিমাণ ছিল ৭০২১৭.৫৭ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ১০০০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদান/লভ্যাংশ প্রদান করা হয়েছে ১০০০.০০ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশসহ মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৯৯৫৬.৫০ লক্ষ ও ৩১৩৫১.৬২ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক লভ্যাংশসহ সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের পরিমাণ ছিল ২৯৮৩৩.৫২ লক্ষ টাকা। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার ইউনিটসমূহের মোট সম্পদের পরিমাণ ছিল ১৪১১৪৮৮.৮৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৭৬:২৪। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১৫২৩৮৭৯.০৪ লক্ষ ও ১৮৯৫৩০২.৭৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ৮২:১৮ ও ৮৮:১২। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরে সংস্থার ইউনিটসমূহে কর্মরত জনবলের সংখ্যা ছিল ৬,৭৬০ জন। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহের জনবলের সংখ্যা বৃদ্ধি দাঁড়াবে যথাক্রমে ৮,১২১ ও ৮,০১৯ জন।

## বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

### প্রধান কার্যালয়

১৯৫৯ সালের XIINং অধ্যাদেশ বলে তৎকালীন পূর্ব পাকিস্তান বনশিল্প উন্নয়ন কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়। পরবর্তীকালে বাংলাদেশের অভ্যুদয়ের পর ১৯৭২ সালে রাষ্ট্রপতির ২৭নং আদেশ বলে এর নামকরণ করা হয় ‘বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন।’ এ কর্পোরেশনের মূল লক্ষ্য হচ্ছে দুর্গম বনাঞ্চল হতে কাঠ ও বনজ সম্পদ সংগ্রহ ও প্রক্রিয়াকরণের মাধ্যমে বনজ সম্পদ নির্ভর শিল্পের উন্নয়ন তথা দেশকে বনজ সম্পদে স্বনির্ভর করে তোলা এবং উদ্বৃত্ত উৎপাদন রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা আয় করা। বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের প্রধান কার্যালয়ের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট- সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
<b>আয়</b>					
০১.	ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি	৮০০.০০	৮০০.০০	১১৮২.৩৫	৮৯২.৩০
০২.	সরকারি অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	০.০০
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ	১২০০.০০	১৪০০.০০	৭০০.০০	১৬৪০.৭৪
০৫.	অন্যান্য	১.০০	০.৫০	১.০০	৩.৯০
<b>০৬.</b>	<b>মোট আয় (১+... +৫)</b>	<b>২০০১.০০</b>	<b>২২০০.৫০</b>	<b>১৮৮৩.৩৫</b>	<b>২৫৩৬.৯৪</b>
<b>ব্যয়</b>					
০৭.	বেতন ও ভাতাদি	৭৭০.০০	৬৭৫.১৫	৮০১.৫০	৬৪৭.৪৫
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	১৪২.০০	১২০.০০	১৫০.০০	১১৭.৬২
০৯.	অন্যান্য ব্যয়	৫৭০.৫০	৩৩০.১০	৪৪১.৫০	১৯২.৩৮
<b>১০.</b>	<b>মোট ব্যয় (০৭+... +০৯)</b>	<b>১৪৮২.৫০</b>	<b>১১২৫.২৫</b>	<b>১৩৯৩.০০</b>	<b>৯৫৭.৪৫</b>
<b>১১.</b>	<b>ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) (০৬-১০)</b>	<b>৫১৮.৫০</b>	<b>১০৭৫.২৫</b>	<b>৪৯০.৩৫</b>	<b>১৫৭৯.৪৯</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/ লভ্যাংশ√	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	১৬৩২.০০	২১২৮.০০	২০৮৭.৬০	১৫৮৬.১৮
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৩৯৮.৫০	৭৭.৮৫	৩০৪.৮৫	১০৫.৬৬
১৬.	মোট সম্পদ	৩২৯৫১.১৮	৩৫৬৩৪.১৮	২০২৮৮.৮৩	৩৬৫৬৪.১৮
১৭.	ঋণ মূলধন অনুপাত	৩৬:৬৪	৪২:৫৮	৩:৯৭	৪৬:৫৪
১৮.	মোট জনবল (সংখ্যা)	১২২	১১৮	১৫৫	১০৯

২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২২০০.৫০ লক্ষ ও ২০০১.০০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১১২৫.২৫ লক্ষ ও ১৪৮২.৫০ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ১০৭৫.২৫ লক্ষ ও ৫১৮.৫০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ২৫৩৬.৯৪ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৯৫৭.৪৫ লক্ষ টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ১৫৭৯.৪৯ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে লভ্যাংশ বাবদ ১০০.০০ লক্ষ টাকাসহ সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২১২৮.০০ ও ১৬৩২.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক ১০০.০০ লাখ টাকা লভ্যাংশসহ সরকারি কোষাগারে প্রদেয় অবদান ছিল ১৫৮৬.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৩৬৫৬৪.১৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৪৬:৫৪। ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখে সংস্থার মোট সম্পদের পরিমাণ হবে যথাক্রমে ৩৫৬৩৪.১৮ লক্ষ ও ৩২৯৫১.১৮ লক্ষ টাকা এবং ঋণমূলধন অনুপাত হবে যথাক্রমে ৪২:৫৮ ও ৩৬:৬৪। ২০১৯-২০ অর্থবছরে প্রধান কার্যালয়ে কর্মরত জনবলের সংখ্যা ছিল ১০৯ জন। ২০২০-২১ অর্থবছরে এবং ২০২১-২২ অর্থবছরে সংস্থার প্রধান কার্যালয়ে জনবলের সংখ্যা দাঁড়াবে যথাক্রমে ১১৮ ও ১২২ জন।

**বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন**  
**ইউনিটসমূহ**

বর্তমানে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কাঠজাত শিল্প ইউনিটের সংখ্যা ৮টি ও রাবার বাগানের সংখ্যা ১৮টি। এ সংস্থার উৎপাদিত সামগ্রীকে কয়েকটি শ্রেণিতে ভাগ করা হয়েছে, যেমন- গোল কাঠ, চিড়াই কাঠ, প্রক্রিয়াজাত কাঠ, ফার্ণিচার, রাবার ইত্যাদি। ১৮ টি রাবার বাগান হতে উৎপাদিত রাবার দেশের মোট চাহিদার প্রায় ৬৫% পূরণ করে আসছে। এতে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা সাশ্রয়সহ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থানের সৃষ্টি হচ্ছে। বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ইউনিটসমূহ এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

**বাজেট সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
০১.	<b>আয়</b> বিক্রয় রাজস্ব	২১৮৯১.৪৭	২০৮৫২.২৬	১৭৮১৯.৫১	১৩৯৭২.১৭
০২.	<b>ব্যয়</b> উৎপাদন ব্যয়	২২৩০৯.০৩	২১২৯৮.১২	১৪৫৩৯.৮৭	২০১৪২.২১
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	০.০০	০.০০	৫৬৮৩.৩৬	০.০০
০৪.	<b>মোট ব্যয় (২+৩)</b>	<b>২২৩০৯.০৩</b>	<b>২১২৯৮.১২</b>	<b>২০২২৩.২৩</b>	<b>২০১৪২.২১</b>
০৫.	<b>পরিচালন মুনাফা/(ক্ষতি) (১-৪)</b>	<b>-৪১৭.৫৬</b>	<b>-৪৪৫.৮৬</b>	<b>-২৪০৩.৭২</b>	<b>-৬১৭০.০৪</b>
০৬.	অ-পরিচালন আয়	৪৪২.৮০	৪৯০.৩০	৯৩৭.৬৩	৯৪৬.৩৬
০৭.	অ-পরিচালন ব্যয়	০.০০	০.০০	০.০০	০.০০
০৮.	আয়কর	০.০০	০.০০	০.০০	০.০০
০৯.	<b>নিট মুনাফা/(ক্ষতি) (৫+৬-৭-৮)</b>	<b>২৫.২৪</b>	<b>৪৪.৪৪</b>	<b>-১৪৬৬.০৯</b>	<b>-৫২২৩.৬৮</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	১৬৩২.০০	২১২৮.০০	২০৮৭.৬০	১৫৮৬.১৮
১২.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৪৩২০.৫২	১৭৩০.১৫	৯৬৪১.৮১	৬৮৫.২৬
১৪.	মোট সম্পদ	১২৪০৩২.০৩	১১২২৩৬.২৬	১২৯০৫০.৮৮	১০৩৫৪৯.৮৪
১৫.	ঋণ মূলধন অনুপাত(Debt Equity Ratio)	৭৫:২৫	৭২:২৮	৬৬:৩৪	৭০:৩০
১৬.	মোট জনবল (সংখ্যা)	৪৪৪২	৪৪৪২	৩৪৩৬	৪০৯৯

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২০৮৫২.২৬ লক্ষ ও ২১৮৯১.৪৭ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২১২৯৮.১২ লক্ষ ও ২২৩০৯.০৩ লক্ষ টাকা। ফলে পরিচালন ক্ষতির পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৪৪৫.৮৬ লক্ষ ও ৪১৭.৫৬ লক্ষ টাকা এবং নিটমুনাফার পরিমাণ দাঁড়াবে ৪৪.৪৪ লক্ষ ও ২৫.২৪ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ১৩৯৭২.১৭ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২০১৪২.২১ লক্ষ টাকা এবং পরিচালন লোকসানের পরিমাণ ছিল ৬১৭০.০৪ লক্ষ টাকা ও নিটক্ষতির পরিমাণ ছিল ৫২২৩.৬৮ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে বিভিন্ন ধরনের কর ও শুল্ক বাবদ প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ২১২৮.০০ লক্ষ ও ১৬৩২.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদানকৃত অবদান ছিল ১৫৮৬.১৮ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১০৩৫৪৯.৮৪ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৭০:৩০। ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখে সংস্থার মোট সম্পদের পরিমাণ হবে যথাক্রমে ১১২২৩৬.২৬ লক্ষ ও ১২৪০৩২.০৩ লক্ষ টাকা এবং ঋণমূলধন অনুপাত হবে ৭২:২৮ ও ৭৫:২৫। ২০১৯-২০ অর্থবছরে ইউনিটসমূহে কর্মরত জনবলের সংখ্যা ছিল ৪০৯৯ জন। ২০২০-২১ এবং ২০২১-২২ উভয় অর্থবছরে বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ইউনিটসমূহের জনবলের সংখ্যা দাঁড়াবে ৪৪৪২ জন।

## বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

প্রেসিডেন্সিয়াল অর্ডার ৫৯ (PO-৫৯) এর মাধ্যমে ১৯৭২ সালের ৩১ মে ওয়াপদাকে বিভক্ত করে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড গঠন করা হয়। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বিদ্যুৎ, জ্বালানি খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের অধীন একটি সেবামূলক জনহিতকর প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য নিরবিচ্ছিন্ন ও গুণগতমান সম্পন্ন বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক ও মানবসম্পদের উন্নয়নে সরকার কর্তৃক গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন করা। এছাড়া বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত জ্বালানির বিকল্প বা নতুন উৎসের সন্ধান, উন্নয়ন ও বিদ্যুতের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরার লক্ষ্যে সার্বিক পরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়ন করা বিউবো'র একটি অন্যতম দায়িত্ব। বিউবো ২০২১ সালের মধ্যে সবার জন্য সাশ্রয়ী মূল্যে বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বিউবো চট্টগ্রাম, কুমিল্লা, ময়মনসিংহ ও সিলেট অঞ্চলের শহর এলাকাসহ কিছু কিছু পল্লি এলাকায় বিদ্যুৎ বিতরণের দায়িত্ব পালন করে আসছে। বর্তমানে বিউবো নিজস্ব বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি Single Buyer হিসাবে সরকারি ও বেসরকারি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র থেকে বিদ্যুৎ ক্রয় করছে এবং ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো নেসকো, আরইবি ও বিউবোর নিজস্ব বিতরণ অঞ্চলে বিদ্যুৎ বিক্রয় করছে। বিউবো'র বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	প্রকৃত ২০১৯-২০
০১.	<b>আয়</b> বিক্রয় রাজস্ব	৪৩৭৭৯৮৮.৮৭	৩৯৬৮৮২৬.৭০	৪০০৮৩০৫.৮৪	৩৪৫১৮৯৪.৩৫
০২.	<b>ব্যয়</b> উৎপাদন ব্যয়	৪৭৩০১৫৩.৪৯	৪৭২৯৬৮৮.৩৩	৪৬৩৯০১৮.০০	৩৮৯৯২৫৭.৪৭
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	২৩৪৫৪১.০০	২২০৪১২.০০	২১৮৭২৬.৬৫	১৯০৯৫৯.০২
০৪.	<b>মোট ব্যয় (২+৩)</b>	<b>৪৯৬৪৬৯৪.৪৯</b>	<b>৪৯৫০১০০.৩৩</b>	<b>৪৮৫৭৭৪৪.৬৫</b>	<b>৪০৯০২১৬.৪৯</b>
০৫.	<b>পরিচালন মুনাফা/ (লোকসান) (১-৪)</b>	<b>-৫৮৬৭০৫.৬২</b>	<b>-৯৮১২৭৩.৬৩</b>	<b>-৮৪৯৪৩৮.৮১</b>	<b>-৬৩৮৩২২.১৪</b>
০৬.	অ-পরিচালন আয়	১১২৬৬৩৩.৩৯	১১৮৩০৬৪.০০	১১১৭২০৫.৩৯	৮৪৫৫৯০.৫৪
০৭.	অ-পরিচালন ব্যয়	২২৪১৩৫.০০	২১৪৬৩৬.০০	২৬৫৪৫৯.০০	২০৮১৮৬.২৪
০৮.	আয়কর	০.০০	০.০০	০০.০০	০.০০
০৯.	<b>নীট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)</b>	<b>৩১৫৭৯২.৭৭</b>	<b>-১২৮৪৫.৬৩</b>	<b>২৩০৭.৫৮</b>	<b>-৯১৭.৮৪</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় $\sqrt$ অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	২০০০০০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	১৯১৫৪৫.০১	১৪৩৯৩৬.০৬	২১৮৫৩৯.৩৮	৩৮৬০৯৬.৪৪
১২.	দীর্ঘমেয়াদি ঋণ (ডি এস এল সহ)	১৭২৮৪০.০০	১৬৮৯৩২.০০	১৬৩৫৮০.০০	১৪৪১৪৩.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	১১০৩৮২৪.০০	৯৫৭৮০৮.০০	৯৪২০৪০.০০	৬১৩৭৯২.০০
১৪.	মোট সম্পদ	১৩৭১৯৮৩৭.৬৯	১২৭৭৮৩৩৭.৯৭	৯৬৮৮৮৮০.৮৯	১১৯৮৬৩৮৪.৬৩
১৫.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৮৩:১৭	৮৫:১৫	১১২:১২	৮৫:১৫
১৬.	মোট জনবল (সংখ্যা)	৩২৫৮৩	৩৭৫০২	১৪২৩৯	২৮৭১৮

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট বিক্রয় রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৯৬৮৮২৬.৭০ লক্ষ ও ৪৩৭৭৯৮৮.৮৭ লক্ষ টাকা এবং তার বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৯৫০১০০.৩৩ লক্ষ ও ৪৯৬৪৬৯৪.৪৯ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী পরিচালন লোকসান দাঁড়াবে যথাক্রমে ৯৮১২৭৩.৬৩ লক্ষ ও ৫৮৬৭০৫.৬২ লক্ষ টাকা। সংস্থার ২০২০-২১ সংশোধিত অর্থবছরের বাজেটে নীট লোকসান দাঁড়াবে ১২৮৪৫.৬৩ লক্ষ। পক্ষান্তরে ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার নীট মুনাফা অর্জিত হবে ৩১৫৭৯২.৭৭ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ৩৪৫১৮৯৪.৩৫ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৪০৯০২১৬.৪৯ লক্ষ টাকা এবং পরিচালন লোকসানের পরিমাণ ছিল ৬৩৮৩২২.১৪ লক্ষ টাকা। সংস্থার ২০১৯-২০ অর্থবছরে নীট লোকসানের পরিমাণ ছিল ৯১৭.৮৪ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক (শুল্ক ও বিভিন্ন কর উদ্বৃত্ত আয় বাবদ) সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৪৩৯৩৬.০৬ লক্ষ ও ১৯১৫৪৫.০১ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক ২০০০০০.০০ লক্ষ টাকা উদ্বৃত্ত আয় সহ সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ৩৮৬০৯৬.৪৪ লক্ষ টাকা। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ১১৯৮৬৩৮৪.৬৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ৮৫:১৫। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১২৭৭৮৩৩৭.৯৭ লক্ষ টাকা এবং ১৩৭১৯৮৩৭.৬৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে যথাক্রমে ৮৫:১৫ এবং ৮৩:১৭। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ১৪৪২৪ জন। ২০২০-২১ এবং ২০২১-২২ উভয় অর্থবছরে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে ১৮৭৫১ জন।

## চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

চট্টগ্রাম বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম শহর এবং বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী। চট্টগ্রাম মহানগরের বিপুল জনসংখ্যা, কলকারখানা, ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহকে নিরাপদ পানি সরবরাহের গুরুদায়িত্ব নিয়ে চট্টগ্রাম ওয়াসা অর্ডিন্যান্স ১৯৬৩ এর আওতায় চট্টগ্রাম ওয়াসা প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ (৬নং) এর আওতায় একে চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ নামে অভিহিত করা হয়। এটি একটি স্বায়ত্তশাসিত সংস্থা। সংস্থা প্রতিষ্ঠার পর থেকে চট্টগ্রাম ওয়াসা চট্টগ্রাম মহানগরীতে সার্বক্ষণিক পানি সরবরাহ করে যাচ্ছে। সম্প্রতি গ্লোবাল ট্রেড লিডার্স এর একটি অনলাইন জরিপে গ্রাহক চাহিদাপূরণ ও বিশুদ্ধ পানি সরবরাহের সক্ষমতার জন্য এ সংস্থা বিশ্বের ৯৫ টি শহরের মধ্যে সেরা হয়েছে। চট্টগ্রাম ওয়াসার বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
০১.	<b>আয়</b> বিক্রয় রাজস্ব	১৮০৬১.১৯	১৫৪৭৫.৪৪	১৫৭২৪.৪৯	১১৯৯৫.৭৪
০২.	<b>ব্যয়</b> উৎপাদন ব্যয়	১৩৬২৩.৬০	১১৯০৪.৯১	১২৫৮৬.৭১	৯৫২৩.৮৫
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	৩৬৬২.৫৩	৩৯৭৮.০১	৩২৪৮.৪২	২২৪৬.০৭
<b>০৪.</b>	<b>মোট ব্যয় (২+৩)</b>	<b>১৭২৮৬.১৩</b>	<b>১৫৮৮২.৯২</b>	<b>১৫৮৩৫.১৩</b>	<b>১১৭৬৯.৯২</b>
<b>০৫.</b>	<b>পরিচালন মুনাফা/(ক্ষতি) (১-৪)</b>	<b>৭৭৫.০৬</b>	<b>-৪০৭.৪৮</b>	<b>-১১০.৬৪</b>	<b>২২৫.৮২</b>
০৬.	অ-পরিচালন আয়	৩৩৫০.০০	৩১৮৭.৩৫	২৮৭৫.০২	৩০৩৫.২৯
০৭.	অ-পরিচালন ব্যয়	০.০০	০.০০	০.০০	০.০০
০৮.	আয়কর	৬০.০০	৬০.০০	৬০.০০	৬০.০০
<b>০৯.</b>	<b>নিট মুনাফা/(ক্ষতি) (৫+৬-৭-৮)</b>	<b>৪০৬৫.০৬</b>	<b>২৭১৯.৮৭</b>	<b>২৭০৪.৩৮</b>	<b>৩২০১.১১</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ√	১১০.০০	১১০.০০	১১০.০০	০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	১৭০.০০	১৭০.০০	১৭০.০০	৬০.০০
১২.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৬২৯৭.৪০	২২৮৮.৪১	৬২৯৮.৪০	৯২৮.১৭
১৪.	মোট সম্পদ	৫৩৩৬৪৪.১৩	৫০৮৪৪৬.৭৩	৪৮৪৫১৬.৬২	৪৮৮৭৯২.২৬
১৫.	ঋণ মূলধন অনুপাত(Debt Equity Ratio)	৯৪:৬	৯৫:৫	৯৫:৫	৯৫:০৫
১৬.	মোট জনবল (সংখ্যা)	১০৪৮	১০৪৮	১০৪৮	৬৬০

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৫৪৭৫.৪৪ লক্ষ ও ১৮০৬১.১৯ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৫৮৮২.৯২ লক্ষ ও ১৭২৮৬.১৩ লক্ষ টাকা। ফলে ২০২০-২১ অর্থবছরে সংস্থার পরিচালন লোকসান দাঁড়াবে ৪০৭.৪৮ লক্ষ ও ২০২১-২২ অর্থবছরে পরিচালন মুনাফার পরিমাণ দাঁড়াবে ৭৭৫.০৬ লক্ষ টাকা। এ সময়ে নিটমুনাফার পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ২৭১৯.৮৭ লক্ষ ও ৪০৬৫.০৬ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংস্থার ১১৯৯৫.৭৪ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ১১৭৬৯.৯২ লক্ষ টাকা। ফলে পরিচালন মুনাফার পরিমাণ ছিল ২২৫.৮২ লক্ষ টাকা। ৩০৩৫.২৯ লক্ষ টাকা অপরিচালন আয়ের ফলে নিটমুনাফার পরিমাণ দাঁড়াবে ৩২০১.১১ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় যথাক্রমে ১১০.০০ ও ১১০.০০ লক্ষ টাকা লভ্যাংশসহ উভয় অর্থবছরে সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ১৭০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে জমাকৃত অর্থের পরিমাণ ছিল ৬০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ৪৮৮৭৯২.২৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৯৫:৫। ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখে মোট সম্পদ দাঁড়াবে যথাক্রমে ৫০৮৪৪৬.৭৩ লক্ষ ও ৫৩৩৬৪৪.১৩ লক্ষ টাকা ও ঋণমূলধন অনুপাত যথাক্রমে ৯৫:৫ ও ৯৪:৬। ২০১৯-২০ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৬৬০ জন। ২০২০-২১ এবং ২০২১-২২ উভয় অর্থবছরে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে ১০৪৮ জন।

## ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ, একটি স্বায়ত্তশাসিত বাণিজ্যিক সেবামূলক প্রতিষ্ঠান, যা ১৯৬৩ সালে প্রতিষ্ঠিত হয়। ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ বর্তমানে ৪টি প্রধান শাখা (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/আরপিডি) এর মাধ্যমে পরিচালিত হচ্ছে। বর্তমানে ঢাকা ওয়াসা প্রায় ৩৬০ বর্গ কিঃমিঃ এলাকায় প্রায় ১.৫ মিলিয়ন জনগণকে দৈনিক প্রায় ২৪৫০ মিলিয়ন লিটার পানি সরবরাহ করছে। সংস্থার বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	প্রকৃত ২০১৯-২০
০১.	<b>আয়</b> সেবা সরবরাহ বাবদ আয়	১৮৩৮২০	১৬৯৭২০.০০	১৫১৮২৩.০০	১৩৬৯২০.০০
০২.	<b>ব্যয়</b> উৎপাদন ব্যয়	১৬৭৭৪১.	১৫৬৬৬২.০০	১৩৯৭৯৩.০০	১২৮৫৮১.০০
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	৮৭৭৯.০০	৮২১৫.০০	৮০৫৫.০০	২৯৫৯.০০
<b>০৪.</b>	<b>মোট ব্যয় (২+৩)</b>	<b>১৭৬৫২০.</b>	<b>১৬৪৮৭৭.০০</b>	<b>১৪৭৮৪৮.০০</b>	<b>১৩১৫৪০.০০</b>
<b>০৫.</b>	<b>পরিচালন মুনাফা/(লোকসান) (১-৪)</b>	<b>৭৩০০.০০</b>	<b>৪৮৪৩.০০</b>	<b>৩৯৭৫.০০</b>	<b>৫৩৮০.০০</b>
০৬.	অ-পরিচালন আয়	১৫৪৭৫.০	১৫৬১০.০০	১২৯১০.০০	১৩৭০০.০০
০৭.	অপরিচালন ব্যয়	১৪৭০০.০	১৩৭০০.০০	৫৯০২৪.০০	১২৮৯৭.০০
০৮.	আয়কর	২০১৯.০০	১৬৮৮.০০	১০০০.০০	১৫৪৬.০০
<b>০৯.</b>	<b>নীট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)</b>	<b>৬০৫৬.০</b>	<b>৫০৬৫.০০</b>	<b>-৪৩১৩৯.০০</b>	<b>৪৬৩৭.০০</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	২০০.০০	২০০.০০	২০০.০০	০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	৪০২০০.০	৪০২০০.০০	৫৯০২৪.০০	৩০০০০.০০
১২.	দীর্ঘমেয়াদি ঋণ (ডি এস এল সহ)	৪০,০০০.	৪০,০০০.০০	৫৮৬০.৫৩	৩০,০০০.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	২৬০৬৫.	৩৭৬০৬.০০	৪৭০৬১৩.১০	১৩৯৪৬.০০
১৪.	মোট সম্পদ	১৫৪৭৩৪	১৫৫১৬৭২.৩০	১৮৯২৮১৩.৮৮	১৫৪৬৮৯১.০০
১৫.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৬:৯৪	৭:৯৩	১৯:৮১	৭:৯৩
১৬.	মোট জনবল ( সংখ্যা)	৪৬০৫	৪৬০৫	৩২৬০	৪৫৫৮

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট পরিচালন আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৬৯৭২০.০০ লক্ষ ও ১৮৩৮২০.০০ লক্ষ টাকা এবং তার বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৬৪৮৭৭.০০ লক্ষ ও ১৭৬৫২০.০০ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ৪৮৪৩.০০ লক্ষ ও ৭৩০০.০০ লক্ষ টাকা এবং কর উত্তর নীট মুনাফা দাঁড়াবে যথাক্রমে ৫০৬৫.০০ লক্ষ ও ৬০৫৬.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ১৩৬৯২০.০০ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ১৩১৫৪০.০০ লক্ষ টাকা এবং পরিচালন মুনাফার পরিমাণ ছিল ৫৩৮০.০০ লক্ষ টাকা এবং নীট লাভের পরিমাণ ছিল ৪৬৩৭.০০ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৪০২০০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ৩০০০০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১৫৪৬৮৯১.০০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ছিল ৭:৯৩। ২০২০-২১ অর্থবছরে সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১৫৫১৬৭২.৩০ লক্ষ এবং ১৫৪৭৩৪০.১৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে ৭:৯৩ ও ৬:৯৪। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৪৫৫৮ জন। ২০২০-২১ এবং ২০২১-২২ সংস্থার ইউনিটসমূহের জনবলের সংখ্যা দাঁড়াবে ৪৬০৫ জন।

## খুলনা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন একটি স্বায়ত্বশাসিত সেবাদর্শী প্রতিষ্ঠান। খুলনা সিটি কর্পোরেশন সৃষ্টি হওয়ার পূর্বে খুলনা শহরে পানি বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা দ্বারা পরিচালিত হত। ১৯৮৪ সাল থেকে সৃষ্টি পানি সরবরাহ বিভাগ খুলনা সিটি কর্পোরেশন এর অধীনে পরিচালিত হয়ে আসছিল। নগরবাসীর চাহিদার পরিপ্রেক্ষিতে গত ০২-০৩-২০০৮খ্রি: তারিখ বাংলাদেশ সরকার কর্তৃক পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর মাধ্যমে খুলনা ওয়াসা সৃষ্টি হয়। খুলনা ওয়াসার বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
০১.	<b>আয়</b> বিক্রয় রাজস্ব	২৪৯৬.১০	২৩৯১.৬০	২১০২.৭৫	২১৬৮.৪১
০২.	<b>ব্যয়</b> উৎপাদন ব্যয়	২৩৩৭.৮৯	২২৫৪.৮৪	১৯১৫.৩০	২১০২.১৯
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	০.০০	০.০০	০.০০	০.০০
০৪.	<b>মোট পরিচালন ব্যয় (২+৩)</b>	<b>২৩৩৭.৮৯</b>	<b>২২৫৪.৮৪</b>	<b>১৯১৫.৩০</b>	<b>২১০২.১৯</b>
০৫.	<b>পরিচালন মুনাফা/ (লোকসান) (১-৪)</b>	<b>১৫৮.২১</b>	<b>১৩৬.৭৬</b>	<b>১৮৭.৪৫</b>	<b>৬৬.২২</b>
০৬.	অ-পরিচালন আয়	৬৪.৪০	৭০.১০	২১.৮৫	১১২.১১
০৭.	অপরিচালন ব্যয়	০.০০	০.০০	০.০০	০.০০
০৮.	আয়কর	০.০০	০.০০	০.০০	০.০০
০৯.	<b>নীট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)</b>	<b>২২২.৬১</b>	<b>২০৬.৮৬</b>	<b>২০৯.৩০</b>	<b>১৭৮.৩৩</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	১৩২.০০	১২৮.৫০	৮৫.০০	৮৭.১৭
১২.	দীর্ঘমেয়াদি ঋণ (ডিএসএল সহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	১৫৪৪৯.৬০	২৪৫৪৩.৬০	৪৩.৬০	৩৮২২.৭৩
১৪.	মোট সম্পদ	৪৮৫৭৩.৩৭	৩৩০৪৪.৪৭	৫৬৯৯৯.৩৮	৮৫১৮.২৪
১৫.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৩৮:৬২	৩০:৭০	৭৭:২৩	৪৫:৫৫
১৬.	মোট জনবল (সংখ্যা)	২৬১	২৬১	১৯৯	১৮৯

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট পরিচালন আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৩৯১.৬০ লক্ষ ও ২৪৯৬.১০ লক্ষ টাকা এবং এর বিপরীতে পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২২৫৪.৮৪ লক্ষ ও ২৩৩৭.৮৯ লক্ষ টাকা এর ফলে পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ১৩৬.৭৬ লক্ষ ও ১৫৮.২১ লক্ষ টাকা। অ-পরিচালন আয় (ব্যত্কে জমাকৃত টাকার সুদ) যোগ করার ফলে ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে নীট মুনাফার পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ২০৬.৮৬ লক্ষ টাকা এবং ২২২.৬১ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ২১৬৮.৪১ লক্ষ টাকা পরিচালন আয়ের বিপরীতে পরিচালন ব্যয়ের পরিমাণ ছিল ২১০২.১৯ লক্ষ টাকা এবং পরিচালন মুনাফার পরিমাণ ছিল ৬৬.২২ লক্ষ টাকা এবং নীট মুনাফার পরিমাণ ছিল ১৭৮.৩৩ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদানের (শুল্ক ও বিভিন্ন কর বাবদ) লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১২৮.৫০ লক্ষ টাকা এবং ১৩২.০০ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ৮৫.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৮৫১৮.২৪ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ছিল ৪৫:৫৫। ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৩৩০৪৪.৪৭ লক্ষ টাকা এবং ৪৮৫৭৩.৩৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে যথাক্রমে ৩০:৭০ এবং ৩৮:৬২। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ১৮৯ জন। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে যথাক্রমে ২৬১ জন এবং ২৬১ জন।

## রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন) এর ধারা ৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১ আগস্ট ২০১০ খ্রি. তারিখে রাজশাহী সিটি কর্পোরেশনভুক্ত এলাকার জন্য “রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ” (রাজশাহী ওয়াসা) প্রতিষ্ঠা করে। রাজশাহী ওয়াসা স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা। রাজশাহী ওয়াসার বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	প্রকৃত ২০১৯-২০
০১.	<b>আয়</b> বিক্রয় রাজস্ব	৬৮০.০০	৬৫৮.০০	৬৬৮.০০	৬৫১.২৩
০২.	<b>ব্যয়</b> উৎপাদন ব্যয়	১০৬৮.৮০	৯৯৬.৪৫	১০০১.৭০	৭৮৮.৪৪
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	৯৪৩.০১	৮৫৪.৩২	৯৫২.১৯	৯৩৮.৭২
০৪.	<b>মোট পরিচালন ব্যয় (২+৩)</b>	<b>২০১১.৮১</b>	<b>১৮৫০.৭৭</b>	<b>১৯৫৩.৮৯</b>	<b>১৭২৭.১৬</b>
০৫.	<b>পরিচালন মুনাফা/(লোকসান) (১-৪)</b>	<b>-১৩৩১.৮১</b>	<b>-১১৯২.৭৭</b>	<b>-১২৮৫.৮৯</b>	<b>-১০৭৫.৯৩</b>
০৬.	অ-পরিচালন আয়	২৫০০.০০	২৩৮৯.৫০	২৪০০.০০	২২২৭.৫৩
০৭.	অ-পরিচালন ব্যয়	০.০০	০.০০	০.০০	০.০০
০৮.	আয়কর	০.০০	০.০০	০.০০	০.০০
০৯.	<b>নীট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)</b>	<b>১১৬৮.১৯</b>	<b>১১৯৬.৭৩</b>	<b>১১১৪.১১</b>	<b>১১৫১.৬০</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	১৫৫.০০	১৫০.০০	১৫০.০০	১২২.৪৭
১২.	দীর্ঘমেয়াদি ঋণ (ডিএসএল সহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৬৪৭২৮.১৯	১৫৫৭.১৩	৯৮২৩১.৭৯	১৪৫০.৮২
১৪.	মোট সম্পদ	৮৯৫৩২.৩৬	২৪৭৩২.৫৩	১২২১১১.০৫	২৩১১০.২৮
১৫.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	-৭: ১০৭	-১২: ১১২	-৫: ১০৫	০: ১০০
১৬.	মোট জনবল ( সংখ্যা)	৩৩১	৩৩১	৩১৪	২৯৬

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট পরিচালন আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৬৫৮.০০ লক্ষ ও ৬৮০.০০ লক্ষ টাকা। এর বিপরীতে পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৮৫০.৭৭ লক্ষ ও ২০১১.৮১ লক্ষ টাকা। ফলে পরিচালন লোকসান দাঁড়াবে যথাক্রমে ১১৯২.৭৭ লক্ষ ও ১৩৩১.৮১ লক্ষ টাকা। অ-পরিচালন আয়/সরকারি অনুদান যোগ করার ফলে নীট মুনাফার পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১১৯৬.৭৩ লক্ষ এবং ১১৬৮.১৯ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ৬৫১.২৩ লক্ষ টাকা পরিচালন আয়ের বিপরীতে পরিচালন ব্যয়ের পরিমাণ ছিল ১৭২৭.১৬ লক্ষ টাকা এবং পরিচালন লোকসানের পরিমাণ ছিল ১০৭৫.৯৩ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরের অ-পরিচালন আয়/সরকারি অনুদান যোগ করার ফলে নীট মুনাফার পরিমাণ দাঁড়ায় ১১৫১.৬০ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এসংস্থা কর্তৃক (শুল্ক ও বিভিন্ন কর বাবদ) সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৫০.০০ লক্ষ এবং ১৫৫.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ১২২.৪৭ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরের ৩০ জুন তারিখে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২৩১১০.২৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ০ : ১০০। ২০২০-২১ সংশোধিত বাজেট ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ২৪৭৩২.৫৩ লক্ষ এবং ৮৯৫৩২.৩৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে যথাক্রমে -১২ : ১১২ এবং -৭ : ১০৭। ২০১৯-২০ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ২৯৬ জন। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৩৩১ এবং ৩৩১ জন।



**বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন**

১৯৮৫ সালে ২১ নং অধ্যাদেশ বলে (The Bangladesh Oil, Gas and Mineral Corporation Ordinance No XXI, 1985) বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন গঠন করা হয়। সমগ্র দেশে তৈল, গ্যাস, কয়লা, চুনাপাথর, কঠিন শিলা ও অন্যান্য খনিজ সম্পদের অনুসন্ধান, উত্তোলন, সঞ্চালন ও বাজারজাতকরণ এই কর্পোরেশনের প্রধান দায়িত্ব। এ সকল কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে এ কর্পোরেশনের অধীনে মোট ১৩টি কোম্পানি কার্যরত আছে। এ সকল কোম্পানির মধ্যে শুধুমাত্র গ্যাস উৎপাদন কাজে ২টি, তৈল, গ্যাস অনুসন্ধান ও উত্তোলন কাজে ১টি, গ্যাস সঞ্চালন কাজে ১টি, গ্যাস বিতরণ ব্যবস্থায় ৬ টি, যানবাহনে জ্বালানি হিসেবে গ্যাস ব্যবহার পরীক্ষাদি ও বাণিজ্যিক ভিত্তিতে সি.এন.জি ও এল.পি.জি বাজারজাতকরণ কার্যক্রমে ১টি কোম্পানি নিয়োজিত রয়েছে। এছাড়া খনিজ সম্পদ আহরণ ও বাজারজাতকরণের জন্য ২টি কোম্পানি নিয়োজিত রয়েছে। বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন এর বাজেট - সংক্ষিপ্তসার:

**বাজেট -সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
	<b>আয়</b>				
০১.	ইউনিট সমূহ হ'তে সংগৃহীত লেভি	১৮০০.০০	১৮০০.০০	১১৭.৩২	১৮০০.০০
০২.	সরকারি অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	১৫৮৪১.০০	১৫৩২৬.০০	১৬৭২৪.৭৫	১৫৫৪১.২৬
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ	৯৬১৮৫.১১	৮৮৫১৪.০০	৯৯৬৬২.৯১	১৩৩১৪২.২৭
০৫.	অন্যান্য	৫৩৩০.০০	৩৭২৭.০০	২৬৯১.২৮	২৪৬৩.৫৫
০৬.	<b>মোট আয় (০১+...+০৫)</b>	<b>১১৯১৫৬.১১</b>	<b>১০৯৩৬৭.০০</b>	<b>১১৯১৯৬.২৬</b>	<b>১৫২৯৪৭.০৮</b>
	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	৫২৫৪.৮১	৪৭৪৭.৩৮	৫৪৯৫.৭৭	৩৮৪৪.১৬
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	৬৪৩০.০০	৬১৩০.০০	৬২৩০.০০	৬০৭০.০৮
০৯.	অন্যান্য ব্যয়	২৭৩৩৫.২৭	২২৫২৮.৯৬	২৩৬৭২.৯৭	৪৮৯৬৬.৯৩
১০.	<b>মোট ব্যয় (০৭+...+০৯)</b>	<b>৩৯০২০.০৮</b>	<b>৩৩৪০৬.৩৪</b>	<b>৩৫৩৯৮.৭৪</b>	<b>৫৮৮৮১.১৭</b>
১১.	<b>ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি) (০৬-১০)</b>	<b>৮০১৩৬.০৩</b>	<b>৭৫৯৬০.৬৬</b>	<b>৮৩৭৯৭.৫২</b>	<b>৯৪০৬৫.৯১</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ✓	৭৫০০০.০০	৭০০০০.০০	৮০০০০.০০	৮৫৪৮৬.৩৮
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট	৭৫০০০.০০	৭০০০০.০০	৮০০০০.০০	৮৫৪৮৬.৩৮
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	২৮০৩০.২৬	২৮৭৩৭.৩০	৪৪৭০৮.২১	১৮০২৩.৩৯
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	১৩২৫.০০	১,১৬১.০০	৩,৭১২.৫২	১,০২৭.৮৬
১৬.	মোট সম্পদ	২৮১৬৯০৮.৫০	২৮১১০৭২.৪৭	২৮৬৩০৮৫.৪৬	২৮০৪৪১১.৮১
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৬৮:৩২	৭১:২৯	৬৭:৩৩	৭৩:২৭
১৮.	মোট জনবল (সংখ্যা)	৫০১	৪৫৭	৫০৮	৪৩৭

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১০৯৩৬৭.০০ লক্ষ ও ১১৯১৫৬.১১ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৩৪০৬.৩৪ লক্ষ ও ৩৯০২০.০৮ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ৭৫৯৬০.৬৬ লক্ষ ও ৮০১৩৬.০৩ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ১৫২৯৪৭.০৮ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৫৮৮৮১.১৭ লক্ষ টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ৯৪০৬৫.৯১ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৭০০০০.০০ লক্ষ ও ৭৫০০০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান/ লভ্যাংশের পরিমাণ ছিল ৮৫৪৮৬.৩৮ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২৮০৪৪১১.৮১ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৭৩:২৭। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ২৮১১০৭২.৪৭ লক্ষ ও ২৮১৬৯০৮.৫০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত দাঁড়াবে ৭১:২৯ ও ৬৮:৩২। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের সংস্থার কর্মরত জনবলের সংখ্যা ছিল ৪৩৭ জন। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৪৫৭ জন ও ৫০১ জন।

## বাংলাদেশ শিপিং কর্পোরেশন

আন্তর্জাতিক নৌপথে দক্ষ শিপিং সেবা প্রদান এবং আন্তর্জাতিক নৌবাণিজ্যের সাথে সম্পর্কযুক্ত দেশের বৈদেশিক বাণিজ্যের যাবতীয় কার্যাবলী সুষ্ঠুভাবে সমাধাকল্পে ১৯৭২ সালের ৫ ফেব্রুয়ারি মহামান্য রাষ্ট্রপতির ১০ নং আদেশের মাধ্যমে বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) প্রতিষ্ঠিত হয়। সৃষ্টিগত হ'তে অদ্যাবধি এ-সংস্থা পণ্য, খাদ্য ও জ্বালানি পরিবহনের মাধ্যমে রাষ্ট্রের খাদ্য ও জ্বালানি নিরাপত্তায় গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও প্রতিষ্ঠার পর হ'তে ক্রমাগত প্রচেষ্টা ও সরকারি পৃষ্ঠপোষকতায় বিএসসি সর্বমোট ৪৪টি জাহাজ অর্জন করতে সক্ষম হয়েছে। পুরাতন ও অলাভজনক জাহাজ বিক্রি এবং বর্তমান গণতান্ত্রিক সরকারের সুযোগ্য দিক নির্দেশনা ও সক্রিয় সহযোগিতায় চীনে নির্মিত ০৬টি জাহাজ বিএসসি বহরে যোগ হয়েছে। বর্তমানে বিএসসি বহরে মোট ৮টি জাহাজ রয়েছে। তন্মধ্যে ২ টি লাইটারেজ ট্যাংকার এবং চীন সরকারের ঋণ সহায়তায় নির্মিত ৩টি প্রোডাক্ট অয়েল ট্যাংকার এবং ৩ টি বাল্ক ক্যারিয়ার প্রতিটি প্রায় ৩৯০০০ ডিডব্লিউটি ধারণ ক্ষমতা সম্পন্ন। বিএসসি'র বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট- সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	প্রকৃত ২০১৯-২০
০১.	<b>আয়</b> পরিচালন রাজস্ব	২৬২০০.০০	২৫২০০.০০	২৭৩৬০.০০	২৭৯৯০.০১
০২.	<b>ব্যয়</b> পরিচালন ব্যয়	২১০৪৪.০৯	১৯৪১৪.০২	২১৭৫৩.০৬	২১৩৮৬.০৫
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	৩৯৩৫.২৫	৩৮২৯.৭০	৩৮২৪.২৩	২৯৭০.৪৫
০৪.	মোট ব্যয় (২+৩)	২৪৯৭৯.৩৪	২৩২৪৩.৭২	২৫৫৭৭.২৯	২৪৩৫৬.৫০
<b>০৫.</b>	<b>পরিচালন মুনাফা/(লোকসান)(১-৪)</b>	<b>১২২০.৬৬</b>	<b>১৯৫৬.২৮</b>	<b>১৭৮২.৭১</b>	<b>৩৬৩৩.৫১</b>
০৬.	অ-পরিচালন আয়	৪৫৩৯.৩৫	৪০৮৭.৪৬	৪০৫৭.০০	৪২৯৪.০৬
০৭.	অ-পরিচালন ব্যয়	০.০০	০.০০	০.০০	১৭৯.৮১
০৮.	আয়কর	১৪৪০.০০	১৫১০.৯৪	১২১৩.৭২	৩৬০০.৯৩
<b>০৯.</b>	<b>নিট মুনাফা/(লোকসান)(৫+৬-৭-৮)</b>	<b>৪৩২০.০১</b>	<b>৪৫৩২.৮০</b>	<b>৪৬২৫.৯৯</b>	<b>৪১৪৬.৮৩</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান✓/লভ্যাংশ	২০০০.০০	১৫৫০.০০	৭৯৪.৬৩	৭১৯.৬৬
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	৩৪৪০.০০	৩৪০৭.৯৪	২০০৮.৩৫	৪৬৯৯.৮৬
১২.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি.এস.এল.সহ)	০.০০	২৪৫.০০	০.০০	১৮৩.৬৮
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	২৯৫৫.০০	৩৭৪০.০০	১৭৩০.০০	৫৩.৩০
১৪.	মোট সম্পদ	২৮৩৩২৬.৫৭	২৭৭১৬৬.৭২	২৭২৪৪০.৯১	২৭০৯২৪.০৮
১৫.	ঋণ মূলধন অনুপাত(Debt-Equity Ratio)	৬৮:৩২	৬৮:৩২	৬৬:৩৪	৬৮:৩২
১৬.	মোট জনবল (সংখ্যা)	২২০	২২৭	২২৮	২১৫

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৫২০০.০০ লক্ষ ও ২৬২০০.০০ লক্ষ টাকা। এর বিপরীতে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৩২৪৩.৭২ ও ২৪৯৭৯.৩৪ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী ২০২০-২১ অর্থবছরের সংশোধিত ও ২০১৯-২০ অর্থবছরের বাজেটে পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ১৯৫৬.২৮ লক্ষ ও ১২২০.৬৬ লক্ষ টাকা। অ-পরিচালন আয় এবং আয়কর পরিশোধের পর কর উত্তর নিট মুনাফা দাঁড়াবে যথাক্রমে ৪৫৩২.৮০ লক্ষ ও ৪৩২০.০১ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ২৭৯৯০.০১ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২৪৩৫৬.৫০ লক্ষ এবং পরিচালন মুনাফার পরিমাণ ছিল ৩৬৩৩.৫১ লক্ষ টাকা। অ-পরিচালন আয় অর্থাৎ ব্যাংকে জমাকৃত অর্থের সুদ যোগ করার ফলে এবং অ-পরিচালন ব্যয় ও আয়কর পরিশোধের পর ২০১৯-২০ অর্থবছরে সংস্থার নিট মুনাফার পরিমাণ ছিল ৪১৪৬.৮৩ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশের পরিমাণ ধার্য করা হয়েছে যথাক্রমে ১৫৫০.০০ লক্ষ ও ২০০০.০০ লক্ষ টাকা। উক্ত সময়ে লভ্যাংশসহ মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৪০৭.৯৪ লক্ষ ও ৩৪৪০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২৭০৯২৪.০৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৬৮:৩২। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ২৭৭১৬৬.৭২ লক্ষ ও ২৮৩৩২৬.৫৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৬৮:৩২ ও ৬৮:৩২। ২০১৮-১৯সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ২১৫ জন। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ২২৭ ও ২২০ জন।

## বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন

১৯৭২ সালে রাষ্ট্রপতির ২৮ নং আদেশ বলে দেশের অভ্যন্তরীণ নৌ-পথ ও উপকূলীয় অঞ্চলসমূহে সুষ্ঠু নৌ-পরিবহন ব্যবস্থা পরিচালনা এবং এর উন্নয়ন ও বিস্তার সাধনের লক্ষ্যে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন একটি স্ব-শাসিত সংস্থা। এ কর্পোরেশন বাংলাদেশের অভ্যন্তরীণ জলপথ ও সমুদ্র উপকূলে নিরাপদে যাত্রী এবং যাবতীয় পণ্য সামগ্রী পরিবহন করে থাকে। এ ছাড়া কর্পোরেশন কয়েকটি গুরুত্বপূর্ণ সড়ক সংযোগ পথে ফেরি পারাপারের দায়িত্ব পালন করে থাকে। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশনের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
০১.	<b>আয়</b> বিক্রয় রাজস্ব	৩৮২০১.৩৪	৩৬২৯৬.৬৫	৩৯০৫০.০০	৩৫৮১১.৭৬
০২.	<b>ব্যয়</b> উৎপাদন ব্যয়	৩৭১৭৩.৬৮	৩৫২৮৪.৭৫	৩৭০৯৯.৩০	৩৩৮৪৯.৩২
২০১৯-২০ অর্থবছরে চটক এর মোট ৪৯৭১.৬৪ লক্ষ টাকা আয়ের বিপরীতে মোট ব্যয় হয় ৩৫৬৪.৩২ লক্ষ টাকা। ফলে চটক এর ব্যয় উদ্ধৃত আয়ের পরিমাণ দাঁড়ায় ১৪০৭.৩২ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট আয় যথাক্রমে ৮৪৩৭.০০ লক্ষ ও ৪৮০৩৩.০০ লক্ষ টাকা বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হয় যথাক্রমে ৪৭৩০.০৫ লক্ষ ও ৫৩১৭.২৫ লক্ষ টাকা। ফলে চটক এর ব্যয় উদ্ধৃত আয়ের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৩৭০৬.৯৫ লক্ষ ও ৪২৭১৫.৭৫ লক্ষ টাকা।

২০১৯-২০ অর্থবছরে চটক লভ্যাংশ হিসেবে ২৬২.৫০ লক্ষ টাকাসহ বিভিন্ন খাতে মোট ১২৫৩.৫৩ লক্ষ টাকা সরকারি কোষাগারে প্রদান করে। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে চটক লভ্যাংশ হিসেবে যথাক্রমে ৫৫০.০০ লক্ষ ও ৬০০.০০ লক্ষ টাকাসহ যথাক্রমে মোট ১৫৫০.০০ লক্ষ ও ১৬০০.০০ লক্ষ টাকা সরকারি কোষাগারে প্রদান করবে। ২০১৯-২০ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২৩৮৭০০.০৫ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ১৯:৮১। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ২৪৬০৮৩.৭০ লক্ষ ও ৩৯১৭৯১.৯০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ২০:৮০ ও ৩৯:৬১। ২০১৯-২০ অর্থবছরে চটক এর জনবল ছিল মোট ৩৩৭ জন। এ জনবল ২০২০-২১ ও ২০২১-২২ উভয় অর্থবছরে বৃদ্ধি পেয়ে দাঁড়াবে ৫১৯ জনে।



## খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি আধা-স্বায়ত্বশাসিত সেবাপ্রদান প্রতিষ্ঠান। পরিকল্পিত নগরায়ন ও আধুনিক খুলনা গড়ার প্রতিশ্রুতি নিয়ে ১৯৬১ সালের ২১ জানুয়ারি এ প্রতিষ্ঠানের সৃষ্টি। জন্মের সূচনালগ্ন থেকেই প্রতিষ্ঠানটি নগর পরিকল্পনা, মহানগর উন্নয়নে অংশ গ্রহণ এবং অপরিকল্পিত উন্নয়ন নিয়ন্ত্রণের উদ্দেশ্য নিয়ে কাজ করে যাচ্ছে। কেডিএ এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	প্রকৃত ২০১৯-২০
	<b>আয়</b>				
০১.	ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি	০.০০	০.০০	০.০০	০.০০
০২.	সরকারি অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	৮৫.০০	৮০.০০	৬০.০০	৭৮.০৪
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ	১৯২৫.০০	১৯৫০.০০	১৮২৫.০০	১৯৯৩.৯৭
০৫.	অন্যান্য	১৭৬৩.০০	১৬৩৪.৫০	৯৭১.০০	১১৪৪.৭০
০৬.	<b>মোট আয় (০১+...+০৫)</b>	<b>৩৭৭৩.০০</b>	<b>৩৬৬৪.৫০</b>	<b>২৮৫৬.০০</b>	<b>৩২১৬.৭১</b>
	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	১৪৪৪.০০	১৩৪২.৮০	১২৩৪.৪১	১০৬১.৫৭
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	৩০০.০০	৩০০.০০	৩৯০.০০	৩০০.০০
০৯.	অন্যান্য ব্যয়	১৯০৩.০৭	১৭৪১.৫৬	১২৭৭.১০	৯৯০.৬৭
১০.	<b>মোট ব্যয় ( ০৭+...+০৯)</b>	<b>৩৬৪৭.০৭</b>	<b>৩৩৮৪.৩৬</b>	<b>২৯০১.৫১</b>	<b>২৩৫২.২৪</b>
১১.	<b>ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি): (০৬--১০)</b>	<b>১২৫.৯৩</b>	<b>২৮০.১৪</b>	<b>-৪৫.৫১</b>	<b>৮৬৪.৪৭</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	২০০.০০	২০০.০০	২০০.০০	১৬৬.৫০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	৪০০.০০	৪৫০.০০	৩৫০.০০	৩৩৭.৮১
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ (ডি এস এল সহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৪১০৯০.১৪	২০১২৯.২০	৩৬৪৭০.০০	৩৩১৯.২৬
১৬.	মোট সম্পদ	১১২২৪৯.৪৭	৮৩৯৭৩.৫২	১১৩২৬৮.১৩	৬৯৬০১.১৩
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৭:৯৩	৭:৯৩	১২:৮৮	৫:৯৫
১৮.	মোট জনবল ( সংখ্যা)	৩৫৪	২৯০	২৪৪	২৪৯

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৬৬৪.৫০ লক্ষ ও ৩৭৭৩.০০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৩৮৪.৩৬ লক্ষ ও ৩৬৪৭.০৭ লক্ষ টাকা ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ২৮০.১৪ লক্ষ ও ১২৫.৯৩ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ৩২১৬.৭১ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২৩৫২.২৪ লক্ষ টাকা। উক্ত অর্থবছরে সংস্থায় ব্যয় উদ্বৃত্ত আয় ছিল ৮৬৪.৪৭ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক (শুল্ক, বিভিন্ন কর বাবদ) সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৫০.০০ লক্ষ এবং ৪০০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে মোট অবদানের পরিমাণ ছিল ৩৩৭.৮১ লক্ষ টাকা। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ৬৯৬০১.১৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) হিসাব করা হয়েছে ৫:৯৫। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৮৩৯৭৩.৫২ লক্ষ এবং ১১২২৪৯.৪৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে যথাক্রমে ৭:৯৩। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ২৪৯ জন। ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে যথাক্রমে ২৯০ জন এবং ৩৫৪ জন।

## রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ ১৯৭৬ সালের ৭৮ নং অর্ডিন্যান্স বলে সৃষ্টি করা হয়। এটি গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত সংস্থা। রাজশাহী শহরের বাসস্থান সমস্যার সমাধান, রাস্তাঘাট ও পয়ঃপ্রণালী নির্মাণ তথা শহরের সার্বিক উন্নয়নের লক্ষ্যে এই সংস্থা কাজ করে যাচ্ছে। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ :

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
	<b>আয়</b>				
০১.	ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি	০.০০	০.০০	০.০০	০.০০
০২.	সরকারি অনুদান	২৫০.০০	৩০০.০০	৩০০.০০	৩০০.০০
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	০.০০
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ	৬২৯.০০	৬১৪.০০	৬৭৪.০০	৪৭২.৮২
০৫.	অন্যান্য	১১২৬.৩০	১০৪৭.১০	৩৪৪৯.২০	১০০৫.০৩
০৬.	<b>মোট আয় (০১+... +০৫)</b>	<b>২০০৫.৩০</b>	<b>১৯৬১.১০</b>	<b>৪৪২৩.২০</b>	<b>১৭৭৭.৮৫</b>
	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	৪১৫.১৪	৪০৭.৭৩	৪০৭.৬৮	২৮০.৬৪
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	১১০.০০	২৫.০০	৪০.০০	৩৬.৮৭
০৯.	অন্যান্য ব্যয়	৮৬৮২.৯৯	৫৭৩.৩২	৭৬৯৬.৬২	৫৭৮.৭৬
১০.	<b>মোট ব্যয় (০৭+... +০৯)</b>	<b>৯২০৮.১৩</b>	<b>১০০৬.০৫</b>	<b>৮১৪৪.৩০</b>	<b>৮৯৬.২৭</b>
১১.	<b>ব্যয় উদ্ধৃত আয়/ঘাটতি (০৬-১০)</b>	<b>-৭২০২.৮৩</b>	<b>৯৫৫.০৫</b>	<b>-৩৭২১.১০</b>	<b>৮৮১.৫৮</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/ লভ্যাংশ √	৪০.০০	৪০.০০	৪০.০০	৪০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	৪০.০০	৪০.০০	৪০.০০	৪০.০০
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৭৩৫৪.০০	৭০.০০	৭১৭১.০০	২৩৮.২৪
১৬.	মোট সম্পদ	৫২৭৬০.৩৫	৫৮৫৬৫.১৮	৭৩৫৫৯.৪০	৫৬২৮৫.৫৩
১৭.	ঋণ মূলধন অনুপাত	৩৫:৬৫	৩০:৭০	৩১:৬৯	২৮:৭২
১৮.	মোট জনবল (সংখ্যা)	৭১	৭১	৭১	৭১

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সরকারি অনুদানসহ সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৯৬১.১০ লক্ষ ও ২০০৫.৩০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১০০৬.০৫ লক্ষ ও ৯২০৮.১৩ লক্ষ টাকা। ফলে ২০২০-২১ অর্থবছরে ব্যয় উদ্ধৃত আয় দাঁড়াবে ৯৫৫.০৫ লক্ষ টাকা ও ২০২১-২২ অর্থবছরে ব্যয় পরবর্তী ঘাটতি হবে ৭২০২.৮৩ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংস্থার ১৭৭৭.৮৫ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৮৯৬.২৭ লক্ষ টাকা এবং ব্যয় উদ্ধৃত আয়ের পরিমাণ ছিল ৮৮১.৫৮ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা কর্তৃক ৪০.০০ লক্ষ টাকা করে লভ্যাংশসহ সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪০.০০ লক্ষ টাকা করে। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে ৪০.০০ লক্ষ টাকা লভ্যাংশ প্রদানসহ সংস্থার মোট অবদান ছিল ৪০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ৫৬২৮৫.৫৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ২৮:৭২। ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখে সংস্থার মোট সম্পদের পরিমাণ হবে যথাক্রমে ৫৮৫৬৫.১৮ লক্ষ ও ৫২৭৬০.৩৫ লক্ষ টাকা এবং ঋণমূলধন অনুপাত হবে ৩০:৭০ ও ৩৫:৬৫। ২০১৯-২০ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৭১ জন। ২০২০-২১ এবং ২০২১-২২ উভয় অর্থবছরে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে ৭১ জন করে।

## জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ

জাতীয় গৃহায়নকর্তৃপক্ষ ২০০০ খ্রিস্টাব্দের ২৭ নং আইন বলে সাবেক গৃহ সংস্থান অধিদপ্তর ও কমিশনার সেটেলমেন্ট কার্যালয় অবলুপ্ত করে সৃষ্টি করা হয়। এটি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত সংস্থা। ঢাকা সহ দেশের বিভিন্ন জেলা ও উপজেলা শহরের বাসস্থান সমস্যার সমাধান তথা শহরের সার্বিক উন্নয়নের লক্ষ্যে এ সংস্থা কাজ করে যাচ্ছে।

এ প্রতিষ্ঠানের উদ্দেশ্য, কার্যক্রম ও লক্ষ্য হচ্ছে-সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে আধুনিক নাগরিক সুযোগ-সুবিধাসহ উপজেলা পর্যায় পর্যন্ত আবাসিক প্লট ও ফ্ল্যাট তৈরি করা। কিন্তু সুবিধার মাধ্যমে জনগণের মধ্যে বরাদ্দ প্রদান করে জনগণের আবাসিক সমস্যা সমাধান করাই কর্তৃপক্ষের মূল উদ্দেশ্য। তাছাড়া দেশের অব্যবহৃত জায়গায় পর্যায়ক্রমে বিভিন্ন শ্রেণি/পেশার মানুষের জন্য পরিকল্পিতভাবে স্বল্প জমিতে বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণপূর্বক জনগণের বাসস্থানের সমস্যা সমাধান করাও প্রতিষ্ঠানের লক্ষ্য। জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	প্রকৃত ২০১৯-২০
	<b>আয়</b>				
০১.	ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি	০.০০	০.০০	০.০০	০.০০
০২.	সরকারি অনুদান	১৯০০.০০	১৮৭৭.০০	১৮৭৭.০০	১৭০০.০০
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	০.০০
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ	৪৫৭৫.০০	৪১২০.০০	৪৮৬৮.৬২	৪১১৩.৫৫
০৫.	অন্যান্য	৯২৮৪.০০	৭৯৭৫.৬২	৬৩৬০.৮৮	৭৪৫০.৯০
০৬.	<b>মোট আয় (০১+...+০৫)</b>	<b>১৫৭৫৯.০০</b>	<b>১৩৯৭২.৬২</b>	<b>১৩১০৬.৫০</b>	<b>১৩২৬৪.৪৫</b>
	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	২০৫৭.৫০	১৯২৭.০২	৩২৩৮.২৩	১৭৬৭.২৬
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	২৫৫.০০	৬৫০.০০	১৮০.০০	৪০৭৩.৮৫
০৯.	অন্যান্য ব্যয়	২৯১৫.০০	৩৪৫২.৯৬	৩০৫২.১৫	২৭৪২.৩৮
১০.	<b>মোট ব্যয় (০৭+...+০৯)</b>	<b>৫২২৭.৫০</b>	<b>৬০২৯.৯৮</b>	<b>৬৪৭০.৮৮</b>	<b>৮৫৮৩.৪৯</b>
১১.	<b>ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি): (০৬--১০)</b>	<b>১০৫৩১.৫০</b>	<b>৭৯৪২.৬৪</b>	<b>৬৬৩৫.৬২</b>	<b>৪৬৮০.৯৬</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	১২০০.০০	১২০০.০০	১২০০.০০	১২০০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	৫৪০০.০০	৫২৫০.০০	১৩৪০০.০০	১৩২৫০.০০
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ (ডি এস এল সহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৪৯৭৯৪.০০	৪৯৯৭০.৪৩	৫৫১৮৯.৫৫	৩৩৭৮৮.১৩
১৬.	মোট সম্পদ	৬৩৮১৮৪.১০	৫৮৭০৬৬.১০	৬৩৩৩৮৬.৬৬	৫৩৪৮৯১.৬৭
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity)	১৬:৮৪	১০:৯৯	১৬:৮৪	৩:৯৭
১৮.	মোট জনবল ( সংখ্যা)	৫৮২	৫৩২	৫৬৪	৫১৮

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৩৯৭২.৬২ লক্ষ ও ১৫৭৫৯.০০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৬০২৯.৯৮ লক্ষ ও ৫২২৭.৫০ লক্ষ টাকা ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ৭৯৪২.৬৪ লক্ষ ও ১০৫৩১.৫০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ১৩২৬৪.৪৫ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৮৫৮৩.৪৯ লক্ষ টাকা। উক্ত অর্থবছরে সংস্থায় ব্যয় উদ্বৃত্ত আয় ছিল ৪৬৮০.৯৬ লক্ষ টাকার।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক (শুরু, বিভিন্ন কর বাবদ) সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫২৫০.০০ লক্ষ টাকা এবং ৫৪০০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ১৩২৫০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ৫৩৪৮৯১.৬৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) হিসাব করা হয়েছে ৩:৯৭। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৫৮৭০৬৬.১০ লক্ষ টাকা এবং ৬৩৮১৮৪.১০ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে যথাক্রমে ১০:৯৯ এবং ১৬:৮৪। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ৫১৮ জন। ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ-এর জনবলের সংখ্যা দাঁড়াবে যথাক্রমে ৫৩২ জন এবং ৫৮২ জন।

## কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

পর্যটন নগরী কক্সবাজার বাংলাদেশের সবচেয়ে বড় আকর্ষণীয় পর্যটন কেন্দ্র। এখানে রয়েছে পৃথিবীর দীর্ঘতম একক সমুদ্র সৈকতসহ বেশ কয়েকটি নৈসর্গিক ছোট ছোট দ্বীপ,পাহাড়, বনাঞ্চল প্রভৃতি। তাছাড়া শিল্পায়ন, কৃষি উন্নয়ন, মৎস্য আহরণ ও প্রক্রিয়াকরণের বিশাল সুযোগ রয়েছে এ জেলায়। এসব বিষয়াদি বিবেচনায় নিয়ে কক্সবাজারকে আন্তর্জাতিক মান সম্পন্ন পর্যটন নগরীতে রূপান্তরের লক্ষ্যে ২০১৬ সালের ১৩ মার্চ তারিখে জাতীয় সংসদ কর্তৃক রাষ্ট্রপতির সম্মতিক্রমে কক্সবাজার ও এর সম্মিহিত এলাকার সমন্বয়ে একটি আধুনিক ও আকর্ষণীয় পর্যটন নগরী প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়। সে মোতাবেক উক্ত অঞ্চলের সুপরিকল্পিত উন্নয়ন নিশ্চিত করার নিমিত্তে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক) প্রতিষ্ঠা করা হয়। কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। বর্তমান উন্নয়নমুখী বাংলাদেশ সরকারের প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতায় পরিকল্পিত নগরায়ন প্রক্রিয়া দ্রুত অগ্রসর হচ্ছে। কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	প্রকৃত ২০১৯-২০
	<b>আয়</b>				
০১.	ইউনিটসমূহ হ'তে লেভি সংগ্রহ	০.০০	০.০০	০.০০	০.০০
০২.	সরকারি অনুদান	১২০০.০০	৯০০.০০	১২০০.০০	১২০০.০০
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	২৫.০০	২০.০০	৩৫.০০	৭০.৪৯
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য সুদ ও ভাড়া	০.০০	০.০০	৩.৮০	৪.৭৮
০৫.	অন্যান্য	৯৬৫০.০০	৪৩৫০.০০	৪৩৯০.৭০	১৬৩৮.০০
০৬.	<b>মোট আয় (১+ . . . +৫)</b>	<b>১০৮৭৫.০০</b>	<b>৫২৭০.০০</b>	<b>৫৬২৯.৫০</b>	<b>২৯১৩.২৭</b>
	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	১৩৪.৩১	৭৯.৬৪	১৬৪.৩৫	২৭.৮০
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	০.০০	০.০০	০.০০	০.০০
০৯.	অন্যান্য	১০১৫৭.১৮	৪৬৫২.৭৮	৪২২০.৫৭	১৯০৮.৫৬
১০.	<b>মোট ব্যয় (৭+ . . . +৯)</b>	<b>১০২৯১.৪৯</b>	<b>৪৭৩২.৪২</b>	<b>৪৩৮৪.৯২</b>	<b>১৯৩৬.৩৬</b>
১১.	<b>ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি):(৬-১০)</b>	<b>৫৮৩.৫১</b>	<b>৫৩৭.৫৮</b>	<b>১২৪৪.৫৮</b>	<b>৯৭৬.৯১</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	০.০০	০.০০	০.০০	০.০০
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	০.০০	০.০০	০.০০	০.০০
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৪৫৪.০০	২৯৪.৪০	৪২১.৫০	২৫০.৭১
১৬.	মোট সম্পদ	২৫৬২.৩৮	১৯৭৮.৮৭	৩০৮৪.২৪	১৪৪১.২৯
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	১৪ : ৮৬	১৯ : ৮১	০ : ১০০	২৬ : ৭৪
১৮.	মোট জনবল (সংখ্যা)	৮২	৮৭	১১৮	৪৭

২০১৯-২০ অর্থবছরে কউক এর মোট ২৯১৩.২৭ লক্ষ টাকা আয়ের বিপরীতে মোট ব্যয় হয় ১৯৩৬.৩৬ লক্ষ টাকা। ফলে কউক এর ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ দাঁড়ায় ৯৭৬.৯১ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট আয় যথাক্রমে ৫২৭০.০০ লক্ষ ও ১০৮৭৫.০০ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৪৭৩২.৪২ লক্ষ ও ১০২৯১.৪৯ লক্ষ টাকা। ফলে উক্ত সময়ে কউক এর ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৫৩৭.৫৮ লক্ষ এবং ৫৮৩.৫১ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে কউক লভ্যাংশ হিসাবে সরকারি কোষাগারে কোন অর্থ প্রদান করবে না। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১৪৪১.২৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ২৬ : ৭৪। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১৯৭৮.৮৭ লক্ষ ও ২৫৬২.৩৮ লক্ষ টাকা এবং উভয় অর্থবছরে ঋণ মূলধন অনুপাত হবে ১৯ : ৮১ ও ১৪ : ৮৬। ২০১৯-২০ অর্থবছরে কউক এর জনবল ছিল মোট ৪৭ জন। এ জনবল ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৮৭ জন ও ৮২ জন।

## বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

১৯৭২ সালে রাষ্ট্রপতির ৯৪ নং আদেশ এবং একই সালের ১৫৯নং সংশোধিত আদেশ বলে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রতিষ্ঠিত হয়। এ বিষয়ে পরিবর্তীতে ১৯৭২ সালে ৩৮ নং অর্ডিন্যান্স, ১৯৮০ সালে ১১০নং বিল, ১৯৮৩ সালে ১৪নং অর্ডিন্যান্স এবং একই সালের ৬৪নং অর্ডিন্যান্স জারি হয়। যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সাহায্য ও পুনর্বাসনের ব্যবস্থা করাই এ ট্রাস্টের মূখ্য উদ্দেশ্য। এ উদ্দেশ্যে ট্রাস্ট সম্পত্তি ক্রয়/বিক্রয়, শিল্প ও বাণিজ্যিক কার্যক্রম পরিচালনাসহ অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে থাকে। বর্তমানে ট্রাস্টের অধীনে ২১টি শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান রয়েছে। ক্রমাগত লোকসানের কারণে এসব প্রতিষ্ঠানের কার্যক্রম বন্ধ রয়েছে। তবে ৩ টি প্রতিষ্ঠানের খালি জায়গায় স্পেস ভাড়া এবং কিছু প্রতিষ্ঠানের মধ্যে শেয়ারিং ভিত্তিতে ডেভেলপারের মধ্যমে বহুতল ভবন নির্মাণের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। এটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি স্বায়ত্তশাসিত সংস্থা। বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	প্রকৃত ২০১৯-২০
	<b>আয়</b>				
০১.	ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি	০.০০	০.০০	০.০০	০.০০
০২.	সরকারি অনুদান	৪৬৫৫১.৮৭	৪৫২৭০.৪২	৪৬৬০২.০৭	৪৫৮০৬.১১
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	০.০০
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ	৩৬৭৫.০০	৩৬১৭.০২	৩৩১২.৪৪	৩২৯৯.৬৩
০৫.	অন্যান্য	২৫.০০	২০.০০	২৫.০০	২৩.২২
০৬.	<b>মোট আয় (০১+...+০৫)</b>	<b>৫০২৫১.৮৭</b>	<b>৪৮৯০৭.৪৪</b>	<b>৪৯৯৩৯.৫১</b>	<b>৪৯১২৮.৯৬</b>
	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	১৭১৪.৮৬	১৫৯৪.৫৮	২০২০.২৫	১৪৪৭.০৩
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	৮১৩.৬৪	৭৭৭.৭৯	১৭৭.০৮	৫৮৯.৩৭
০৯.	অন্যান্য ব্যয়	৪৭৫৫৫.১৩	৪৬২৫৩.০৮	৪৭৫১৬.৩৭	৪৬৬২৫.৬৩
১০.	<b>মোট ব্যয় ( ০৭+...+০৯)</b>	<b>৫০০৮৩.৬৩</b>	<b>৪৮৬২৫.৪৫</b>	<b>৪৯৭১৪.৭০</b>	<b>৪৮৬৬২.০৩</b>
১১.	<b>ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি): (০৬--১০)</b>	<b>১৬৮.২৪</b>	<b>২৮১.৯৯</b>	<b>২২৪.৮১</b>	<b>৪৬৬.৯৩</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	০.০০	০.০০	০.০০	০.০০
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ (ডি এস এল সহ)	০.০০	০.০০	৫০.০০	০.০০
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	১৯৭.০০	৫২.০০	১১৮.৪০	১৯২.৫৭
১৬.	মোট সম্পদ	৩৬৫৫৬.৫৮	৩৪০৬০.৪৮	৩৫৫৮২.১৯	৩২০৪১.৭১
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৮৫:১৫	৮৪:১৬	৯২:৮	৮৪:১৬
১৮.	মোট জনবল ( সংখ্যা)	২৯৫	২৯৫	২৯৩	৩০৫

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৮৯০৭.৪৪ লক্ষ ও ৫০২৫১.৮৭ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৮৬২৫.৪৫ লক্ষ ও ৫০,০৮৩.৬৩ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ২৮১.৯৯ লক্ষ ও ১৬৮.২৪ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ৪৯১২৮.৯৬ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৪৮৬৬২.০৩ লক্ষ টাকা এবং ব্যয় পরবর্তী উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ৪৬৬.৯৩ লক্ষ টাকা।

২০১৯-২১ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ৩২০৪১.৭১ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ৮৪:১৬। ২০২০-২১ সংশোধিত ও ২০২১-২২ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৩৪০৬০.৪৮ লক্ষ টাকা এবং ৩৬৫৫৬.৫৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে যথাক্রমে ৮৪:১৬ এবং ৮৫:১৫। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ৩০৫ জন। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ উভয় অর্থবছরে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর প্রধান কার্যালয়ের জনবল দাঁড়াবে ২৯৫ জন।

## বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন

১৯৫৭ সালের ১৫ নং এ্যাক্ট অনুযায়ী বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (বিএফডিসি) প্রতিষ্ঠিত হয়। কর্পোরেশন চলচ্চিত্র শিল্পের সার্বিক উন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে চলচ্চিত্র নির্মাণ, স্টুডিও প্রতিষ্ঠা ও রক্ষণাবেক্ষণের জন্য ব্যক্তি বা কোম্পানিকে ঋণ প্রদান, কর্পোরেশন কর্তৃক নিজেদের স্টুডিও স্থাপন এবং ভাড়ার বিনিময়ে চিত্র নির্মাতাদের স্টুডিও ব্যবহারের সুযোগ প্রদান করে থাকে। এছাড়াও বি.এফ.ডি.সি. বিভিন্ন উপায়ে চলচ্চিত্র শিল্পের বিকাশ ও উন্নয়নে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা করে থাকে। বিএফডিসি'র ২০২০-২১ অর্থবছরের সংশোধিত ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটের সংক্ষিপ্ত-সার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্ত সার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
০১.	<b>আয়</b> পরিচালন রাজস্ব	৫৪০.৫০	৪৭১.৫০	৫৮৪.৫০	৪৪৯.৭৭
০২.	<b>ব্যয়</b> পরিচালন ব্যয়	১,৯৮০.১০	১,৯৭৪.১০	২,০১০.৪০	২,০০২.৫২
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	৫১১.১৫	৪৬১.১৫	৪৫২.১৫	৩৭৮.৮১
<b>০৪.</b>	<b>মোট ব্যয় (০২+০৩)</b>	<b>২,৪৯১.২৫</b>	<b>২,৪৩৫.২৫</b>	<b>২,৪৬২.৫৫</b>	<b>২,৩৮১.৩৩</b>
<b>০৫.</b>	<b>পরিচালন উদ্বৃত্ত/ঘাটতি (১-৪)</b>	<b>-১,৯৫০.৭৫</b>	<b>-১,৯৬৩.৭৫</b>	<b>-১,৮৭৮.০৫</b>	<b>-১,৯৩১.৫৬</b>
০৬.	অ-পরিচালন আয়	১৫১.৭৫	৯৪.৭৫	২৪৬.৭৫	১৬৭.৮৫
০৭.	অ-পরিচালন ব্যয়	১৫১.০০	১৫১.০০	১৫১.০০	১৫০.৭৮
০৮.	আয়কর	০.০০	০.০০	০.০০	০.০০
<b>০৯.</b>	<b>নীট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)</b>	<b>-১,৯৫০.০০</b>	<b>-২,০২০.০০</b>	<b>-১,৭৮২.৩০</b>	<b>-১,৯১৪.৪৯</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ√	০.০০	০.০০	০.০০	০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	১৫৯.০০	১৯৫.০০	১৫৯.০০	৪.১৭
১২.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	২৮০.০০	২৮০.০০	২৮০.০০	০.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৪৭.০০	৪৪.০০	৪৬.০০	০.৮০
১৪.	মোট সম্পদ	১০,৭৫৩.১৯	১০,৮২৭.৪৪	৯,২৬৩.০৬	১০,৯৯২.৭৬
১৫.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	১২৪ : -২৪	১০৫ : -৫	১৩৪ : -৩৪	৮৭ : ১৩
১৬.	মোট জনবল (সংখ্যা)	২৫৩	২৬০	২৮৬	২৬৯

২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের মোট ৪৪৯.৭৭ লক্ষ টাকা আয়ের বিপরীতে মোট ব্যয় হয় ২৩৮১.৩৩ লক্ষ টাকা। ফলে কর্পোরেশনের পরিচালন লোকসানের পরিমাণ ছিল -১৯৩১.৫৬ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয় যথাক্রমে ৪৭১.৫০ লক্ষ ও ৫৪০.৫০ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হয় যথাক্রমে ২৪৩৫.২৫ লক্ষ ও ২৪৯১.২৫ লক্ষ টাকা। ফলে এ সময়ে সংস্থার পরিচালন লোকসানের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে -১৯৬৩.৭৫ লক্ষ ও -১৯৫০.৭৫ লক্ষ টাকা।

২০১৯-২০ অর্থবছরে চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন বিভিন্ন খাতে ৪.১৭ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে। লোকসানের কারণে ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা লভ্যাংশ হিসেবে সরকারি কোষাগারে কোন অর্থ জমা প্রদান করবে না। তবে উক্ত সময়ে অন্যান্য খাতে সরকারি কোষাগারে যথাক্রমে ১৯৫.০০ লক্ষ ও ১৫৯.০০ লক্ষ টাকা প্রদান করবে। ২০১৯-২০ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১০৯৯২.৭৬ লক্ষ টাকা ও ঋণ মূলধন অনুপাত ছিল ৮৭:১৩। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১০৮২৭.৪৪ লক্ষ ও ১০৭৫৩.১৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ১০৫ : -৫ এবং ১২৪ : -২৪। ২০১৯-২০ অর্থবছরে কর্পোরেশনের জনবল ছিল মোট ২৬৯ জন। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের জনবল দাঁড়াবে যথাক্রমে ২৬০ ও ২৫৩ জন।

## বাংলাদেশ পর্যটন কর্পোরেশন

১৯৭২ সালের রাষ্ট্রপতির ১৪৩ নং আদেশ বলে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়। পর্যটন শিল্পের উন্নয়নকল্পে পর্যটন খাতের সুযোগ সুবিধা অর্থাৎ পর্যটকদের থাকা খাওয়া এবং যাতায়াত ব্যবস্থার উন্নয়ন সাধন বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের মুখ্য উদ্দেশ্য। সমগ্র বাংলাদেশে পর্যটন কর্পোরেশনের ৩১টি ইউনিট রয়েছে যার মাধ্যমে পর্যটন কর্পোরেশন সকল কার্যাবলী বাস্তবায়ন করে থাকে। এ কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন ইউনিটের লাভ/লোকসান প্রধান কার্যালয়ের হিসাবের সাথে সমন্বয় করে করা হয় এবং একীভূত তহবিল হতে প্রয়োজন অনুসারে বিভিন্ন ইউনিটে বিনিয়োগ/ভর্তুকি প্রদান করা হয়। বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের ইউনিটসমূহের (প্রধান কার্যালয় সহ) বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	প্রকৃত ২০১৯-২০
০১.	<b>আয়</b> বিক্রয় রাজস্ব	১১২২৯.৮৩	১০৩২৬.৫৯	১২১৫৩.৫৬	৮৪৩২.৪৮
০২.	<b>ব্যয়</b> পরিচালন ব্যয়	৩৮৬৫.২৮	৩০৫৪.৭০	৪০১৯.২৫	৩৩৮৫.৬৭৬
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	৫৩৫৪.৫৩	৫২৫৫.২৪	৫৬৯৮.৪৪	৪৭০৩.৯৪
০৪.	<b>মোট পরিচালন ব্যয় (২+৩)</b>	<b>৯২১৯.৮১</b>	<b>৮৩০৯.৯৪</b>	<b>৯৭১৭.৬৯</b>	<b>৮০৮৯.৬১</b>
০৫.	<b>পরিচালন মুনাফা/ (লোকসান) (১-৪)</b>	<b>২০১০.০২</b>	<b>২০১৬.৬৫</b>	<b>২৪৩৫.৮৭</b>	<b>৩৪২.৮৭</b>
০৬.	অ-পরিচালন আয়	৯৩২.৮৮	৮৩৩.০৬	৬৮৬.২১	৮৭৭.২৭
০৭.	অপরিচালন ব্যয়	৩৩৫১.৩৫	৩০০১.৩৫	৩০১২.৫০	২২৮১.৯৬
০৮.	আয়কর	-১৪২.৯৬	-৫৩.০৮	৩৮.৩৫	-৩৭১.৬৪
০৯.	<b>নীট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)</b>	<b>-২৬৫.৪৯</b>	<b>-৯৮.৫৬</b>	<b>৭১.২৩</b>	<b>-৬৯০.১৮</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ√	২০.০০	২০.০০	১০০.০০	০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	৮৫৬.৯০	৮১১.০৯	১০৬৬.৬০	৪৪৭.১৭
১২.	দীর্ঘমেয়াদি ঋণ (ডি এস এল সহ)	১৮৬.৯৭	১৮৬.৯৭	২০৬.৯৭	৩০.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৯৭২৬.০০	৩৪০২.০০	৮৩৩৬.৭৫	৬৯৫৫.০৩
১৪.	মোট সম্পদ	৪১২৩৮.৫৪	৩২০৭৭.৬৪	৪০৯২৫.৩৮	২৯২৬৬.৪৩
১৫.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	১০:৯০	১২:৮৮	১৬:৮৪	১৪:৮৬
১৬.	মোট জনবল ( সংখ্যা)	২২৪৬	২২৫৩	১০৭৭	১০৬৩

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটের মোট পরিচালন রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১০৩২৬.৫৯ লক্ষ ও ১১২২৯.৮৩ লক্ষ টাকা এবং তার বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮৩০৯.৯৪ লক্ষ ও ৯২১৯.৮১ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ২০১৬.৬৫ লক্ষ ও ২০১০.০২ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার অপরিচালন আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮৩৩.০৬ লক্ষ ও ৯৩২.৮৮ লক্ষ টাকা এবং অপরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩০০১.৩৫ লক্ষ ও ৩৩৫১.৩৫ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী সংস্থার কর উত্তর নীট লোকসান দাঁড়াবে যথাক্রমে ৯৮.৫৬ লক্ষ ও ২৬৫.৪৯ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ইউনিটের ৮৪৩২.৪৮ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৮০৮৯.৬১ লক্ষ টাকা এবং পরিচালন মুনাফার পরিমাণ ছিল ৩৪২.৮৭ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরের বাজেটে সংস্থার অপরিচালন আয় ছিল ৮৭৭.২৭ লক্ষ টাকা এবং অপরিচালন ব্যয় ছিল ২২৮১.৯৬ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী সংস্থার কর উত্তর নীট লোকসান ছিল ৬.৯০ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে লভ্যাংশ হিসাবে ২০.০০ লক্ষ টাকাসহ সংস্থা কর্তৃক (শুল্ক, বিভিন্ন কর বাবদ) সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮১১.০৯ লক্ষ ও ৮৫৬.৯০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সরকারি কোষাগারে মোট অবদানের পরিমাণ ছিল ৪৪৭.১৭ লক্ষ টাকা। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ২৯২৬৬.৪৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ১৪:৮৬। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৩২০৭৭.৬৪ লক্ষ এবং ৪১২৩৮.৫৪ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত উভয় অর্থবছরে দাঁড়াবে যথাক্রমে ১২:৮৮ ও ১০:৯০। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ১০৬৩ জন। ২০২০-২১ অর্থবছরে এবং ২০২১-২২ অর্থবছরে সংস্থার জনবল দাঁড়াবে যথাক্রমে ২২৫৩ এবং ২২৪৬ জন।

## বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সাবেক বেসামরিক বিমান চলাচল বিভাগ ও বিমান বন্দর উন্নয়ন সংস্থাকে একীভূত করে অক্টোবর ১৯৮৫ খ্রি: অধ্যাদেশ নং- ৩৮ বলে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়। ১৯ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি. তারিখে সরকার কর্তৃক “দি সিভিল এভিয়েশন অথরিটি অ্যান্ড” প্রণয়ন করা হয়। কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে বর্তমানে ৩টি আন্তর্জাতিক, ৫টি অভ্যন্তরীণ ও ৪টি STOL (Short Take-off & Landing) বিমান বন্দর রয়েছে। বাংলাদেশের আকাশ সীমানায় ও বিমান বন্দরসমূহে দেশি-বিদেশি বিমানের সুষ্ঠু ও নিরাপদ চলাচলের ব্যবস্থা নিশ্চিত করা এ প্রতিষ্ঠানের মুখ্য কাজ। বিমান চলাচলের সুযোগ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে কর্তৃপক্ষ প্রতি বছর বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করে থাকে। বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ২০২০-২১ অর্থবছরে সংশোধিত বাজেট ও ২০২১-২২ অর্থবছরে প্রাক্কলিত বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিতবাজেট ২০২০-২১	অনুমোদিতবাজেট ২০২০-২১	প্রকৃত ২০১৯-২০
০১.	<b>আয়</b> মোট পরিচালন রাজস্ব	১৬০২১৫.২৮	১৪৮০৯২.৬৪	১৬৭৯৭৯.৯৪	১৪০৮৫১.৮৫
০২.	<b>ব্যয়</b> পরিচালন ব্যয়	৮৫৫৫৭.২০	৭৯১৯৯.৭০	৭৯৮৮৮.৪২	৫৩৭৯৭.৩২
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	১৪৩০৯.১৫	১৩৪৭৩.৪৮	১৪৫০৩.৭৮	৮৯৭২.৮৫
৪	মোট পরিচালন ব্যয় (২+৩)	৯৯৮৬৬.৩৫	৯২৬৭৩.১৮	৯৪৩৯২.২০	৬২৭৭০.১৭
<b>০৫.</b>	<b>পরিচালন মুনাফা/(লোকসান) (১-৪)</b>	<b>৬০৩৪৮.৯৩</b>	<b>৫৫৪১৯.৪৬</b>	<b>৭৩৫৮৭.৭৪</b>	<b>৭৮০৮১.৬৮</b>
০৬.	অ-পরিচালন আয়	৭০৮০.১০	৬৭৮৩.০৭	১১৭৮৩.৯৬	১৪৬০১.৬৬
০৭.	অ-পরিচালন ব্যয়	০.০০	০.০০	০.০০	৩২৩.৮১
০৮.	আয়কর	২৫০০০.০০	২২০০০.০০	৩০০০০.০০	২০০০০.০০
<b>০৯.</b>	<b>নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)</b>	<b>৪২৪২৯.০৩</b>	<b>৪০২০২.৫৩</b>	<b>৫৫৩৭১.৭০</b>	<b>৭২৩৫৯.৫৩</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ√	১২৫০০.০০	১২০০০.০০	১২৫০০.০০	৯৩৭৫.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	৩৯০২৫.০০	৩৫৩৭০.০০	৪৪০৫০.৩০	৩০৩৬৩.৮২
১২.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	০.০০	০.০০	০.০০	১৮৮২৬.২৬
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	১৪৮৯৮০.৮২	৯৩৩৯১.৬২	১৪৯৫৮০.৯২	৪৫৩০২.২১
১৪.	মোট সম্পদ	১৭৯৭৩৩৩.৯৭	১৫৮৩৬৪৭.১১	১৫১৭২০৪.৭৭	১৪৩৪৩৫৪.৫৫
১৫.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৪০:৬০	৩৪:৬৬	৩২:৬৮	২৯:৭১
১৬.	মোট জনবল (সংখ্যা)	৩৭৬৯	৩৬৬৯	৩৭৬৯	৩৪১২

২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের মোট ১৪০৮৫১.৮৫ লক্ষ টাকা পরিচালন রাজস্বের বিপরীতে মোট পরিচালন ব্যয় হয় ৬২৭৭০.১৭ লক্ষ টাকা। ফলে কর্তৃপক্ষের পরিচালন মুনাফার পরিমাণ দাঁড়ায় ৭৮০৮১.৬৮ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে কর্তৃপক্ষের মোট আয় যথাক্রমে ১৪৮০৯২.৬৪ লক্ষ ও ১৬০২১৫.২৮ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হচ্ছে যথাক্রমে ৯২৬৭৩.১৮ লক্ষ ও ৯৯৮৬৬.৩৫ লক্ষ টাকা। ফলে কর্তৃপক্ষের পরিচালন মুনাফার পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৫৫৪১৯.৪৬ লক্ষ ও ৬০৩৪৮.৯৩ লক্ষ টাকা।

২০১৯-২০ অর্থবছরে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ লভ্যাংশ হিসেবে ৯৩৭৫.০০ লক্ষ টাকাসহ বিভিন্ন খাতে মোট ৩০৩৬৩.৮২ লক্ষ টাকা সরকারি কোষাগারে প্রদান করে। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে কর্তৃপক্ষ লভ্যাংশ হিসেবে যথাক্রমে ১২০০০.০০ লক্ষ ও ১২৫০০.০০ লক্ষ টাকাসহ যথাক্রমে মোট ৩৫৩৭০.০০ লক্ষ ও ৩৯০২৫.০০ লক্ষ টাকা প্রদান করবে। ২০১৯-২০ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১৪৩৪৩৫৪.৫৫ লক্ষ টাকা ও ঋণ মূলধন অনুপাত ছিল ২৯:৭১। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১৫৮৩৬৪৭.১১ লক্ষ ও ১৭৯৭৩৩৩.৯৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ৩৪:৬৬ ও ৪০:৬০। ২০১৯-২০ অর্থবছরে কর্তৃপক্ষের কর্মরত জনবল ছিল ৩৪১২ জন। ২০২০-২১ অর্থবছরে এবং ২০২১-২২ অর্থবছরে কর্তৃপক্ষের জনবল থাকবে যথাক্রমে ৩৬৬৯ জন ও ৩৭৬৯ জন করে।



## বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

বাংলাদেশের জলপথে নৌ-পরিবহনের অবকাঠামোমূলক সুযোগ সুবিধা সৃষ্টি যথাঃ নৌ-যোগাযোগ ও পরিবহন ব্যবস্থার উন্নতিকল্পে এর যথাযথ সংরক্ষণ ও নিয়ন্ত্রণ, নিরাপদ নৌ-চলাচল এবং নদী বন্দর আধুনিকীকরণ প্রভৃতি কর্মকান্ড বাস্তবায়নের লক্ষ্যে ১৯৫৮ সালে একটি বিধিবদ্ধ সংস্থা হিসেবে তৎকালীন পূর্ব পাকিস্তান অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়। পরবর্তীকালে ১৯৭৭ সালে রাষ্ট্রপতি কর্তৃক জারীকৃত অধ্যাদেশ বলে এর নামকরণ করা হয় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীনে একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। এ সংস্থা বর্তমানে সারা দেশে বর্ষা মৌসুমে প্রায় ৬৫০০ কিলোমিটার এবং শুরু মৌসুমে প্রায় ৪৮০০ কিলোমিটার নৌ-পথে প্রয়োজনীয় সেবা প্রদান করে থাকে। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট সংক্ষিপ্তসার (প্রধান কার্যালয়)

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
	<b>আয়</b>				
০১.	ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি	০.০০	০.০০	০.০০	০.০০
০২.	সরকারি অনুদান	৫২২০০.০০	৫০৭৮৫.০০	৪৮৪৪০.০০	৫০৪৭৯.১৭
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	২৪৫০০.০০	২৪০০০.০০	২৩৫০০.০০	২৫৩৫৩.২১
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ	০.০০	০.০০	০.০০	০.০০
০৫.	অন্যান্য	০.০০	০.০০	২৬৬০.০০	০.০০
<b>০৬.</b>	<b>মোট আয় (১+... +৫)</b>	<b>৭৬৭০০.০০</b>	<b>৭৪৭৮৫.০০</b>	<b>৭৪৬০০.০০</b>	<b>৭৫৮৩২.৩৮</b>
	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	২৫৩২৫.০০	২৩১৫১.০০	২৪০১৯.০০	২০৩৮০.৯৭
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	৪৮০০.০০	৪৪০০.০০	৪৫০.০০	৩৮০০.০০
০৯.	অন্যান্য ব্যয়	৫২৯৯৯.১৫	৫২২২০.১৫	৫৫৮০৫.১৫	৪৬৯৭১.৭৫
<b>১০.</b>	<b>মোট ব্যয় (০৭+... +০৯)</b>	<b>৮২১২৪.১৫</b>	<b>৭৯৭৭১.১৫</b>	<b>৮০২৭৪.১৫</b>	<b>৭১১৫২.৭২</b>
<b>১১.</b>	<b>ব্যয় উদ্ধৃত আয়/(ঘাটতি) (০৬-১০)</b>	<b>-৫৪২৪.১৫</b>	<b>-৪৯৮৬.১৫</b>	<b>-৫৬৭৪.১৫</b>	<b>৪৬৭৯.৬৬</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	১০০৫.০০	১৩১৫.০০	১০৮৫.০০	৯৬৩.৪৬
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	৪৫০.০০	৪৫০.০০	৪৫০.০০	৪০৭৫৪.৪০
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	১৩৮৮৫৪.০০	১২৭৬৭০.০০	১৭১৩১৯.০০	১৯৮৮১.০৯
১৬.	মোট সম্পদ	৮৮৫৬২৯.২৬	৭৫৬৫০৮.৪১	৯১২৫০৫.৫৭	৬৩৯০৭৯.৫৬
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	১৭:৮৩	২০:৮০	১৭:৮৩	২৪:৭৬
১৮.	মোট জনবল (সংখ্যা)	৪১০২	৪১০২	৪০০২	৩৯৮৭

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ৫০৭৮৫.০০ লক্ষ ও ৫২২০০.০০ লক্ষ টাকা রাজস্ব অনুদানসহ সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৭৪৭৮৫.০০ লক্ষ ও ৭৬৭০০.০০ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৭৯৭৭১.১৫ লক্ষ ও ৮২১২৪.১৫ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্ধৃত ঘাটতি দাঁড়াবে যথাক্রমে ৪৯৮৬.১৫ লক্ষ ও ৫৪২৪.১৫ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে ৫০৪৭৯.১৭ লক্ষ টাকা রাজস্ব অনুদানসহ সংস্থার মোট আয় ৭৫৮৩২.৩৮ লক্ষ টাকার বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৭১১৫২.৭২ লক্ষ টাকা এবং ব্যয় উদ্ধৃত আয় ছিল ৪৬৭৯.৬৬ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক বিভিন্ন ধরনের শুল্ক ও কর বাবদ সরকারি কোষাগারে প্রদেয় অবদান প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ১৩১৫.০০ লক্ষ ও ১০০৫.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদান ছিল ৯৬৩.৪৬ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৬৩৯০৭৯.৫৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ২৪:৭৬। ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৭৫৬৫০৮.৪১ লক্ষ ও ৮৮৫৬২৯.২৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত যথাক্রমে ২০:৮০ ও ১৭:৮৩। ২০১৯-২০ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৩৯৮৭ জন। ২০২০-২১ এবং ২০২১-২২ উভয় অর্থবছরে জনবলের সংখ্যা দাঁড়াবে ৪১০২ জন করে।

## বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) The Bangladesh Small and Cottage Industries Corporation Act 1957 (Act No. XVII of ১৯৫৭) এর মাধ্যমে গঠিত একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। বিসিক দেশে ক্ষুদ্র কুটির ও গ্রামীণ শিল্পের উন্নয়ন, পরিবর্ধন ও সম্প্রসারণমূলক কার্য সম্পাদন করে আসছে। সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে- কর্মসংস্থান সৃষ্টি আয়বর্ধক কর্মকান্ডের মাধ্যমে দারিদ্র বিমোচন, বেকারত্ব দূরীকরণ, আয় বৈষম্য হ্রাস, শিল্প উদ্যোক্তা সৃষ্টি, ক্ষুদ্র ও কুটির শিল্পের পণ্যের বাজার উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে সহায়তা করা। বিসিক এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	প্রকৃত ২০১৯-২০
	<b>আয়</b>				
০১.	ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি	০.০০	০.০০	০.০০	০.০০
০২.	সরকারি অনুদান	১৯৭০০.০০	১৯৩৯৮.০০	২৯৬১৪.৬০	১৯৩৩১.০০
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	০.০০
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ	১৩৩০.৯০	১২৫৪.৮০	১৭১৭.৩০	১৪০৯.২২
০৫.	অন্যান্য	১৭৮৯.১০	১৭৬৫.২০	২৭৮২.৭০	১৭৫৫.৫৭
০৬.	<b>মোট আয় (০১+...+০৫)</b>	<b>২২৮২০.০০</b>	<b>২২৪১৮.০০</b>	<b>৩৪১১৪.৬০</b>	<b>২২৪৯৫.৭৯</b>
	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	১২৫৫২.৪৭	১২৬৪২.৪৭	১৩২৬৭.৯২	১১৬৩১.০৬
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	৩৯৪১.৫৩	৪২৪৬.৫৩	৪০৯৫.৭১	৪২৯১.৫০
০৯.	অন্যান্য ব্যয়	৮৩২০.৬০	৬৬৭৭.৮৭	৮৬৯০.৮৮	৪৫৯৫.১৬
১০.	<b>মোট ব্যয় ( ০৭+...+০৯)</b>	<b>২৪৮১৪.৬০</b>	<b>২৩৫৬৬.৮৭</b>	<b>২৬০৫৪.৫১</b>	<b>২০৫১৭.৭২</b>
১১.	<b>ব্যয় উদ্ধৃত আয়/( ষাটটি): (০৬--১০)</b>	<b>-১৯৯৪.৬০</b>	<b>-১১১৮.৮৭</b>	<b>৮০৬০.০৯</b>	<b>১৯৭৮.০৭</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	৩১০.০০	৩১০.০০	৩১০.০০	২৬৯.৯৮
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ (ডি এস এল সহ)	০.০০	৮০০.০০	৪৫০.০০	৩৭৫.৫০
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	১১৮০৯.০০	৩৮৯৬.০০	৯৫১৫.৮০	২৩৭০.৯৯
১৬.	মোট সম্পদ	২৬৪১৫১.৬১	২৫৪৯৪৫.৯১	২৩৭৫১১.৪৮	২৫১৭৯০.০৫
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৫০:৫০	৪৮:৫২	৫০:৫০	৪৬:৫৪
১৮.	মোট জনবল ( সংখ্যা)	১৯৯৩	১৯৯৩	২৩৬০	২০৭৬

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২২৪১৮.০০ লক্ষ ও ২২৮২০.০০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৩৫৬৬.৮৭ লক্ষ ও ২৪৮১৪.৬০ লক্ষ টাকা ফলে ব্যয় পরবর্তী লোকসান দাঁড়াবে যথাক্রমে ১১১৮.৮৭ লক্ষ ও ১৯৯৪.৬০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ২২৪৯৫.৭৯ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২০৫১৭.৭২ লক্ষ টাকা। উক্ত অর্থবছরে সংস্থার ব্যয় উদ্ধৃত আয় ছিল ১৯৭৮.০৭ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক (শুল্ক, বিভিন্ন কর বাবদ) সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩১০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে মোট অবদানের পরিমাণ ছিল ২৬৯.৯৮ লক্ষ টাকা। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ২৫১৭৯০.০৫ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) হিসাব করা হয়েছে ৪৬:৫৪। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ২৫৪৯৪৫.৯১ লক্ষ এবং ২৬৪১৫১.৬১ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে যথাক্রমে ৪৮:৫২ ও ৫০:৫০। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ২০৭৬ জন। ২০২০-২১ এবং ২০২১-২২ উভয় অর্থবছরে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে ১৯৯৩ জন।

## বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা)

রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) আইন ১৯৮০ (আইন নং-৩৬) বলে বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) গঠিত হয়। বেপজা'র প্রধান কার্যাবলী এবং উদ্দেশ্যসমূহ হলো: ১. রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় বিদেশি পূঁজি বিনিয়োগে সহযোগিতা ও উৎসাহ দানের মাধ্যমে দেশে অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করা, ২. রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা সম্প্রসারণের মাধ্যমে বাংলাদেশের মোট রপ্তানির পরিমাণ বৃদ্ধি করে বৈদেশিক মুদ্রা অর্জনের উৎস সৃষ্টি করা, ৩. রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় শিল্প কারখানা, বাণিজ্যিক ও সেবামূলক প্রতিষ্ঠান স্থাপনে যাবতীয় সহযোগিতা ও উৎসাহ দানের মাধ্যমে বাংলাদেশের অর্থনৈতিক ভিত্তিকে শক্তিশালী করা এবং ৪. রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা সম্প্রসারণের মাধ্যমে দেশে উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা ও আধুনিক উন্নততর প্রযুক্তিগত জ্ঞান আহরণের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি ও ব্যবস্থাপনা খাতে দক্ষতা আনয়ন করা। বেপজা-এর ২০২০-২১ অর্থবছরের সংশোধিত ও ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	সাময়িক ২০১৯-২০
<b>আয়</b>					
০১.	ইউনিটসমূহ হ'তে লেভি সংগ্রহ	০.০০	০.০০	০.০০	০.০০
০২.	সরকারি অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
০৩.	সেবার জন্য প্রাপ্য ফি	১৭৩৬৩.১৭	১৬৩৪০.০৫	১৮৪২০.০০	১৫৯২৮.৭৯
০৪.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য সুদ ও ভাড়া	৩০৭১৯.১৩	২৯৯৮২.৫০	২৯৩৭৩.০০	৩৪৮২৬.২৯
০৫.	অন্যান্য	১৮৯০.৪২	১৪৭৫.০০	১৪৭৫.০০	৫৬২৩.১২
<b>০৬.</b>	<b>মোট আয় (১+ . . . +৫)</b>	<b>৪৯৯৭২.৭২</b>	<b>৪৭৭৯৭.৫৫</b>	<b>৪৯২৬৮.০০</b>	<b>৫৬৩৭৮.২০</b>
<b>ব্যয়</b>					
০৭.	বেতন ও ভাতাদি	১০৫৫১.০০	৯৪৯০.০০	১০২৮৫.০০	৮২৬৩.৯৪
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	৩১৪৭.২৫	৬৫৮৯.৮০	২৯৪৮.০০	২০৮৩.৫৪
০৯.	অন্যান্য	২৮৩৯০.২৮	২৬৪২১.৭৪	২৬৭৭৯.৪১	১৯৯৫৬.১০
<b>১০.</b>	<b>মোট ব্যয় (৭+ . . . +৯)</b>	<b>৪২০৮৮.৫৩</b>	<b>৪২৫০১.৫৪</b>	<b>৪০০১২.৪১</b>	<b>৩০৩০৩.৫৮</b>
<b>১১.</b>	<b>ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি): (৬-১০)</b>	<b>৭৮৮৪.১৯</b>	<b>৫২৯৬.০১</b>	<b>৯২৫৫.৫৯</b>	<b>২৬০৭৪.৬২</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ√	২০০০.০০	২০০০.০০	২০০০.০০	২০০০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	৯৫০০.০০	৯৫০০.০০	৭০০০.০০	৯০০৭.৪২
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ)	২৩৭০.৩৫	২৩৮৬.০০	২৩৮৬.০০	২৪৯০.৩৬
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৪৭৬৪৬.১৮	২৩৮৩২.৭৫	৫৭৭১৪.৬৮	৬৫৮৫.৩৪
১৬.	মোট সম্পদ	৩১৯৪১১.৫১	৩২৩৩৯৭.৬৭	৩০৪২৫৩.৮০	৩২৯৯৮৭.৬৬
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	১৯ : ৮১	২২ : ৭৮	১৬ : ৮৪	২৫ : ৭৫
১৮.	মোট জনবল (সংখ্যা)	২৭৭৭	১৬৪৬	১৭৮১	২৪৭৫

২০১৯-২০ অর্থবছরে বেপজা'র মোট ৫৬৩৭৮.২০ লক্ষ টাকার আয়ের বিপরীতে মোট ব্যয় হয় ৩০৩০৩.৫৮ লক্ষ টাকা। ফলে সংস্থার ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ দাঁড়ায় ২৬০৭৪.৬২ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয় যথাক্রমে ৪৭৭৯৭.৫৫ লক্ষ ও ৪৯৯৭২.৭২ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হয় যথাক্রমে ৪২৫০১.৫৪ লক্ষ ও ৪২০৮৮.৫৩ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৫২৯৬.০১ লক্ষ ও ৭৮৮৪.১৯ লক্ষ টাকা।

২০১৯-২০ অর্থবছরে বেপজা লভ্যাংশ হিসেবে ২০০০.০০ লক্ষ টাকাসহ বিভিন্ন খাতে মোট ৯০০৭.৪২ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে বেপজা লভ্যাংশ হিসেবে ২০০০.০০ লক্ষ টাকা করে জমা প্রদান করবে। উক্ত সময়ে বেপজা মোট ৯৫০০.০০ লক্ষ টাকা করে সরকারি কোষাগারে জমা প্রদান করবে। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৩২৯৯৮৭.৬৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ২৫:৭৫। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৩২৩৩৯৭.৬৭ লক্ষ ও ৩১৯৪১১.৫১ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ২২:৭৮ ও ১৯:৮১। অপরদিকে ২০১৯-২০ অর্থবছরে কর্মরত জনবল ছিল ২৪৭৫ জন। ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার জনবল দাঁড়াবে যথাক্রমে ১৬৪৬ জন ও ২৭৭৭ জন।

**বাংলাদেশ পল্লি বিদ্যুতায়ন বোর্ড**  
**প্রধান কার্যালয়**

নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করার উদ্দেশ্যে কৃষি বিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে শিল্পের সম্প্রসারণ, শিক্ষা, যোগাযোগ-ব্যবস্থা, জনস্বাস্থ্যের উন্নয়ন, এবং পল্লীর জনগনের দোরগোড়ায় বিদ্যুৎ সুবিধা পৌঁছানোর লক্ষ্যে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে ১৯৭৭ সালের রাষ্ট্রপতির ৫১ নং অধ্যাদেশ বলে পল্লী বিদ্যুতায়ন বোর্ড (পবিবোর্ড) প্রতিষ্ঠিত হয়। ১৯৭৭ সালে পবিবোর্ড প্রতিষ্ঠার পর “না লাভ না লোকসান” নীতির উপর ভিত্তি করে পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) গঠিত হয়। দেশের গ্রামীণ জনপদে ‘পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম’ পরিচালনা করাই বাপবি বোর্ড এর মুখ্য উদ্দেশ্য। ১৯৭৮ সালে পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম শুরুর পর হতে বাপবিবোর্ড পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ গঠনসহ, সমিতিসমূহের ভৌত অবকাঠামো নির্মাণের জন্য প্রয়োজনীয় তহবিলের সংস্থান এবং বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্ক নির্মাণ ও পরিচালনে সমিতিসমূহকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে আসছে। উল্লেখ্য, বর্তমানে ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি সারা দেশের গ্রামাঞ্চলে বিদ্যুৎ সুবিধা প্রদান করে আসছে। বাংলাদেশ পল্লি বিদ্যুতায়ন বোর্ড-এর প্রধান কার্যালয়ের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

**বাজেট-সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	প্রকৃত ২০১৯-২০
০১.	<b>আয়</b>				
০২..	ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি	০.০০	০.০০	০.০০	০.০০
০৩.	সরকারি অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
০৪.	সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	০.০০
০৫.	ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ	৯৫৬৯৫.১১	৮১৭২২.৭৭	৯৫৮৯৪.০০	৬৯৮৩৫.৯৫
০৬.	অন্যান্য	১২৬৭৫.০০	১২৬৮০.০০	১৬৪৪০.০০	১৬০৩৩.৩৩
	<b>মোট আয় (০১+...+০৫)</b>	<b>১০৮৩৭০.১১</b>	<b>৯৪৪০২.৭৭</b>	<b>১১২৩৩৪.০০</b>	<b>৮৫৮৬৯.২৮</b>
	<b>ব্যয়</b>				
০৭.	বেতন ও ভাতাদি	১০২০৪.০০	৮৫০৭.০০	৯৪৮৭.০০	৭৮১৮.০৮
০৮.	কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন	৫০১০.০০	৫,০১০.০০	৫০১০.০০	৫০১০.০০
০৯.	অন্যান্য ব্যয়	২১২৪৮.০০	২২৬৩৮.৫০	১৭৫৫৫.৭৭	৬১৬৭৭.৭৭
১০.	<b>মোট ব্যয় (০৭+...+০৯)</b>	<b>৩৬৪৬২.০০</b>	<b>৩৬১৫৫.৫০</b>	<b>৩২০৫২.৭৭</b>	<b>৭৪৫০৫.৮৫</b>
১১.	<b>ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি): (০৬--১০)</b>	<b>৭১৯০৮.১১</b>	<b>৫৮২৪৭.২৭</b>	<b>৮০২৮১.২৩</b>	<b>১১৩৬৩.৪৩</b>
১২.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ√	৩০০.০০	৩০০.০০	৩০০.০০	৫০০০০.০০
১৩.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান	৬২১৫৫.৮৫	৫৫১৭১.৫০	৫১৭১১.৭৫	১৩১৫৭০.০৬
১৪.	দীর্ঘমেয়াদি ঋণ (ডি এস এল সহ)	২৩৫২০.৮০	২৩৫৭৩.৬৮	২৩৫৬৮.১২	১৯৭৫৩.১৪
১৫.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৭০৩৪৮০.০০	৬৩১০০৪.৫২	৭৩১৫৮৪.৯৫	৬৮১৪.৬৯
১৬.	মোট সম্পদ	১০৩৪৬৪৩৭.৩৪	৮০৫৫৬৭২.৩০	৯৭৭২১৯০.২৫	৫৮৮৮৪৪০.৭৯
১৭.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio)	৩৮:৬২	৩২:৬৮	৪১:৫৯	২২:৭৮
১৮.	মোট জনবল ( সংখ্যা)	১৫৮২	১৫৮২	১৬৮৫	১১৮৯

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৯৪৪০২.৭৭ লক্ষ ও ১০৮৩৭০.১১ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৬১৫৫.৫০ লক্ষ ও ৩৬৪৬২.০০ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ৫৮২৪৭.২৭ লক্ষ ও ৭১৯০৮.১১ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ৮৫৮৬৯.২৮ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৭৪৫০৫.৮৫ লক্ষ টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ১১৩৬৩.৪৩ লক্ষ টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক ৩০০.০০ লক্ষ টাকা লভ্যাংশসহ সরকারি কোষাগারে জমা প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫৫১৭১.৫০ লক্ষ এবং ৬২১৫৫.৮৫ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থা ৫০০০০.০০ লক্ষ টাকা ব্যয় উদ্বৃত্ত আয় সহ সরকারি কোষাগারে ১৩১৫৭০.০৬ লক্ষ টাকা জমা প্রদান করে। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৫৮৮৮৪৪০.৭৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল (Debt Equity Ratio) ২২:৭৮। ২০২০-২১ সংশোধিত বাজেটে ও ২০২১-২২ প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৮০৫৫৬৭২.৩০ লক্ষ টাকা এবং ১০৩৪৬৪৩৭.৩৪ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে যথাক্রমে ৩২:৬৮ এবং ৩৮:৬২। ২০১৯-২০ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ১১৮৯ জন। ২০২০-২১ এবং ২০২১-২২ উভয় অর্থবছরে বাংলাদেশ পল্লি বিদ্যুতায়ন বোর্ড-এর জনবলের সংখ্যা দাঁড়াবে ১৫৮২ জন।

**বাংলাদেশ পল্লি বিদ্যুতায়ন বোর্ড (পল্লি বিদ্যুৎ সমিতি)**  
**ইউনিটসমূহ**

২০১৯-২০ অর্থবছরের হিসাব অনুযায়ী পল্লি বিদ্যুতায়ন বোর্ডের অধীনে ঐ সময় পর্যন্ত মোট ৮০ টি সমিতি বিদ্যুতায়ন ও ৮০ টি সমিতি সংগঠিত করা হয়েছে। ২০১৯-২০ সংশোধিত অর্থবছরের বাজেটে এবং ২০২০-২১ অর্থবছরের বাজেটে কোন নতুন সমিতি বিদ্যুতায়ন বা সংগঠিত করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি। বাংলাদেশ পল্লি বিদ্যুতায়ন বোর্ড-এর ইউনিটসমূহের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

**বাজেট-সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত বাজেট ২০২০-২১	অনুমোদিত বাজেট ২০২০-২১	প্রকৃত ২০১৯-২০
০১.	<b>আয়</b> বিক্রয় রাজস্ব	৩২৩৬২৫১.০০	২৯২৭৯৪৯.০০	২৯০৩৬৬৩.৩৭	২২৮৯৩৩৭.০০
০২.	<b>ব্যয়</b> উৎপাদন ব্যয়	৩১৩৬৭৪১.০০	২৮৩৭৯২৬.০০	২৭৭৪৬২৬.৭৪	২২৬২৮৪০.০০
০৩.	অন্যান্য পরিচালন ব্যয়	৬৯৮৮৬.০০	৬৬০৪৬.০০	৬১৩০৭.২৫	৫৪,৭০৯.০০
০৪.	<b>মোট ব্যয় (২+৩)</b>	<b>৩২০৬৬২৭.০০</b>	<b>২৯০৩৯৭২.০০</b>	<b>২৮৩৫৯৩৩.৯৯</b>	<b>২৩১৭৫৪৯.০০</b>
০৫.	<b>পরিচালন মুনাফা/ (লোকসান) (১-৪)</b>	<b>২৯৬২৪.০০</b>	<b>২৩৯৭৭.০০</b>	<b>৬৭৭২৯.৩৮</b>	<b>-২৮২১২.০০</b>
০৬.	অ-পরিচালন আয়	৬৬২৯৬.০০	৬৪১৯২.০০	৫৪৩৩০.২৭	৫৯৯৮৯.০০
০৭.	অপরিচালন ব্যয়	৭৭৩৯১.০০	৭৫৩৮৮.০০	৭৬০৫৯.৩৯	৬৪৯৩৬.০০
০৮.	আয়কর	০.০০	০.০০	০.০০	০.০০
০৯.	<b>নীট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)</b>	<b>১৮৫২৯.০০</b>	<b>১২৭৮১.০০</b>	<b>৪৬০০০.২৬</b>	<b>-৩৩১৫৯.০০</b>
১০.	সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১১.	সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট	১৭০৬২৯.০০	১৫৫০০২.০০	১৫৩৪৬৫.৩২	১২০৭৩৫.০০
১২.	দীর্ঘমেয়াদি ঋণ (ডি এস এল সহ)	১৩৮৬৭১.০০	১২৬০৬৪.০০	৭২৫৯৩.০০	১১৪৬০৪.০০
১৩.	স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	৩৫০০০০.০০	৩৫০০০০.০০	৪১৮৫৮৯.১০	১৯৪৩৪৯.০০
১৪.	মোট সম্পদ	৮৬২৫৫৩১.৯৭	৭৭১৭৬২৩.৭০	৯০৫২৮৩৪.৪৫	৬৯০১৫০৬.০০
১৫.	ঋণ মূলধন অনুপাত (Debt Equity)	৯৮:০২	৯৮:০২	৯৭:০৩	৯৮:০২
১৬.	মোট জনবল ( সংখ্যা)	৪০৩৬৮	৩৯৬৪৩	৩৮১৪৩	৩৪৯৬৩

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট পরিচালন রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৯২৭৯৪৯.০০ লক্ষ ও ৩২৩৬২৫১.০০ লক্ষ টাকা এবং তার বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৯০৩৯৭২.০০ লক্ষ ও ৩২০৬৬২৭.০০ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী পরিচালন পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ২৩৯৭৭.০০ লক্ষ ও ২৯৬২৪.০০ লক্ষ টাকা এবং কর উত্তর নীট মুনাফা দাঁড়াবে যথাক্রমে ১২৭৮১.০০ লক্ষ ও ১৮৫২৯.০০ লক্ষ টাকা। ২০১৯-২০ অর্থবছরে সংস্থার ২২৮৯৩৩৭.০০ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২৩১৭৫৪৯.০০ লক্ষ টাকা এবং পরিচালন লোকসানের পরিমাণ ছিল ২৮২১২.০০ লক্ষ টাকা এবং নীট ক্ষতির পরিমাণ ছিল ৩৩১৫৯.০০ লক্ষ টাকা।

